দাওয়াহ ইলাল্লাহ ফোরামের নির্বাচিত পোস্ট সমগ্র

২০১৮ ঈসায়ী

শরীয়তের আহকাম আর্কাইভ-২০১৮

দাওয়াহ ইলাল্লাহ ফোরামের

নির্বাচিত পোস্ট সমগ্র

২০১৮ ঈসায়ী

সূচিপত্র

মুসলিম খলিফার অপসারণের বিধান!..... ৫

মুসলিম গণহত্যা: জিহাদ ত্যাগের ভয়াবহ পরিণতি! ৯

জনসাধারণের উপর সকল মাসআলায় নির্দিষ্ট এক মাযহাবের তাকলীদ আবশ্যক হওয়ার ব্যাপারে একটি সংশয়! ২৪

ইসলামে দণ্ডবিধি (হদ-তা'যির)- ০১ ..... ৩০

ইসলামে দণ্ডবিধি (হদ-তা'যির)- ০২ ..... ৩৩

ইসলামে দণ্ডবিধি (হদ-তা'যির)- ০৩..... ৩৭

ইসলামে দণ্ডবিধি (হদ-তা'যির)- ০৪ .....৪১

অঙ্গবিকৃতি (المثلة) কখন অবৈধ? ৪৫

সাহাবায়ে কিরাম রা:ই আমাদের আদর্শ.....৪৭

ইসলামে দণ্ডবিধি (হদ-তা'যির)- ০৭: এক. বয়কট ও বর্জন ৫১

সংশয় নিরসনঃ শরয়ী দন্ডবীধি বাস্তবায়নের দায়িত্ব কি শুধু শাসকের?..... ৫৬

ইলম ও জিহাদ ৫৮

জিহাদ ও অন্যান্য ফরযের সমন্বয় সাধনই মধ্যম পন্থা ৭৩

ইসলামে দণ্ডবিধি (হদ-তা'যির)- ০৮: দুই নির্বাসন..... ৮১

জিহাদ-কিতাল: কাকে বলে ও কত প্রকার; এক ভাইয়ের প্রশ্নের উত্তর ৮৫

ইসলামে দণ্ডবিধি (হদ-তা'যির); ০৯- তিন-চার. বন্দী ও প্রহার ৯২

দল করা সম্পর্কে সৌদি উলামা পরিষদের ফতুয়া ৯৬

ইসলামের দৃষ্টিতে গণতন্ত্র ৯৯

ইসলামপন্থী গণতান্ত্রিকদের উদ্দেশ্য, কিছু সংশয় এবং তার নিরসন! ১০৬

আত্মঘাতী হামলা কি বৈধ? ১১৪

দারুল ইসলাম এবং দারুল হারব ১১৮
প্রসঙ্গঃ দারুল আমান ১৪৮
তাকফীরের ক্ষেত্রে প্রচলিত ভুলসমূহ ১৬৯
ইসলাম ও গণতন্ত্রের মধ্যে পার্থক্য ১৭৪
তাকফীরের ক্ষেত্রে প্রচলিত ভুলসমূহ - ২য় পর্ব ১৭৬
ইসলামে দণ্ডবিধি (হদ-তা'যির); ১০; পাঁচ. হত্যা ১৮০
ব্যক্তি দেখে 'হক' চেনা যায় না ১৮৪
অজ্ঞাত আমীরের হাতে বাইয়াত: ইমামের পরিচয় কতটুকু জরুরী? ১৮৬
যেসব কারণে একজন মুসলমান হত্যার উপযুক্ত হয়ে পড়ে- ১৯ ..... ১৯৫
জিহাদ সংক্রান্ত কয়েকটি প্রশ্নের উত্তর যা এক ভাই জানতে চেয়েছেন ২০২
আল্লাহর আইনের বিপরীত বিচার করা : ইসলাম কী বলে? ২১২
দারুল হরবে জুমআ ২১৭

মুসলিম খলিফার অপসারণের বিধান!

ইলম ও জিহাদ

Senior Member

০১-০৪-২০১৮

এক ভাই প্রশ্ন করেছেন, যার খোলাসা:

(মুসলিম খলিফা বা আমীর যদি এমন কোন সিদ্ধান্ত নেন, যা উম্মাহর জন্য ক্ষতি বয়ে আনবে, ফিতনার রাস্তা খুলে দেবে- তাহলে আহলে হল ওয়াল আকদ ও ক্ষমতাশীল নেতৃবৃন্দ তাকে অপসারণ করতে পারবেন কি'না?)

ভাইয়ের প্রশ্নের উত্তর প্রদানকল্পেই আমার এ লেখা।

প্রথমে এখানে কয়েকটি মূলনীতি বুঝে নেয়া চাই-

- আনুগত্য একমাত্র আল্লাহ ও তাঁর রাসূলের। আল্লাহ ও তাঁর রাসূলের আদেশের বিপরীতে কারোও আনুগত্য বৈধ নয়। কাজেই ইমাম যদি এমন কোন কাজের আদেশ দেন, যা শরীয়ত বিরোধি- তাহলে তা মান্য করা জায়েয হবে না, বরং শরীয়তের আদেশের উপরই অটল অবিচল থাকতে হবে।

- ইমাম নিয়োগ দেয়া হয় উম্মাহর দ্বীনি ও দুনিয়াবি মাসলাহাত দেখাশুনার জন্য। কাজেই ইমামের দ্বারা যদি মুসলিম উম্মাহর দ্বীন ও দুনিয়ার মাসলাহাত অর্জন ও সংরক্ষিত হওয়ার পরিবর্তে বরং তা নষ্ট হয়, তাহলে সেই ইমাম আর ইমামের আসনে থাকার যোগ্য থাকে না।

উম্মাহর মাসলাহাত নষ্ট হতে পারে কয়েক কারণে-

ইমামের ফিসক ও জুলুমের কারণে।

ইমামের অযোগ্যতা ও অদূরদর্শিতার কারণে (যদিও ইমাম পরহেযগার ও মুত্তাকী ব্যক্তি হয়।)

ইমামের অক্ষমতা ও ক্ষমতাহীনতার কারণে (যদিও ইমাম পরহেযগার ও মুত্তাকী ব্যক্তি হয়।)

এ সকল ক্ষেত্রেই ইমাম আর ইমামতের আসনে থাকার যোগ্য থাকে না, বরং বরখাস্ত করার করার উপযুক্ত হয়ে পড়ে।

- বরখাস্তের উপযুক্ত হয়ে পড়া আর তার বিরোদ্ধে স্বশস্ত্র বিদ্রোহ করে তাকে বরখাস্ত করে ফেলা এক জিনিস নয়। বরখাস্তের উপযুক্ত হয়ে পড়ার অর্থ- তিনি এখনও মুসলমানদের ইমাম হিসেবেই বহাল আছেন, তবে মুসলমানদের উচিৎ হল তাকে বরখাস্ত করে যোগ্য ইমাম নিয়োগ দেয়া।

- ইমাম যত দিন ইমাম হিসেবে বহাল আছেন (যদিও ফাসেক ও জালেম হয়; কাফের, মুরতাদ বা তাগুত না হয়) তত দিন তার জন্য দোয়া করতে হবে। শরীয়তসম্মত সকল কাজে তাকে সহযোগিতা করতে হবে। (তবে শরীয়ত বিরোধি কোন কাজে তাকে সহযোগিতা করা যাবে না, তার শরীয়ত বিরোধি কোন আদেশ পালন করা যাবে না।) তাকে সুপরামর্শ দিতে হবে। আমর বিল মা'রূফ ও নাহি আনিল মুনকারের মাধ্যমে তাকে সংশোধনের চেষ্টা করতে হবে।

- প্রজাসাধারণের উপর জুলুম করলেও খলিফার বিরুদ্ধে বিদ্রোহ না করে বরং জুলুম অত্যাচার সহ্য করে যাওয়ার প্রতি হাদিসে তা'কিদ ও উৎসাহ এসেছে। তবে তা তত দিন, যত দিন তিনি শরীয়ত কায়েম রাখেন; শরীয়তের বুনিয়াদি ও মৌলিক বিধানে কোন পরিবর্তন না আনেন।

- ক্ষমতাধর কোন জালেম ও ফাসেক মুসলিম ইমামকে বরখাস্ত করতে গেলে রক্তপাত অবধারিত। ইসলাম যথাসম্ভব মুসলমানদের পারস্পরিক রক্তপাত এড়িয়ে যাওয়ার উৎসাহ দেয়।

- যেখানে লাভ-ক্ষতি উভয়টারই সম্ভবনা আছে, ইসলাম সেখানে লাভ যেটাতে তুলনামূলক বেশি সেটা করার আদেশ দেয়, অপরটা বর্জন করার আদেশ দেয়।

উপরোক্ত বিষয়গুলো বুঝার পর এবার আসুন প্রশ্নের জওয়াবে-

ইমাম যদি এমন কোন কাজের আদেশ দেন যা শরীয়তে নিষিদ্ধ, কিংবা এমন কোন পদক্ষেপ গ্রহণ করেন, যা মুসলিম উম্মাহর জন্য নিশ্চিত ক্ষতিকর- তাহলে মুসলমানদের প্রথম কাজ হল- দলীল প্রমাণ দিয়ে ইমামকে বুঝানো যে, উক্ত কাজ শরীয়তে নিষিদ্ধ কিংবা উম্মাহর জন্য ক্ষতিকর। বুঝানোও পর যদি ইমাম তার আদেশ ও সিদ্ধান্ত ফিরিয়ে নেন, তাহলে তো আলহামদু লিল্লাহ। কিন্তু দলীল প্রমাণ

দিয়ে স্পষ্টরূপে বুঝানোও পরও যদি তিনি তার সিদ্ধানে অটল থাকেন কিংবা জোরপূর্বক উম্মাহকে উক্ত নাজায়েয ও ক্ষতিকর কাজে লিপ্ত হতে বাধ্য করেন, তাহলে উক্ত ইমাম বরখাস্তের উপযুক্ত হয়ে পড়েছে (তবে এখনও বরখাস্ত হননি।) এমতাবস্থায় মুসলমানদের করণীয় হল-

প্রথমত: উক্ত নাজায়েয ও ক্ষতিকর কাজে লিপ্ত হওয়া থেকে বিরত থাকা। ইমামকে এ কাজে কোন ধরণের সহায়তা না করা।

দ্বিতীয়ত: যদি রক্তপাত ছাড়াই তাকে বরখাস্ত করে যোগ্য ইমাম নিয়োগ দেয়া যায়, তাহলে বরখাস্ত করে যোগ্য ইমাম নিয়োগ দেয়া।

তৃতীয়ত: যদি রক্তপাত ছাড়া বরখাস্ত করা সম্ভব না হয়, তাহলে দেখতে হবে- তাকে বরখাস্ত করাতে মাসলাহাত বেশি, না'কি তাকে বহাল রেখে তার জুলুম অত্যাচার সহ্য করে যাওয়াতে মাসলাহাত বেশি। যদি বরখাস্তের মধ্যে মাসলাহাত বেশি হয়, তাহলে তাকে বরখাস্ত করা হবে। পক্ষান্তরে যদি বরখাস্ত করতে গেলে আরোও বেশি ফেতনা ফাসাদের সম্মুখিন হওয়ার আশঙ্খা থাকে তাহলে তার বিরুদ্ধে বিদ্রোহ না করা, বরং জুলুম অত্যাচার সহ্য করে যাওয়া। যথাসম্ভব আমর বিল মারূফ ও নাহি আনিল মুনকারের মাধ্যমে সমাজ ও খলিফাকে সংশোধনের প্রচেষ্টা অব্যাহত রাখা।

বি.দ্র-১:

মুসলিম উম্মাহর ইতিহাস স্বাক্ষী- এ পর্যন্ত যত জালেম মুসলিম শাসককে অপসারণ করতে বিদ্রোহ করা হয়েছে, সবগুলোতেই লাভের বদলে ক্ষতি হয়েছে। তাই আহলে হল ওয়াল আকদকে বিষয়টি অত্যন্ত দূরদর্শিতার সাথে বিবেচনা করে দেখতে হবে। যদি বিদ্রোহের মধ্যে লাভটা নিশ্চিত না হয়, তাহলে বিদ্রোহ না করা চাই। তবে ইতিহাসের আলোকে বলা যায়- সাধারণত এসব ক্ষেত্রে বিদ্রোহের দ্বারা ফায়েদা হবে না। তাই বিদ্রোহ না করে অন্য উপায়ে (যেমন- মজলিসে শূরার মাধ্যমে) বরখাস্ত করার চেষ্টা করা উচিৎ। যদি বরখাস্ত সম্ভব না হয়, তাহলে ইসলাহের চেষ্টা করে যাওয়া উচিৎ। এতেই ইনশাআল্লাহ মাসলাহাত।

বি.দ্র-২:

উপরোক্ত বিধান মুসলিম খলিফার ব্যাপারে। পক্ষান্তরে খলিফা যদি মুরতাদ হয়ে যায় (যেমন- বর্তমান শাসকগোষ্ঠী) তাহলে উক্ত বিধান নয়। বরং মুরতাদ হওয়ার

সাথে সাথে সে স্বয়ংক্রিয়ভাবে অপসারিত হয়ে যাবে। তাকে আর ক্ষমতায় বহাল রাখা যাবে না। যতই রক্তপাত হোক, তাকে সরিয়ে ফেলতে হবে। তবে তার বিরুদ্ধে বিদ্রোহ কখন, কিভাবে করা হবে- সেটা উম্মাহর বিশিষ্ট ব্যক্তিগণ ভেবে দেখবেন। তাদের নির্দেশনা অনুযায়ী তখন কাজ করে যেতে হবে। ওয়াল্লাহু সুবহানাহু ওয়া তাআলা আ'লাম!

[যদি আমার লেখায় কোন ভুল হয়ে থাকে, তাহলে কোন ভাই শুধরিয়ে দিলে আমি বড়ই কৃতজ্ঞ থাকবো।]

পোস্ট লিংক : https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?৮৬২৪

মুসলিম গণহত্যা: জিহাদ ত্যাগের ভয়াবহ পরিণতি!

ইলম ও জিহাদ

Senior Member

১২-২৬-২০১৭

কয়েক দিন পূর্বে এক ভাই (গণহত্যা) শিরোনামে একটা পোস্ট দিয়েছেন। তাতে তিনি কয়েকটা আয়াত ও হাদিস এনে দেখাতে চেষ্টা করেছেন- আরাকান, কাশ্মির সহ অন্যান্য মুসলিম ভূখণ্ডে চলমান গণহত্যার মূল কারণ- জিহাদ ছেড়ে দেয়া। আমরাও যদি জিহাদ ছেড়ে বসে থাকি, তাহলে আমাদের উপরও এই গণহত্যা আপতিত হওয়ার আশঙ্কা আছে।

আরেক ভাই এ লেখাটাকে একটু তাহকীক ও পরিমার্জন করে দেয়ার আবেদন জানিয়েছিলেন। এর ভিত্তিতেই আমার এ লেখা। মূল কথা ভাইয়ের লেখায় এসে গেছে। আমি আরেকটু তাহকীকের সাথে বিষয়টা ফুটিয়ে তোলার চেষ্টা করেছি। আল্লাহ তাআলা সবাইকে কবুল করুন।

কোরআন ও হাদিসে সুস্পষ্ট বিধৃত হয়েছে যে, জিহাদ ছেড়ে দিলে মুসলমানদের উপর আযাব-গজব, শাস্তি-অপমান আর লাঞ্ছনা নেমে আসবে। আখেরাতের আযাব তো আছেই, দুনিয়াতেই তাদের উপর এগুলো আপতিত হবে। তাদের শত্রুরা তাদের উপর বিজয়ী হয়ে যাবে। আর কাফেররা যদি কখনো মুসলমানদের বাগে পায়, তাহলে তাদের উপর নির্মম অত্যাচার চালাবে। তাদেরকে অপদস্ত, অপমানিত ও লাঞ্ছিত করবে।

আল্লাহ তাআলা ইরশাদ করেন-

كَيْفَ وَإِنْ يَظْهَرُوا عَلَيْكُمْ لَا يَرْقُبُوا فِيكُمْ إِلًّا وَلَا ذِمَّةً يُرْضُونَكُمْ بِأَفْوَاهِهِمْ وَتَأْبَى قُلُوبُهُمْ وَأَكْثَرُهُمْ فَاسِقُونَ (8) اشْتَرَوْا بِآيَاتِ اللَّهِ ثَمَنًا قَلِيلًا فَصَدُّوا عَنْ سَبِيلِهِ إِنَّهُمْ سَاءَ مَا كَانُوا يَعْمَلُونَ (9) لَا يَرْقُبُونَ فِي مُؤْمِنٍ إِلًّا وَلَا ذِمَّةً وَأُولَئِكَ هُمُ الْمُعْتَدُونَ (10)

“কিভাবে (তোমরা তাদের বিশ্বাস করবে)? এরা যদি কখনো তোমাদের উপর জয় লাভ করতে পারে, তাহলে তারা (যেমনি) আত্মীয়তার বন্ধনের তোয়াক্কা করবে

না, (তেমনি) চুক্তির মর্যাদাও তারা দেবে না। তারা (শুধু) মুখ দিয়ে তোমাদের খুশি রাখার চেষ্টা করে, কিন্তু তাদের অন্তরগুলো সেসব কথা (কিছুতেই) মেনে নেয় না। মূলত এদের অধিকাংশ ব্যক্তিই অবাধ্য। এরা আল্লাহ তাআলার আয়াতসমূহ সামান্য (বৈষয়িক) মূল্যের বিনিময়ে বিক্রি করে দিয়েছে এবং মানুষকে তাঁর পথ থেকে দূরে রেখেছে। তারা যা করছে, নিশ্চয়ই তা বড় জঘন্য কাজ। (কোনো) ঈমানদার লোকের ব্যাপারে এরা (যেমন) আত্মীয়তার ধার ধারে না, (তেমনি) কোন অঙ্গীকারের মর্যাদাও এরা রক্ষা করে না। মূলত এরাই সীমালঙ্ঘনকারী।" (তাওবা: ৮-১০)

অন্যত্র ইরশাদ করেন-

{إِنْ يَثْقَفُوكُمْ يَكُونُوا لَكُمْ أَعْدَاءً وَيَبْسُطُوا إِلَيْكُمْ أَيْدِيَهُمْ وَأَلْسِنَتَهُمْ بِالسُّوءِ وَوَدُّوا لَوْ تَكْفُرُونَ}

"(তাদের চরিত্র হচ্ছে এই যে) যদি এরা তোমাদের কাবু করতে পারে, তাহলে এরা তোমাদের মারাত্মক শত্রুতে পরিণত হবে। (শুধু তাই নয়) নিজেদের হাত ও কথা দিয়ে তোমাদের তোমাদের অনিষ্ট সাধন করবে। (আসলে) এরা এটাই চায় যে, তোমরাও তাদের মতো কাফের হয়ে যাও।" (মুমতাহিনা: ২)

এ ছাড়াও আরো অনেক আয়াতে আল্লাহ তাআলা কাফেরদের এ হীন চরিত্রের ব্যাপারে সতর্ক করেছেন।

এই সীমালঙ্ঘনকারী, অবাধ্য, পাপাচারি ও হীন চরিত্রের কাফেরদের দমানোর জন্য আল্লাহ তাআলা মুসলমানদের উপর জিহাদ ফরয করেছেন। আল্লাহ তাআলা ইরশাদ করেন-

{وَقَاتِلُوهُمْ حَتَّى لَا تَكُونَ فِتْنَةٌ وَيَكُونَ الدِّينُ كُلُّه لِلّهِ}

"আর তোমরা তাদের বিরুদ্ধে কিতাল কর, যতক্ষণ না ফিতনার অবসান হয় এবং দ্বীন-আনুগত্য পূর্ণরূপে আল্লাহর জন্য হয়ে যায়।" (আনফাল: ৩৯)

{فَإِذَا انْسَلَخَ الْأَشْهُرُ الْحُرُمُ فَاقْتُلُوا الْمُشْرِكِينَ حَيْثُ وَجَدْتُمُوهُمْ وَخُذُوهُمْ وَاحْصُرُوهُمْ وَ اقْعُدُوا لَهُمْ كُلَّ مَرْصَدٍ فَإِنْ تَابُوا وَ أَقَامُوا الصَّلَاةَ وَ آتَوُا الزَّكَاةَ فَخَلُّوا سَبِيلَهُمْ إِنَّ اللَّهَ غَفُورٌرَحِيمٌ}

"অত:পর যখন নিষিদ্ধ মাসগুলো অতিবাহিত হয়ে যাবে, তখন তোমরা মুশরিকদেরকে যেখানেই পাও হত্যা করা এবং তাদেরকে পাকড়াও কর, তাদেরকে অবরোধ কর এবং তাদের জন্য প্রতিটি ঘাঁটিতে বসে থাক। তবে তারা যদি তাওবা করে – মুসলমান হয়ে যায় – এবং সালাত কায়েম করে, যাকাত দেয়: তাহলে তাদের পথ ছেড়ে দাও। নিশ্চয় আল্লাহ বড়ই ক্ষমাশীল, পরম দয়ালু।" (তাওবা: ৫)

{قَاتِلُوا الَّذِينَ لَا يُؤْمِنُونَ بِاللَّهِ وَلَا بِالْيَوْمِ الْآخِرِ وَلَا يُحَرِّمُونَ مَا حَرَّمَ اللَّهُ وَرَسُولُهُ وَلَا يَدِينُونَ دِينَ الْحَقِّ مِنَ الَّذِينَ أُوتُوا الْكِتَابَ حَتَّى يُعْطُوا الْجِزْيَةَ عَنْ يَدٍ وَهُمْ صَاغِرُونَ}

"তোমরা কিতাল কর আহলে কিতাবের সেসব লোকের সাথে যারা আল্লাহ ও শেষ দিবসের উপর ঈমান রাখে না, আল্লাহ ও তার রাসূল যা হারাম করেছেন তা হারাম করে না এবং সত্য দ্বীন গ্রহণ করে না, যতক্ষণ না তারা নত হয়ে স্বহস্তে জিযিয়া প্রদান করে।" (তাওবা: ২৯)

এখন যদি মুসলমানরা আল্লাহর আদেশের মূল্য না দিয়ে জিহাদ ছেড়ে দুনিয়ার সুখ-শান্তি আর আরাম-আয়েশে লিপ্ত হয়, তাহলেই দেখা দেবে বিপত্তি। তাদের দুশমনরা তাদের উপর চেপে বসবে। তাদের উপর নির্মম নির্যাতন চালাবে। তাদেরকে অপদস্থ ও লাঞ্ছিত করবে। তাদেরকে ব্যাপকভাবে হত্যা করবে। এ ব্যাপারে অনেক আয়াত ও হাদিসে সতর্কবাণী এসেছে। এখানে আমি কয়েকটা আয়াত ও হাদিস উল্লেখ করছি:

আয়াত

আয়াত-১:

{يَاأَيُّهَا الَّذِينَ آمَنُوا مَا لَكُمْ إِذَا قِيلَ لَكُمُ انْفِرُوا فِي سَبِيلِ اللَّهِ اثَّاقَلْتُمْ إِلَى الْأَرْضِ أَرَضِيتُمْ بِالْحَيَاةِ الدُّنْيَا مِنَ الْآخِرَةِ فَمَا مَتَاعُ الْحَيَاةِ الدُّنْيَا فِي الْآخِرَةِ إِلَّا قَلِيلٌ. إِلَّا تَنْفِرُوا يُعَذِّبْكُمْ عَذَابًا أَلِيمًا وَيَسْتَبْدِلْ قَوْمًا غَيْرَكُمْ وَلَا تَضُرُّوهُ شَيْئًا وَاللَّهُ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ}

“হে ঈমানদারগণ, তোমাদের কী হল, যখন তোমাদের বলা হয়, আল্লাহর রাস্তায় (যুদ্ধে) বের হও, তখন তোমরা যমীনের প্রতি প্রবলভাবে ঝুঁকে পড়? তবে কি তোমরা আখিরাতের পরিবর্তে দুনিয়ার জীবনে সন্তুষ্ট হলে? অথচ দুনিয়ার জীবনের ভোগ-সামগ্রী আখিরাতের তুলনায় একেবারেই নগণ্য। যদি তোমরা (যুদ্ধে) বের না হও, তাহলে তিনি তোমাদের যন্ত্রণাদায়ক আযাব দেবেন এবং তোমাদের পরিবর্তে অন্য এক কওম আনয়ন করবেন। তোমরা তাঁর কিছুমাত্র ক্ষতি করতে পারবে না। আর আল্লাহ সব কিছুর উপর ক্ষমতাবান।” (তাওবা: ৩৮-৩৯) এ আয়াতে হুঁশিয়ার করা হয়েছে, যদি তোমরা প্রয়োজনের সময় জিহাদে বের না হও, তাহলে আল্লাহ তাআলার পক্ষ থেকে মর্মন্তুদ শাস্তি তোমাদের উপর আপতিত হবে। এ শাস্তি আখেরাতে যেমন আসবে, দুনিয়াতেও আসবে।

আল্লামা সা’দী রহ. (মৃত্যু: ১৩৭৬হি.) বলেন,

إلا تنفروا يعذبكم عذابا أليما} في الدنيا والآخرة. اهـ

“যদি তোমরা (যুদ্ধে) বের না হও, তাহলে তিনি দুনিয়া ও আখেরাতে তোমাদের যন্ত্রণাদায়ক আযাব দেবেন।” (তাফসীরে সা’দী: ৩৩৭)

আল্লামা নাসাফী রহ. (মৃত্যু: ৭১০হি.) বলেন,

أوعدهم بعذاب أليم مطلق يتناول عذاب الدراين و أنه يهلكهم ويستبدل بهم قوما آخرين خيرمنهم وأطوع. اهـ

“আল্লাহ তাআলা (দুনিয়া বা আখেরাত- এর কোন একটার মাঝে সীমাবদ্ধ করণ ব্যতীত) নিঃশর্ত আযাবের ধমকি দিয়েছেন, যার মাঝে দুনিয়া-আখেরাত উভয় আযাবই অন্তর্ভুক্ত রয়েছে। তিনি (এও জানিয়েছেন যে, তিনি) তাদেরকে ধ্বংস করে দেবেন। তাদের স্থলে অন্য জাতি আনয়ন করবেন, যারা তাদের চেয়ে উত্তম

এবং তাদের চেয়ে আল্লাহ তাআলার অধিক আনুগত্যশীল হবে।" (তাফসীরে নাসাফী: ১/৬৮০)

ইবনে আশূর রহ. (মৃত্যু: ১৩৯৩হি.) মত ব্যক্ত করেছেন, এ আয়াতে বিশেষভাবে দুনিয়াবি শাস্তির কথাই বলা হয়েছে। কারণ, এ আয়াতে জিহাদ ছেড়ে দেয়ার দুটি পরিণতির কথা বলেছেন-

১. আল্লাহর আযাব আপতিত হবে।

২. তাদের স্থলে অন্য জাতি সৃষ্টি করবেন।

এ দুটি পরিণতির কথা একই আয়াতে একই সাথে উল্লেখ করা হয়েছে। আর অন্য জাতি সৃষ্টি যেহেতু দুনিয়াতেই হবে, তাই তার সাথে উল্লেখিত আযাবও দুনিয়াতেই আসবে। আর এ আযাব হবে- কাফেরদের বিজয় এবং মুসলমানদের গণহত্যা।

ইবনে আশূর রহ. (মৃত্যু: ১৩৯৩হি.) বলেন,

وقيل: المراد بالعذاب الأليم عذاب الدنيا كقوله: أن يصيبكم الله بعذاب من عنده أو بأيدينا [التوبة: 52] ... وقد يرجح هذا الوجه بأنه قرن بعو اقب دنيوية في قوله: ويستبدل قوما غيركم ... فالمقصود تهديدهم بأنهم إن تقاعدوا عن النفير هاجمهم العدو في ديارهم فاستأصلوهم و أتى الله بقوم غيرهم. اهـ

"বলা হয়, আয়াতে 'যন্ত্রণাদায়ক আযাব' দ্বারা উদ্দেশ্য- দুনিয়াতেই শাস্তি আপতিত হবে, যেমন- আল্লাহ তাআলার এ বাণীতে দুনিয়াবি শাস্তি উদ্দেশ্য:

{أن يصيبكم الله بعذاب من عنده أو بأيدينا}

'তোমাদের ব্যাপারে আমরা প্রতিক্ষায় আছি: আল্লাহ তাআলা হয়তো নিজ হাতে তোমাদের শাস্তি দেবেন, নতুবা আমাদের হাত দিয়ে (তোমাদের উপর শাস্তি পৌঁছাবেন)। (তাওবা: ৫২)

এ ব্যাখ্যাটি এ দিক থেকে অগ্রাধিকার পায় যে, আল্লাহ তাআলার বাণী- 'তোমাদের পরিবর্তে অন্য এক কওম আনয়ন করবেন' এর মাধ্যমে দুনিয়াবি যে শাস্তির কথা বিধৃত করেছেন, এরই সাথে একে উল্লেখ করেছেন। ... উদ্দেশ্য- যদি

তারা জিহাদে বের না হয়ে বসে থাকে, তাহলে তাদের শত্রুরা তাদের দেশে আক্রমণ করে তাদেরকে সমূলে হত্যা করবে। তখন আল্লাহ তাআলা (দ্বীনের নুসরত ও কাফেরদের বিরুদ্ধে যুদ্ধের জন্য) অন্য এক জাতি আনয়ন করেবেন।" (আত-তাহরিরু ওয়াত-তানভীর: ১০/১৯৯)

আয়াত-২:

{قُلْ إِنْ كَانَ آبَاؤُكُمْ وَأَبْنَاؤُكُمْ وَإِخْوَانُكُمْ وَأَزْوَاجُكُمْ وَعَشِيرَتُكُمْ وَأَمْوَالٌ اقْتَرَفْتُمُوهَا وَتِجَارَةٌ تَخْشَوْنَ كَسَادَهَا وَمَسَاكِنُ تَرْضَوْنَهَا أَحَبَّ إِلَيْكُمْ مِنَ اللَّهِ وَرَسُولِهِ وَجِهَادٍ فِي سَبِيلِهِ فَتَرَبَّصُوا حَتَّى يَأْتِيَ اللَّهُ بِأَمْرِهِ وَاللَّهُ لَا يَهْدِي الْقَوْمَ الْفَاسِقِينَ}

"বলুন (হে নবী!) তোমাদের পিতা, তোমাদের সন্তান, তোমাদের স্ত্রী, তোমাদের গোত্র, তোমাদের সে সম্পদ যা তোমরা অর্জন করেছ, আর সে ব্যবসা যার মন্দা হওয়ার আশঙ্কা তোমরা করছ এবং সে বাসস্থান যা তোমরা পছন্দ করছ- যদি (এগুলো) তোমাদের কাছে অধিক প্রিয় হয় আল্লাহ, তাঁর রাসূল ও তাঁর পথে জিহাদ করার চেয়ে, তবে তোমরা অপেক্ষা কর আল্লাহ তাআলার (পক্ষ থেকে তাঁর আযাবের) ঘোষণা আসা পর্যন্ত। আর আল্লাহ ফাসিক সম্প্রদায়কে হিদায়াত করেন না।" (তাওবা: ২৪)

এসব জিনিস জিহাদের চেয়ে প্রিয় হওয়ার অর্থ- এগুলোর কারণে জিহাদ ছেড়ে দেয়া। আর যখন জিহাদ ছেড়ে দেবে, তখনই আল্লাহ তাআলার আযাব আপতিত হবে। আযাব বিভিন্নভাবে আসতে পারে: আসমানী মুসিবতও হতে পারে, আবার কাফেরদের হাতে নিষ্পেষিত হওয়ার মাধ্যমেও হতে পারে, যেমনটা ১ নং আয়াতে আলোচিত হয়েছে।

আল্লামা আলূসি রহ. (মৃত্যু: ১২৭০হি.) বলেন,

فَتَرَبَّصُوا أي انتظروا حَتَّى يَأْتِيَ اللَّهُ بِأَمْرِهِ أي بعقوبته سبحانه لكم عاجلا أو آجلا على ما روي عن الحسن. اهـ آ:2\409

"হাসান বসরী রহ. থেকে বর্ণিত (আয়াতের অর্থ): তোমরা অপেক্ষা কর আল্লাহ তাআলার শাস্তির, দুনিয়াতে কিংবা আখিরাতে।" (রুহুল মাআনী: ২/৪০৯)

হাফেয ইবনে কাসীর রহ. (মৃত্যু: ৭৭৪হি.) বলেন,

أمر تعالى رسوله أن يتوعد من آثر أهله وقرابته وعشيرته على الله وعلى رسوله وجهاد في سبيله ... أي: إن كانت هذه الأشياء (أحب إليكم من الله ورسوله وجهاد في سبيله فتربصوا) أي: فانتظروا ماذا يحل بكم من عقابه ونكاله بكم؛

...

وروى الإمام أحمد، وأبو داود –واللفظ له –من حديث أبي عبد الرحمن الخراساني، عن عطاء الخراساني، عن نافع، عن ابن عمر قال: سمعت رسول الله ﷺ يقول: "إذا تبايعتم بالعينة، وأخذتم بأذناب البقر، ورضيتم بالزرع، وتركتم الجهاد، سلط الله عليكم ذلا لا ينزعه حتى ترجعوا إلى دينكم". اهـ

"যারা নিজেদের পরিবার পরিজন, আত্মীয়-স্বজন ও জ্ঞাতি-গোষ্ঠীকে আল্লাহ, তাঁর রাসূল ও তাঁর রাস্তায় জিহাদের উপর অগ্রাধিকার দেবে, তাদেরকে শাস্তির হুঁশিয়ারি শুনাতে আল্লাহ তাঁর রাসূলকে আদেশ দিয়েছেন। ... অর্থাৎ যদি এ সকল বিষয় তোমাদের কাছে অধিক প্রিয় হয় আল্লাহ, তাঁর রাসূল ও তাঁর পথে জিহাদ করার চেয়ে, তাহলে তোমরা অপেক্ষা কর ঐ মর্মন্তুদ আযাব ও দৃষ্টান্তমূলক শাস্তির, যা তোমাদের উপর আপতিত হবে।

...

ইমাম আহমদ রহ. এবং আবু দাউদ রহ. হযরত ইবনে উমার রাদি. থেকে বর্ণনা করেন যে, তিনি বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি- 'যখন তোমরা সুদি কারবারে লিপ্ত হবে, গরুর লেজ ধরে পড়ে থাকবে, কৃষি কাজেই সন্তুষ্ট থাকবে এবং জিহাদ ছেড়ে দেবে- তখন আল্লাহ তাআলা তোমাদের উপর চাপিয়ে দেবেন লাঞ্ছনা। যতক্ষণ তোমরা তোমাদের দ্বীনে ফিরে না আসবে, ততক্ষণ তোমাদের থেকে তা দূর করবেন না।" (তাফসীরে ইবনে কাসীর: ৪/১২৪)

আয়াত-৩:

{وَ أَنْفِقُوا فِي سَبِيلِ اللَّهِ وَلَا تُلْقُوا بِأَيْدِيكُمْ إِلَى التَّهْلُكَةِ وَأَحْسِنُوا إِنَّ اللَّهَ يُحِبُّ الْمُحْسِنِينَ}

"তোমরা (অকাতরে) আল্লাহর রাস্তায় (অর্থ-সম্পদ) ব্যয় কর। (অর্থ-সম্পদ আঁকড়ে ধরে) নিজ হাতে নিজেদেরকে ধ্বংসের অতলে নিক্ষেপ করো না। আর ইহসান (সুকর্ম) কর। নিশ্চয়ই আল্লাহ মুহসিন(সুকর্মশীল)দেরকে ভালোবাসেন।" (বাক্বারা: ১৯৫)

অর্থাৎ তোমরা যদি অর্থ-সম্পদ অর্জনের দিকে মনোনিবেশ কর, সম্পদ কুক্ষিগত করে রাখ, কাফেরদের বিরুদ্ধে জিহাদে তা ব্যয় না কর, তাহলে কাফেররা তোমাদের উপর বিজয়ী হয়ে তোমাদের ধ্বংস করে দেবে। কাজেই জিহাদ ছেড়ে অর্থ-সম্পদের দিকে মনোনিবেশ করে নিজ হাতে নিজেদেরকে ধ্বংসে নিক্ষেপ করো না। হযরত আবু আইয়ূব আনসারী রাদিয়াল্লাহু আনহু থেকে এই ব্যাখ্যাই বর্ণিত আছে।

ইমাম তিরমিযি রহ. বর্ণনা করেন-

عن أبي عمران التجيبي قال: "غزونا من المدينة نريد القسطنطينية , وعلى أهل مصر عقبة بن عامر - ﷺ - وعلى الجماعة عبد الرحمن بن خالد بن الوليد فأخرج الروم إلينا صفا عظيما منهم وألصقوا ظهورهم بحائط المدينة فخرج إليهم من المسلمين مثلهم أو أكثر, فحمل رجل من المسلمين على صف الروم حتى دخل فيهم , فصاح الناس وقالوا: مه , مه؟ , لا إله إلا الله , يلقي بيديه إلى التهلكة فقام أبو أيوب الأنصاري - ﷺ - فقال: يا أيها الناس , إنكم تتأولون هذه الآية هذا التأويل , و إنما أنزلت هذه الآية فينا معشر الأنصار , لما أعز الله الإسلام وكثر ناصروه , قال بعضنا لبعض - سرا دون رسول الله - ﷺ -: إن أموالنا قد ضاعت , وإن الله قد أعز الإسلام , وكثر ناصروه , فلو أقمنا في أموالنا , فأصلحنا ما ضاع منها , فأنزل الله على نبيه - ﷺ - يرد علينا ما قلنا: {و أنفقوا في سبيل الله ولا تلقوا بأيديكم إلى التهلكة} فكانت التهلكة أن نقيم في أموالنا ونصلحها , وندع

الجهاد .قال أبو عمران: فلم يزل أبو أيوب شاخصا يجاهد في سبيل الله حتى دفن بالقسطنطينية" [جامع الترمذي: 2972]

“আবু ইমরান আত-তুজিবি রহ. থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা কুসতুনতুনিয়ার জিহাদের উদ্দেশ্যে মদীনা থেকে বের হলাম। তখন মিশরের গভর্নর ছিলেন হযরত উকবা ইবনে আমের রাদি.। আমাদের জামাতের আমির ছিলেন আব্দুর রহমান ইবনে খালেদ ইবনে ওয়ালিদ রহ.। রোমবাসী আমাদের বিরুদ্ধে তাদের বিশাল এক বাহিনী পাঠাল। তারা তাদের শহরের দেয়ালের দিকে পশ্চাত করে তাদের সারি সাজালো। তাদের মোকাবেলায় মুসলমানদের থেকে তেমনই কিংবা তার চেয়েও বড় এক বাহিনী বের হল। তখন মুসলমানদের এক ব্যক্তি রোমানদের বিশাল সারিতে একাই হামলা করে বসল এবং তাদের সারির একেবারে ভেতরে প্রবেশ করে গেল (যার ফলে তার মৃত্যু নিশ্চিত ছিল)। তখন লোকজন চিৎকার করে বলতে লাগলো- ‘(কি কর?) থাম! থাম! লা ইলাহা ইল্লাল্লাহ! এ ব্যক্তি নিজ হাতে নিজেকে ধ্বংসে নিক্ষেপ করছে।’ তখন আবু আইয়ূব আনসারী রাদিয়াল্লাহু আনহু দাঁড়িয়ে গেলেন। বললেন, ‘ওহে লোক সকল! তোমরা এ আয়াতের এই ব্যাখ্যা করছো। (তোমাদের ব্যাখ্যা সঠিক নয়।) এ আয়াত তো আমরা আনসারদের ব্যাপারে নাযিল হয়েছে। আল্লাহ তাআলা যখন ইসলামকে শক্তিশালী করলেন, তার সাহায্যকারীও অনেক হয়ে গেল, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অগোচরে আমাদের একে অপরকে বললো- আমাদের ধন-সম্পদ তো নষ্ট হয়ে গেল। এদিকে আল্লাহ তাআলা ইসলামকে শক্তিশালী করেছেন। তার সাহায্যকারীও তৈয়ার হয়েছে অনেক। কাজেই আমরা যদি (কিছু দিন জিহাদ বন্ধ রেখে) আমাদের ধন-সম্পদের কাছে অবস্থান করে সেগুলোর পরিচর্যা করতাম! তখন আমাদের এই মতামতকে প্রত্যাখ্যান করে আল্লাহ তাআলা তার নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে এ আয়াত নাযিল করলেন-

{و أنفقوا في سبيل الله ولا تلقوا بأيديكم إلى التهلكة}

“তোমরা (অকাতরে) আল্লাহর রাস্তায় (অর্থ-সম্পদ) ব্যয় কর। (অর্থ-সম্পদ আঁকড়ে ধরে) নিজ হাতে নিজেদেরকে ধ্বংসের অতলে নিক্ষেপ করো না।”

অতএব, ধ্বংসে নিক্ষেপ করার অর্থ- জিহাদ ছেড়ে আমাদের ধন-সম্পদের পরিচর্যায় লিপ্ত হওয়া।'

আবু ইমরান রহ. বলেন, এরপর থেকে আবু আইয়ূব আনসারি রাদি. সর্বদা জিহাদেই লিপ্ত থাকেন। অবশেষে যখন শহীদ হলেন, তখন কুসতুনতুনিয়াতে তাকে দাফন করা হয়।" (জামে তিরমিযি: হাদিস নং ২৯৭২)

হাদিস

হাদিস-১:

عن أبي بكر الصديق - ﷺ - قال: قال رسول الله - ﷺ -: "ما ترك قوم الجهاد , إلا عمهم الله بالعذاب" [المعجم الأوسط للطبراني: 3839؛ الترغيب والترهيب: 2158، قال المنذري: رواه الطبراني بإسناد حسن]

"হযরত আবু বকর সিদ্দিক রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন- যে জাতিই জিহাদ ছেড়ে দেবে, আল্লাহ তাআলা ব্যাপকভাবে তাদের উপর আযাব নাযিল করবেন।" (মু'জামে ত্বরানী: ৩৮৩৯)

এই ব্যাপক আযাব গণহত্যার সূরতেও হতে পারে।

হাদিস-২:

عن عبد الله بن عمر ﷺ عن النبي صلى الله عيه وسلم قال: "إذا تبايعتم بالعينة، وأخذتم أذناب البقر، ورضيتم بالزرع، وتركتم الجهاد؛ سلط الله عليكم ذلاً لا ينزعه حتى ترجعوا إلى دينكم" [ابو داوود: 3464]

"হযরত ইবনে উমার রাদিয়াল্লাহু আনহুমার সূত্রে বর্ণিত যে, সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন- 'যখন তোমরা সুদি কারবারে লিপ্ত হবে, গরুর লেজ

ধরে পড়ে থাকবে, কৃষি কাজেই সন্তুষ্ট থাকবে এবং জিহাদ ছেড়ে দেবে- তখন আল্লাহ তাআলা তোমাদের উপর চাপিয়ে দেবেন লাঞ্ছনা। যতক্ষণ তোমরা তোমাদের দ্বীনে ফিরে না আসবে, ততক্ষণ তোমাদের থেকে তা দূর করবেন না।" (সুনানে আবু দাউদ: ৩৪৬৪)

কৃষি কাজে সন্তুষ্ট থাকার অর্থ- কৃষি কাজসহ অন্যান্য দুনিয়াবি কাজ-কর্মে লিপ্ত হয়ে জিহাদ ছেড়ে দেয়া। তখনই তা লাঞ্ছনার কারণ হবে। যেমন, বুখারী শরীফের হাদিসে এসেছে-

হাদিস-৩:

عن أبي أمامة الباهلي – ﷺ – قال – ورأى سكة وشيئا من آلة الحرث – فقال: سمعت النبي – ﷺ – يقول: " لا يدخل هذا بيت قوم إلا أدخله الله الذل "
[صحيح البخاري: 2321]

"হযরত আবু উমামা বাহিলী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি একদা একটা লাঙ্গলের ফলা এবং আরো কয়েকটা কৃষি-যন্ত্র দেখে বললেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, এগুলো যে ঘরেই প্রবেশ করবে, আল্লাহ তাআলা সেখানেই লাঞ্ছনা ঢুকিয়ে দেবেন।" (সহীহ বুখারী: ২৩২১)

২ নং হাদিসে দ্বীনে ফিরে আসার দ্বারা উদ্দেশ্য- সুদি কারবার বর্জন করা এবং জিহাদের পথে বাধা এমন সব দুনিয়াবি পেশা-কর্ম বাদ দিয়ে আবার জিহাদে ফিরে আসা। যেমন, মুসনাদে আহমদের এক হাদিসে এসেছে-

হাদিস-৪:

عن ابن عمر عن النبي ﷺ قال: "لئن تركتم الجهاد وأخذتم بأذناب البقر وتبايعتم بالعينة ليلزمنكم الله مذلة في رقابكم لا تنفك عنكم حتى تتوبوا إلى الله وترجعوا على ما كنتم عليه" [المسند للإمام أحمد: 5007]

“যদি তোমরা জিহাদ ছেড়ে দিয়ে গরুর লেজ ধরে পড়ে থাক এবং সুদি কারবারে লিপ্ত হও, তাহলে আল্লাহ তাআলা তোমাদের ঘাড়ে এমন এক লাঞ্ছনা চাপিয়ে দেবেন, যা তোমাদের থেকে দূর হবে না, যতক্ষণ না তোমরা তোমাদের পূর্বের অবস্থায় ফিরে আস।” (মুসনাদে আহমদ: ৫০০৭)

হাদিস-৫:

عن أبي أمامة الباهلي – ﷺ – قال: قال رسول الله – ﷺ -: " من لم يغز, أو يجهز غازيا , أو يخلف غازيا في أهله بخير , أصابه الله بقارعة قبل يوم القيامة " [ابو داود: 2505، ابن ماجه: 2762

“হযরত আবু উমামা বাহিলী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন, যে ব্যক্তি নিজেও যুদ্ধ করেনি, কোন যুদ্ধাকে জিহাদের সরঞ্জাম প্রস্তুত করেও দেয়নি এবং উত্তমভাবে কোন মুজাহিদের পরিবারের দেখাশুনাও করেনি, আল্লাহ তাআলা কেয়ামতের পূর্বেই তাকে কোন ধ্বংসাত্মক বিপদে নিপতিত করবেন। (আবু দাউদ: ২৫০৫)

হাদিস-৬:

عن أبي عمران التجيبي قال: "غزونا من المدينة نريد القسطنطينية , وعلى أهل مصر عقبة بن عامر - ﷺ - وعلى الجماعة عبد الرحمن بن خالد بن الوليد فأخرج الروم إلينا صفا عظيما منهم وألصقوا ظهورهم بحائط المدينة فخرج إليهم من المسلمين مثلهم أو أكثر, فحمل رجل من المسلمين على صف الروم حتى دخل فيهم , فصاح الناس وقالوا: مه , مه؟ , لا إله إلا الله , يلقي بيديه إلى التهلكة فقام أبو أيوب الأنصاري - ﷺ - فقال: يا أيها الناس , إنكم تتأولون هذه الآية هذا التأويل , و إنما أنزلت هذه الآية فينا معشر الأنصار , لما أعز الله الإسلام وكثر ناصروه , قال بعضنا لبعض - سرا دون رسول الله - ﷺ -: إن أموالنا قد ضاعت , وإن الله قد أعز الإسلام , وكثر ناصروه , فلو أقمنا في أموالنا , فأصلحنا ما ضاع

منها , فأنزل الله على نبيه - ﷺ - يرد علينا ما قلنا: {وأنفقوا في سبيل الله ولا تلقوا بأيديكم إلى التهلكة} فكانت التهلكة أن نقيم في أموالنا ونصلحها , وندع الجهاد .قال أبو عمران: فلم يزل أبو أيوب شاخصا يجاهد في سبيل الله حتى دفن بالقسطنطينية" [جامع الترمذي: 2972]

“আবু ইমরান আত-তুজিবি রহ. থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা কুসতুনতুনিয়ার জিহাদের উদ্দেশ্যে মদীনা থেকে বের হলাম। তখন মিশরের গভর্নর ছিলেন হযরত উকবা ইবনে আমের রাদি.। আমাদের জামাতের আমির ছিলেন আব্দুর রহমান ইবনে খালেদ ইবনে ওয়ালিদ রহ.। রোমবাসী আমাদের বিরুদ্ধে তাদের বিশাল এক বাহিনী পাঠাল। তারা তাদের শহরের দেয়ালের দিকে পশ্চাত করে তাদের সারি সাজালো। তাদের মোকাবেলায় মুসলমানদের থেকে তেমনই কিংবা তার চেয়েও বড় এক বাহিনী বের হল। তখন মুসলমানদের এক ব্যক্তি রোমানদের বিশাল সারিতে একাই হামলা করে বসল এবং তাদের সারির একেবারে ভেতরে প্রবেশ করে গেল (যার ফলে তার মৃত্যু নিশ্চিত ছিল)। তখন লোকজন চিৎকার করে বলতে লাগলো- ‘(কি কর?) থাম! থাম! লা ইলাহা ইল্লাল্লাহ! এ ব্যক্তি নিজ হাতে নিজেকে ধ্বংসে নিক্ষেপ করছে।’ তখন আবু আইয়ূব আনসারী রাদিয়াল্লাহু আনহু দাঁড়িয়ে গেলেন। বললেন, ‘ওহে লোক সকল! তোমরা এ আয়াতের এই ব্যাখ্যা করছো। (তোমাদের ব্যাখ্যা সঠিক নয়।) এ আয়াত তো আমরা আনসারদের ব্যাপারে নাযিল হয়েছে। আল্লাহ তাআলা যখন ইসলামকে শক্তিশালী করলেন, তার সাহায্যকারীও অনেক হয়ে গেল, তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অগোচরে আমাদের একে অপরকে বললো- আমাদের ধন-সম্পদ তো নষ্ট হয়ে গেল। এদিকে আল্লাহ তাআলা ইসলামকে শক্তিশালী করেছেন। তার সাহায্যকারীও তৈয়ার হয়েছে অনেক। কাজেই আমরা যদি (কিছু দিন জিহাদ বন্ধ রেখে) আমাদের ধন-সম্পদের কাছে অবস্থান করে সেগুলোর পরিচর্যা করতাম! তখন আমাদের এই মতামতকে প্রত্যাখ্যান করে আল্লাহ তাআলা তার নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের কাছে এ আয়াত নাযিল করলেন-

و أنفقوا في سبيل الله ولا تلقوا بأيديكم إلى التهلكة

“তোমরা (অকাতরে) আল্লাহর রাস্তায় (অর্থ-সম্পদ) ব্যয় কর। (অর্থ-সম্পদ আঁকড়ে ধরে) নিজ হাতে নিজেদেরকে ধ্বংসের অতলে নিক্ষেপ করো না।” অতএব, ধ্বংসে নিক্ষেপ করার অর্থ- জিহাদ ছেড়ে আমাদের ধন-সম্পদের পরিচর্যায় লিপ্ত হওয়া।’

আবু ইমরান রহ. বলেন, এরপর থেকে আবু আইয়ূব আনসারি রাদি. সর্বদা জিহাদেই লিপ্ত থাকেন। অবশেষে যখন শহীদ হলেন, তখন কুসতুনতুনিয়াতে তাকে দাফন করা হয়।” (জামে তিরমিযি: হাদিস নং ২৯৭২)

হাদিস-৭:

عن ثوبان قال: قال رسول الله -ﷺ- : "يوشك الأمم أن تداعى عليكم كما تداعى الأكلة إلى قصعتها. فقال قائل: ومن قلة نحن يومئذ؟ قال: بل أنتم يومئذ كثير ولكنكم غثاء كغثاء السيل ولينزعن الله من صدور عدوكم المهابة منكم وليقذفن الله فى قلوبكم الوهن. فقال قائل: يا رسول الله! وما الوهن؟ قال: حب الدنيا وكراهية الموت" [ابو داود: 4299]

“হযরত সাওবান রাদি. থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন- অচিরেই এমন সময় আসবে, যখন অন্য জাতি-গোষ্ঠীগুলো তোমাদের বিরুদ্ধে একে অপরকে আহ্বান করবে, যেমন খাবার পাত্র সামনে নিয়ে একে অপরকে ডাকাডাকি করতে থাকে। এক জন জিজ্ঞেস করল, তখন আমাদের সংখ্যার স্বল্পতার কারণে কি এমনটা হবে? তিনি উত্তর দিলেন, (না) বরং তোমরা তখন সংখ্যায় থাকবে অনেক। কিন্তু তোমরা তখন স্রোতে ভাসমান খর-কুটার মতো হয়ে যাবে। আল্লাহ তাআলা তোমাদের শত্রুর অন্তর থেকে তোমাদের ভয় দূর করে দেবেন। আর তোমাদের অন্তরে আল্লাহ ঢেলে দেবেন ‘ওয়াহান’। এক জন জিজ্ঞেস করল, ‘ওয়াহান’ কি ইয়া রাসূলাল্লাহ! তিনি উত্তর দিলেন, দুনিয়ার মহব্বত এবং মরণের ভয়।” (আবু দাউদ: ৪২৯৯) অন্য বর্ণনায় এসেছে-

"يوشك أن تداعى عليكم الأمم من كل أفق" [المسند للامام أحمد: 22397]

“অচিরেই এমন সময় আসবে, যখন পৃথিবীর সকল প্রান্ত থেকে অন্য জাতি-গোষ্ঠীগুলো তোমাদের বিরুদ্ধে একে অপরকে আহ্বান করবে।” (মুসনাদে আহমদ: ২২৩৯৭)

মরণের ভয় দ্বারা যুদ্ধ-জিহাদে অনিহা এবং শহীদি মরণের ভীতি উদ্দেশ্য। যেমন, মুসনাদে আহমদের এক বর্ণনায় এসেছে-

" قالوا: وما الوهن يا رسول الله؟ قال: حبكم الدنيا وكراهيتكم القتال" [المسند للامام أحمد: 8713]

“সাহাবগণ জিজ্ঞেস করলেন, ‘ওয়াহান’ কি ইয়া রাসূলাল্লাহ! তিনি উত্তর দিলেন, দুনিয়ার মহব্বত এবং যুদ্ধের প্রতি অনিহা।” (মুসনাদে আহমদ: ৮৭১৩)

اللهم احفظنا من كلّ بلاء في الدنيا وعذاب في الآخرة، وجنِّبنا مكائد الشيطان والظلم والخيانة والكيد والحسد وغيرها من الآفات برحمتك يا أرحم الراحمين.

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?৮৫৪৭

জনসাধারণের উপর সকল মাসআলায় নির্দিষ্ট এক মাযহাবের তাকলীদ আবশ্যক হওয়ার ব্যাপারে একটি সংশয়!

ইলম ও জিহাদ

Senior Member

০৮-২২-২০১৭

মুফতী শফী রহ. এর **'জাওয়াহিরুল ফিকহ'** এবং মুফতী তাকী উসমানী সাহেব দা.বা. এর **'তাকলীদ কি শরয়ী হাইসিয়্যাত'** কিতাবদ্বয় থেকে বুঝা যাচ্ছে, জনসাধারণের জন্য সকল মাসআলায় কোন এক মাযহাব মেনে চলা আবশ্যক। যা থেকে বুঝা যাচ্ছে, হানাফী মাযহাবের অনুসারী কোন সাধারণ মুসলামনকে সর্বদা হানাফী মুফতীর কাছেই মাসআলা জিজ্ঞেস করতে হবে এবং সে অনুযায়ীই আমল করতে হবে। অন্য কোন মাযহাবের মুফতীর ফতোয়া অনুযায়ী আমল করতে পারবে না।

কিন্তু ফতোয়া শামী দেখার পর বিষয়টা খটকা লাগছে। ফতোয়া শামীতে ইবনুল হুমাম রহ. (মৃত্যু ৮৬১ হি.) এর যে বক্তব্য আল্লামা শামী রহ. (মৃত্যু ১২৫২ হি.) উল্লেখ করেছেন এবং তিনি নিজেও তা সমর্থন করেছেন তা থেকে এর বিপরীত বুঝা যাচ্ছে। সেখান থেকে বুঝা যাচ্ছে, সাধারণ জনগণের জন্য সকল মাসআলায় কোন এক মাযহাব মেনে চলা আবশ্যক নয়। তবে যে মাসআলায় একবার কোন মাযহাব মতে আমল করেছে, অনন্যোপায় না হলে সে মাসআলাতে উক্ত মাযহাব থেকে ফিরে গিয়ে অন্য মাযহাব মতে আমল করতে পারবে না। তবে যদি এমন মাসআলা সামনে আসে যে মাসলাতে এখনো সে কোন মাযহাব মতে আমল করেনি তাহলে উক্ত মাসআলাতে অন্য মাযহাব মতেও আমল করতে পারবে। তবে এরপর থেকে অনন্যোপায় না হলে উক্ত মাসআলাতে উক্ত মাযহাব থেকে ফিরে গিয়ে অন্য মাযহাব মতে আমল করতে পারবে না। কারণ, ইতিপূর্বে যে মাযহাব

মতে সে আমল করেছে তা তার বিশ্বাস অনুযায়ী সঠিক ছিল। এখন কোন ওজর ছাড়াই অন্য মাযহাবে চলে যাওয়াটা হবে দ্বীন নিয়ে তামাশার শামিল, যা নিষিদ্ধ। যদি বিশেষ কোন জরুরত ছাড়াই শুধু খাহেশাতের কারণে কিংবা দুনিয়াবী কোন লাভের কারণে অন্য মাযহাবে চলে যায় তাহলে এটা শাস্তিযোগ্য অপরাধ হবে। তাকে তা'জীর করা হবে এবং তার আদালাত-ন্যায়পরায়ণতা নষ্ট হয়ে গেছে বলা ধরা হবে। ফলে তার শাহাদাত-স্বাক্ষ্য কবুল হবে না।

এ থেকে বুঝে আসছে, বর্তমানে যারা হারামাইন শরীফাইন বা অন্য এমন কোন অঞ্চলে বসবাস করেন যেখানে বিভিন্ন মাযহাবের নির্ভরযোগ্য মুফতী বিদ্যমান, তাদের সামনে যদি এমন কোন নতুন মাসআলা আসে যে মাসআলাতে ইতিপূর্বে তারা কোন মাযহাব মতে আমল করেননি, তারা চাইলে উক্ত মাসআলায় নিজের মাযহাবের মুফতীর কাছে না গিয়ে অন্য মাযহাবের মুফতীর কাছে জিজ্ঞাসা করেও আমল করতে পারবেন।

বি.দ্র: তবে এক্ষেত্রে যে মুফতীকে জিজ্ঞাসা করবেন তাকে অবশ্যই নির্ভরযোগ্য হতে হবে। যে কোন আলেমের কাছে জিজ্ঞাসা করা যাবে না। তদ্রূপ নিজে কোন বইয়ে পড়ে বা শুনে শুনে আমল করে ফেলা যাবে না।

এবারে আমি আল্লামা শামী রহ. এর বক্তব্যটি তুলে ধরছি। তিনি বলেন,

وفي آخر التحرير للمحقق ابن الهمام: مسألة لا يرجع فيما قلد فيه أي عمل به اتفاقا، وهل يقلد غيره في غيره؟ المختار نعم للقطع بأنهم كانوا يستفتون مرة واحدا ومرة غيره غير ملتزمين مفتيا واحدا فلو التزم مذهبا معينا كأبي حنيفة والشافعي، فقيل يلزم، وقيل لا، وقيل مثل من لم يلتزم، وهو الغالب على الظن لعدم ما يوجبه شرعا اهـ ملخصا

"মুহাক্কিক ইবনুল হুমাম রহ. এর কিতাব 'আত-তাহরীর' এর শেষের দিকে বলা হয়েছে, 'মাসআলা: ((যে মাসআলায় একবার কোন ইমামের তাকলীদ করে আমল করেছে সে মাসআলা থেকে আর ফিরে আসতে পারবে না। এ ব্যাপারে সকলেই একমত। অন্য মাসআলাতে কি অন্য ইমামের তাকলীদ করতে পারবে? গ্রহণযোগ্য মত হল পারবে। কারণ, অকাট্যভাবে প্রমাণিত যে, সালাফগণ একসময়

একজনের কাছে মাসআলা জিজ্ঞেস করতেন অন্যসময় অন্যজনের কাছে জিজ্ঞাসা করতেন। আবশ্যিকভাবে কোন এক মুফতীকেই মেনে চলতেন না।

যদি কোন এক মাযহাবকে নিজের জন্য মেনে চলা আবশ্যক করে নেয়; যেমন, হানাফী মাযহাব বা শাফিয়ী মাজহাব, তাহলে বলা হয়,

- (উক্ত মাযহাব মেনে চলাই) আবশ্যক হবে।

- আবার এও বলা হয় যে, আবশ্যক হবে না।

- এও বলা হয় যে, এই ব্যক্তির বিধান ঐ ব্যক্তির মতই যে কোন এক মাযহাব মতে চলা নিজের জন্য আবশ্যক করে নেয়নি।

এই শেষোক্ত মতটিই সঠিক বলে প্রবল ধারণা হচ্ছে। কারণ, শরীয়তে এমন কোন দলীল নেই যা এক মাযহাব মতে চলাকে আবশ্যক সাব্যস্ত করে।)) সংক্ষিপ্তাকারে ইবনুল হুমাম রহ. এর বক্তব্য শেষ হল।" **[ফাতাওয়া শামী: বাবুত তা'জীর।]**

এ থেকে এও বুঝে আসছে যে, আমরা যারা নিজেদেরকে হানাফী, হাম্বলী ইত্যাদী বলে দাবি করি তাদের জন্য সকল মাসআলাতে হানাফী বা হাম্বলী বা অন্য কোন মাযহাব মতে আমল করা জরুরী নয়। বরং যে মাসআলা নতুন, যাতে এখনোও কোন মাযহাব মতে আমল করিনি, সে মাসআলাতে অন্য মাযহাব মতে আমল করা যাবে।

আল্লামা শামী রহ. অন্যত্র বলেন,

العامي يجب عليه تقليد العالم إذا كان يعتمد على فتواه ثم قال وقد علم من هذا أن مذهب العامي فتوى مفتيه من غير تقييد بمذهب ولهذا قال في الفتح : الحكم في حق العامي فتوى مفتيه، وفي النهاية ويشترط أن يكون المفتي ممن يؤخذ منه الفقه ويعتمد على فتواه في البلدة ... ولا معتبر بغيره. اهـ411\2) .. كتاب الصوم)

“সাধারণ ব্যক্তিদের জন্য ওয়াজিব হল কোন আলেমের তাকলীদ করা, যদি আলেম এমন নির্ভরযোগ্য হয়ে থাকেন যে, (উক্ত অঞ্চলে) তার ফতোয়া মেনে চলা হয়। ইবনে নুজাইম রহ. এরপর বলেন, ‘এ থেকে বুঝা গেল সাধারণ ব্যক্তিদের নির্দিষ্ট কোন মাযহাব নেই। মুফতীর ফতোয়াই তাদের মাযহাব। ফাতহুল কাদীরে (ইবনুল হুমাম রহ.) বলেন, ‘সাধারণ ব্যক্তির ক্ষেত্রে মুফতীর ফতোয়াই তার বিধান।’ ‘আন-নিহায়া’তে বলা হয়েছে, ‘শর্ত হচ্ছে, মুফতী এমন ব্যক্তি হতে হবে যার থেকে ফিকহ-ইসলামী আইনশাস্ত্র আহরণ করা হয় এবং এবং ঐ শহরে তার ফতোয়া গ্রহণ করা হয়। ... এমন ব্যক্তি ব্যতীত অন্য কোন ব্যক্তির কোন গ্রহণযোগ্যতা নেই।” **[ফাতাওয়া শামী: কিতাবুস সাওম।]**

এ থেকে বুঝা গেল, যার তার কাছে জিজ্ঞাসা করা যাবে না – যেমনটা আজকাল করা হচ্ছে। মুফতীকে ইলমে ফিকহে এমন পারদর্শী হতে হবে যে, তার থেকে ইলমে ফিকহ শিখা হয় এবং ফতোয়া দানের ক্ষেত্রে এমন দক্ষ ও নির্ভরযোগ্য হতে হবে যে, তার ফতোয়া উক্ত এলাকায় মেনে চলা হয়।

যারা খাহেশাতের কারণে কিংবা দুনিয়াবী লাভের উদ্দেশ্যে মাযহাব বদলায় তাদের ব্যাপারে বলেন,

يعزر) أي إذا كان ارتحاله لا لغرض محمود شرعا ... أخاف عليه أن يذهب إيمانه وقت النزع؛ لأنه استخف بمذهبه الذي هو حق عنده وتركه لأجل جيفة منتنة، ولو أن رجلا برئ من مذهبه باجتهاد وضح له كان محمودا مأجورا. أما انتقال غيره من غير دليل بل لما يرغب من عرض الدنيا وشهوتها فهو المذموم الآثم المستوجب للتأديب والتعزير لارتكابه المنكر في الدين واستخفافه بدينه ومذهبه اهـ ملخصا.

“যদি শরীয়তে প্রশংসনীয় কোন উদ্দেশ্য ব্যতীরেকেই বদলিয়ে থাকে তাহলে শাস্তি দেয়া হবে। ... আমার ভয় হয় যে, মৃত্যুর সময় তার ঈমান না’কি চলে যায়। কেননা, সে তার নিজের মাযহাব যা তার বিশ্বাস মতে হক, তার অবমাননা করেছে। পুঁতি-দুর্গন্ধময় আবর্জনা লাভের উদ্দেশ্যে সে তা ত্যাগ করে দিয়েছে। যদি কোন মুজতাহিদ সুস্পষ্ট ইজতিহাদের ভিত্তিতে নিজ মাজহাব তরক করতো তাহলে প্রশংসিত ও সওয়াবপ্রাপ্ত হতো। কিন্তু মুজতাহিদ ভিন্ন অন্য ব্যক্তি কোন প্রকার

দলীল ছাড়াই বরং দুনিয়ার লোভে এবং খাহেশাতের কারণে মাযহাব ত্যাগ করা নিশ্চয় নিন্দনীয় এবং গুনাহের কাজ, যার ফলে তাকে তা'জীর করা ও শাস্তি দেয়া আবশ্যক। কেননা, সে ধর্মীয় দৃষ্টিকোণ থেকে আপত্তিজনক কাজে লিপ্ত হয়েছে এবং তার ধর্ম ও মাযহাবের অবমাননা করেছে। সংক্ষিপ্তাকারে তাতারখানিয়ার বক্তব্য শেষ হল।" **[ফাতাওয়া শামী: বাবুত তা'জীর]**

বিনা কারণে যারা নিজ মাযহাব বদলায় তাদের স্বাক্ষ্য গ্রহণযোগ্য না হওয়ার ব্যাপারে বলেন,

ليس للعامي أن يتحول من مذهب إلى مذهب ، ويستوي فيه الحنفي والشافعي وإن انتقل إليه لقلة مبالاته في الاعتقاد والجراءة على الانتقال من مذهب إلى...
مذهب كما يتفق له ويميل طبعه إليه لغرض يحصل له فإنه لا تقبل شهادته ا هـ

"সাধারণ ব্যক্তি এক মাযহাব ছেড়ে অন্য মাযহাবে যেতে পারবে না। হানাফী-শাফিয়ী সবাই এক্ষেত্রে বরাবর। যদি আকীদা-বিশ্বাসের ক্ষেত্রে কম গুরুত্ব প্রদানের কারণে এবং দুনিয়াবী লাভের উদ্দেশ্যে মন মত এক মাযহাব ছেড়ে অন্য মাযহাবে চলে যাওয়ার প্রতি দু:সাহসিকতার কারণে নিজ মাযহাব ত্যাগ করে তাহলে তার স্বাক্ষ্য গ্রহণযোগ্য হবে না।" **[ফাতাওয়া শামী: কিতাবুশ শাহাদাত।]**

<u>বিশেষ দ্রষ্টব্য:</u>

উপরোক্ত আলোচনা থেকে বুঝা গেল,

ক. সাধারণ ব্যক্তির জন্য সকল মাসআলায় এক মাযহাব মানা ওয়াজিব- কথাটা নি:শর্তভাবে প্রযোজ্য নয় বরং কোন কোন ক্ষেত্রে জরুরত ছাড়াই অন্য মাযহাব মানারও অবকাশ আছে।

খ. যার তার কাছে মাসআলা জিজ্ঞাসা করা যাবে না এবং কারো কাছে জিজ্ঞাসা ব্যতীত নিজের মন মতোও আমল করা যাবে না। বরং নির্ভরযোগ্য মুফতীর কাছে জিজ্ঞাসা করে আমল করতে হবে।

গ. যে মাসআলায় যে মাযহাব মেনে আসছে কোন জরুরত ছাড়াই উক্ত মাসআলায় উক্ত মাযহাব ত্যাগ করা দ্বীন নিয়ে তামাশার শামিল, যার কারণে ব্যক্তি শাস্তির উপযুক্ত হয়ে পড়ে এবং স্বাক্ষ্য প্রদানের অনুপযুক্ত হয়ে পড়ে।

একটি অনুরোধ:

তাকলীদের এই মাসআলায় আমি ফতোয়া দিচ্ছি না। আমার কাছে খটকা লেগেছে তাই শুধু আরজ করছি। আপনারা কেউ আমার এই লেখার উপর ভিত্তি করেই অন্য মাযহাব মতে আমল শুরু করতে যাবেন না।

এই লেখার দ্বারা উদ্দেশ্য:

আমার উদ্দেশ্য মুফতী শফী রহ. কিংবা মুফতী তাকি উসমানী দা.বা.কে হেয় করা নয়। আমার খটকাটা শুধু আমি পেশ করেছি। তবে এ কথা অবশ্যই সত্য যে, বড়দের পেশকৃত তাহকীক অন্ধভাবে মেনে নিতে হবে এমনটা নয়। তাঁদের তাহকীকের উপরও আপত্তি থাকতে পারে। তাঁদের তাহকীকের পরও তাহকীক হতে পারে।

###

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?৭৫৫৭

ইসলামে দণ্ডবিধি (হদ-তা'যির)- ০১

ইলম ও জিহাদ

Senior Member

بسم الله الرحمن الرحيم

وصلى الله تعالى على خير خلقه محمد وآله وأصحابه أجمعين. أما بعد ...

আল্লাহ তাআলা অপরাধের বিপরীতে শাস্তির বিধান দিয়েছেন। যেন মানুষ শাস্তির ভয়ে অপরাধ থেকে বিরত থাকে। কুপ্রবৃত্তির তাড়নায় কেউ অপরাধে লিপ্ত হলে তার উপর যথার্থ শাস্তি কায়েম করার আদেশ দিয়েছেন। যাতে অপরাধী দ্বিতীয়বার অপরাধে লিপ্ত হতে সাহস না পায়। জনগণ যেন তার শাস্তি দেখে শিক্ষা নেয়। এভাবে সমাজ থেকে অপরাধ নির্মূল হবে। সমাজের স্বাভাবিক ভারসাম্যতা বজায় থাকবে। সমাজে শান্তি ও সুশৃংখলতা প্রতিষ্ঠিত হবে।

তবে এই শাস্তি সবক্ষেত্রে এক রকম নয়। অপরাধের ধরণ ও পরিমাণ, অপরাধীর অবস্থা, যার হক নষ্ট করা হয়েছে বা যার অনিষ্ট সাধন করা হয়েছে তার অবস্থা- ইত্যাদি বিভিন্ন বিষয়ের ভিন্নতায় শাস্তির ধরণ-প্রকৃতি ও পরিমাণ ভিন্ন হয়ে থাকে।

এক. অপরাধের ভিন্নতায় শাস্তির ভিন্নতা

যেমন:

- যিনার শাস্তি: বিবাহিত হলে রজম তথা প্রস্তর নিক্ষেপে হত্যা আর অবিবাহিত হলে একশো দোররা।

- কোন পূত-পবিত্র স্বাধীন মুসলমানকে যিনার অপবাদ দিলে আশি দোররা।

- মদপানে আশি দোররা।

- চুরি করলে হাত কাটা।

- রাহাজানি করলে অবস্থাভেদে হত্যা, শূলিতে চড়ানো, কিংবা বিপরীত দিক থেকে হাত-পা কেটে দেয়া, কিংবা জেলে ভরা বা নির্বাসন দেয়া।

- হত্যার বদলে হত্যা বা দিয়াত (রক্ত-মূল্য)।

- মুরতাদ হয়ে গেলে হত্যা।

দুই. অপরাধীর অবস্থাভেদে শাস্তির ভিন্নতা

যেসব অপরাধের শাস্তি শরীয়তে সুনির্ধারিত নয় (যেমন- পর নারীর প্রতি দৃষ্টিপাত, কাউকে গালি দেয়া), সেসব অপরাধের শাস্তি ব্যক্তি বিশেষে ভিন্ন হয়ে থাকে। যেমন- কোন দ্বীনদার ব্যক্তি যদি জীবনের প্রথম কাউকে গালি দেয়, তাহলে তাকে মাফ করে দেয়া যেতে পারে। যেমনটা হাদিসে এসেছে- **أقيلوا ذوي الهيئات عثراتهم إلا الحدود** "বিশিষ্ট ব্যক্তিদের হদ ব্যতীত অন্যান্য ভুল-বিচ্যুতি মাফ করে দাও।" কিংবা তাকে যদি কাযি সাহেব লোক মারফত জানান যে, আমার কাছে সংবাদ পৌঁছেছে: আপনি অমুককে গালি দিয়েছেন- তাহলে এতটুকুই তার এ অপরাধের শাস্তির জন্য যথেষ্ট। পক্ষান্তরে কোন ব্যক্তি যদি গালি-গালাজ এবং মারামারিতে অভ্যস্ত হয়ে পড়ে, লোকজন তার যন্ত্রণায় অতিষ্ট হয়ে যায়- তাহলে এমন ব্যক্তিকে মাফ করা হবে না। তাকে শুধু মৌখিক জানানোও যথেষ্ট নয়। বরং তাকে গ্রেফতার করে কাযির দরবারে হাজির করতে হবে। প্রয়োজনে প্রহার করতে হবে। জেলে আটকে রাখতে হবে, যত দিন না তাওবা করে সংশোধন হয়। তদ্রূপ কোন দ্বীনদার ব্যক্তি যদি কোন নিরপরাধ মুসলমানকে মারতে মারতে রক্তাক্ত করে ফেলে, তাহলে জীবনের প্রথমবার করলেও তার এ অপরাধ ক্ষামাযোগ্য নয়। তাকে শুধু জানানোও যথেষ্ট নয়। বরং তাকে প্রয়োজন পরিমাণ বেত্রাঘাত করাই এখন তার যোগ্য শাস্তি। কেননা, তার এ অপরাধ আর ভুল-বিচ্যুতির পর্যায়ে থাকেনি (হাদিসে যা ক্ষমা করে দেয়ার কথা এসেছে) বরং তা মাত্রা অতিক্রম করে সীমালংঘন পর্যায়ে পৌঁছে গেছে।

তিন. যার হক নষ্ট করা হয়েছে বা যার অনিষ্ট সাধন করা হয়েছে, তার অবস্থাভেদে শাস্তির ভিন্নতা

কোন সাধারণ লোক যদি অন্য কোন সাধারণ লোককে গালি দেয়, তাহলে তার শাস্তি হবে এক রকম। পক্ষান্তরে এমন ব্যক্তি কোন বিশিষ্ট আলেমকে গালি দিলে তার শাস্তি হবে আরও শক্ত। তদ্রূপ কোন নষ্টা মেয়ের সাথে ইভটিজিং করার শাস্তির তুলনায় কোন সম্ভ্রান্ত, দ্বীনদার ও পর্দানশীল নারীর সাথে এ ধরণের কর্মের শাস্তি আরও গুরুতর হবে। এভাবে অপরাধ ও অপরাধী এক হওয়া সত্ত্বেও যার হক নষ্ট করা হয়েছে বা যার অনিষ্ট সাধন করা হয়েছে, তার অবস্থাভেদে শাস্তি ভিন্ন হয়।

পোস্টের লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?১০২২৩

ইসলামে দণ্ডবিধি (হদ-তা'যির)- ০২

ইলম ও জিহাদ

Senior Member

০৭-২৭-২০১৮

হদ (الحد)-তা'যির (التعزير)

শরীয়তে শাস্তি ও দণ্ড দুই ভাগে বিভক্ত:

১. কিছু শাস্তি শরীয়ত কতৃক সুনির্ধারিত, যাতে কোন ধরণের কম-বেশ করা যাবে না। এগুলোকে হদ বলে। আর কিছু শাস্তির সুনির্ধারিত কোন পরিমাণ নেই। অপরাধের ধরণ ও পরিমাণ, অপরাধীর অবস্থা, যার হক নষ্ট করা হয়েছে বা যার অনিষ্ট সাধন করা হয়েছে তার অবস্থা- ইত্যাদি বিভিন্ন বিষয়ের ভিন্নতায় সেগুলো বিভিন্ন রকম ও পরিমাণের হয়ে থাকে। শরয়ী ইমাম, সুলতান বা কাযি যেখানে শরীয়ত সম্মত যে ধরণের ও যে পরিমাণের শাস্তি দেয়া মুনাসিব মনে করেন, ইজতিহাদের ভিত্তিতে সে রকম শাস্তি প্রয়োগ করবেন। যেখানে যে শাস্তি প্রয়োগ করলে অপরাধ দমন হবে বলে মনে হয়, সেখানে সে শাস্তিই প্রয়োগ করবেন। অবশ্য তা শরীয়ত কতৃক সুনির্ধারিত শাস্তি তথা হদের কম হতে হবে। এ ধরণের শাস্তিকে তা'যির বলে। নিচে আভিধানিক ও পারিভাষিক দৃষ্টিকোণ থেকে হদ ও তা'যির নিয়ে সংক্ষিপ্ত আলোচনা করবো।

হদ (الحد)

আভিধানিকভাবে **الحد** অর্থ- **المنع** তথা বাধা দেয়া। এসব শাস্তিকে হদ বলা হয়, কারণ- এগুলো লোকজনকে অপরাধে লিপ্ত হওয়া থেকে বাধা প্রদান করে। লোকজন যখন জানবে যে- যিনা, কযফ (তথা কোন পূত-পবিত্র স্বাধীন মুসলমানকে যিনার অপবাদ দেয়া), চুরি ইত্যাদির ব্যাপারে শরীয়তে নির্ধারিত শাস্তি রয়েছে, তখন সচরাচর তারা এসব অপরাধে লিপ্ত হতে সাহস করবে না। কেউ এসব অপরাধের কোন একটাতে লিপ্ত হলে যখন তার উপর এর শাস্তি কায়েম

করা হবে তখন সে আর পুনর্বার তাতে লিপ্ত হতে সাহস করবে না। তদ্রূপ জনসাধারণ যখন অপরাধীর উপর এসব শাস্তি কায়েম হচ্ছে দেখবে, তখন তারাও এগুলোতে লিপ্ত হওয়ার সাহস করবে না। মোটকথা- এসব শাস্তি লোকজনকে এসব অপরাধে লিপ্ত হওয়ার পথে বাধা হয়ে দাঁড়াবে। এ কারণে এগুলোকে হদ বলা হয়।

আল্লামা কাসানী রহ. (৫৮৭হি.) বলেন,

الحد في اللغة : عبارة عن المنع ... وفي الشرع : عبارة عن عقوبة مقدرة واجبة حقا لله تعالى - عز شأنه . اهـ

"অভিধানে হদ অর্থ- বাধা দেয়া। ... আর শরীয়তের পরিভাষায় হদ হচ্ছে- আল্লাহ তাআলার হক হিসেবে ফরযকৃত সুনির্ধারিত শাস্তি।" **[বাদায়িউস সানায়ে': ৫/৪৮৬]**

ইবনে নুজাইম রহ. (৯৭০হি.) বলেন,

الحد في اللغة المنع ... وسميت العقوبات الخالصة حدودا لأنها موانع من ارتكاب أسبابها معاودة. اهـ

"অভিধানে হদ অর্থ- বাধা দেয়া। ... খালেস শাস্তিসমূহকে হদ বলা হয় কারণ, যেসব কারণে এসব শাস্তি বর্তায়, এগুলো পুনর্বার সেগুলোতে লিপ্ত হওয়া থেকে বাধা প্রদান করে।" **[আলবাহরুর রায়েক: ৫/৩]**

ইবনুল হুমাম রহ. (৮৬১হি.) বলেন,

تحقيق العبارة ما قال بعض المشايخ: إنها موانع قبل الفعل زواجر بعده. أي : العلم بشرعيتها يمنع الإقدام على الفعل، و إيقاعها بعده يمنع من العود إليه . اهـ

"তাহকিকি কথা হচ্ছে যা কোন কোন মাশায়িখ বলেছেন যে, 'লিপ্ত হওয়ার পূর্বে এগুলো (লিপ্ত হওয়া থেকে) বাধা দান করে আর লিপ্ত হওয়ার পর (পুনর্বার লিপ্ত হওয়া থেকে) বারণ রাখে।' অর্থাৎ শরীয়তে এসব শাস্তির বিধান রয়েছে বলে জানা থাকাটা সেগুলোতে লিপ্ত হতে বাধা দেয়, আর লিপ্ত হওয়ার পর এগুলো প্রয়োগ

করাটা সেগুলোতে পুনর্বার লিপ্ত হওয়া থেকে বারণ রাখে।" **[ফাতহুল কাদির: ৫/১৯৬]**

হদের সংজ্ঞায় মৌলিকভাবে তিনটি শব্দ ব্যবহার করা হয়েছে:

১. **عقوبة** তথা শাস্তি।

২. **مقدرة** তথা সুনির্ধারিত।

৩. **حقا لله تعالى** তথা আল্লাহ তাআলার হক।

অতএব, হদের মধ্যে নিম্নোক্ত তিনটি জিনিস থাকবে-

প্রথমত তা শাস্তি হবে। কাজেই নামায, রোযা- ইত্যাদির কাফফারা সুনির্ধারিত হলেও সেগুলো হদ নয়। কেননা সেগুলো খালেস শাস্তি নয়। সেগুলোতে ইবাদত ও শাস্তি উভয় দিকই রয়েছে।

দ্বিতীয়ত শরীয়ত কতৃক সুনির্ধারিত হবে। এ শর্তের দ্বারা তা'যিরসমূহ হদের সংজ্ঞা থেকে বেরিয়ে যাবে। কেননা, সেগুলো শাস্তি হলেও শরীয়ত কতৃক সেগুলোর ধরণ ও পরিমাণ সুনির্ধারিত নয়। বরং অবস্থাভেদে তা বিভিন্ন রকম হয়।

তৃতীয়ত তা আল্লাহ তাআলার হক হবে। আল্লাহ তাআলার হক হওয়ার অর্থবান্দাদের কেউ সেগুলো মাফ করতে পারবে না। অর্থাৎ উপযুক্ত সাক্ষী প্রমাণ দ্বারা প্রমাণিত হওয়ার পর কেউ সেগুলো মাফ করতে পারবে না। ইমামুল মুসলিমীনেরও সে অধিকার, নেইঅন্য কারও সে অধিকার নেই। যেমন- চার সাক্ষী দিয়ে কাযির দরবারে যিনা প্রমাণ হওয়ার পর যিনাকারকে মাফ করার কোন সুযোগ নেই। বিবাহিত হলে রজম করতে হবে আর অবিবাহিত হলে একশো দোররা লাগাতে হবে।

(আল্লাহর হক ও বান্দার হক নিয়ে সামনে ইনশাআল্লাহ আলোচনা আসবে।)

এ শর্তের দ্বারা হদের সংজ্ঞা থেকে কেসাস তথা হত্যার বদলে হত্যা বেরিয়ে যাবে। কেননা হত্যার বদলে হত্যা যদিও সুনির্ধারিত, কিন্তু সেটা বান্দার হক। নিহত ব্যক্তির অভিবাবকগণ ইচ্ছা করলে হত্যাকারীকে হত্যা না করে বা দিয়াত না নিয়ে মাফও করে দিতে পারেন। কিন্তু হদ তার ব্যতিক্রম। প্রমাণ হওয়ার পর তা মাফ করার কোন সুযোগ নেই।

কাসানী রহ. (৫৮৭হি.) বলেন,

وفي الشرع : عبارة عن عقوبة مقدرة واجبة حقا لله تعالى - عز شأنه - بخلاف التعزير فإنه ليس بمقدر ، قد يكون بالضرب وقد يكون بالحبس وقد يكون بغيرهما ، وبخلاف القصاص فإنه وإن كان عقوبة مقدرة لكنه يجب حقا للعبد ، حتى يجري فيه العفو والصلح. اهـ

"শরীয়তের পরিভাষায় হদ হচ্ছে- আল্লাহ তাআলার হক হিসেবে ফরযকৃত সুনির্ধারিত শাস্তি। কিন্তু তা'যির এমন নয়। কেননা, সেটা সুনির্ধারিত না। কখনো প্রহারের দ্বারা হয়, কখনো বন্দী করে রাখার দ্বারা হয় আবার কখনো অন্য কিছু দিয়ে হয়। তদ্রূপ কেসাসও এর ব্যতিক্রম। কেননা, সেটা সুনির্ধারিত শাস্তি হলেও তা বান্দার হক হিসেবে ফরয হয়। ফলে তাতে মাফ করে দেয়া কিংবা (বিনিময় নিয়ে) চুক্তি করা চলে।" **[বাদায়িউস সানায়ে': ৫/৪৮৬]**

মুহাম্মাদ থানবী হানাফী রহ. (১১৫৮হি.) বলেন,

وعند الفقهاء: عقوبة مقدرة تجب حقّا لله تعالى. فلا يسمّى القصاص حدّا لأنه حق العبد، ولا التعزير لعدم التقدير. والمراد بالعقوبة هاهنا ما يكون بالضرب أو القتل أو القطع فخرج عنه الكفّارات، فإنّ فيها معنى العبادة والعقوبة. اهـ

"ফুকাহায়ে কেরামে পরিভাষায় হদ হচ্ছে- আল্লাহ তাআলার হক হিসেবে ফরযকৃত সুনির্ধারিত শাস্তি। কাজেই কেসাসকে হদ বলা হয় না। কেননা, সেটা বান্দার হক। তা'যিরকেও না। কারণ, সেটা সুনির্ধারিত নয়। এখানে শাস্তির দ্বারা উদ্দেশ্য- যা প্রহার, হত্যা বা কর্তনের মাধ্যমে হবে। কাজেই কাফফারাসমূহ এ থেকে বেরিয়ে যাবে। কেননা, সেগুলোতে ইবাদত-শাস্তি উভয় দিকই রয়েছে।" **[কাশশাফু ইসতিলাহাতিল ফুনুনি ওয়াল উলূম: ১/৬২৩]**

পোস্টের লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?১০২৫৫

ইসলামে দণ্ডবিধি (হদ-তা'যির)- ০৩

ইলম ও জিহাদ

Senior Member

০৭-৩১-২০১৮

হদের প্রকারভেদ

হানাফি মাযহাবে ছয় প্রকার অপরাধের শাস্তি হদের অন্তর্ভুক্ত:

১. যিনা।

২. মদপান।

৩. মদ ব্যতীত অন্য কোন নেশাজাত দ্রব্য সেবনে মাতাল হয়ে পড়লে। অবশ্য এর শাস্তি মদপানের শাস্তির সমান তথা আশি দোররা।

৪. কজফ তথা পূত-পবিত্র কোন স্বাধীন মুসলমানকে যিনার অপবাদ দেয়া।

৫. চুরি।

৬. রাহাজানি।

আল্লামা ইবনে আবেদীন শামী রহ. (১২৫২হি.) ইবনে কামাল পাশা রহ. (৯৪০হি.) থেকে বর্ণনা করেন,

وهي ستة أنواع: حد الزنا، وحد شرب الخمر خاصة، وحد السكر من غيرها والكمية متحدة فيهما، وحد القذف، وحد السرقة، وحد قطع الطريق. اهـ

"হদ ছয় প্রকার: ১. যিনার হদ। ২. মদপানের হদ। ৩. মদ ব্যতীত অন্য কোন মাদক সেবনে মাতাল হওয়ার হদ। তবে শাস্তির পরিমাণ উভয়টাতে একই। ৪. কজফ তথা যিনার অপবাদ লাগানোর হদ। ৫. চুরির হদ। ৬. রাহাজানির হদ।" [রদ্দুল মুহতার: ৪/৩]

হদসমূহের উপর কিঞ্চিত আলোকপাত

১. যিনা

যিনার শাস্তি: অবিবাহিত হলে একশো বেত্রাঘাত আর বিবাহিত হলে রজম তথা প্রস্তারাঘাতে হত্যা। বেত্রাঘাত কোরআনে কারীমের আয়াত দ্বারা, আর রজম হাদিস দ্বারা প্রমাণিত।

আল্লাহ তাআলা ইরশাদ করেন,

{الزَّانِيَةُ وَالزَّانِي فَاجْلِدُوا كُلَّ وَاحِدٍ مِنْهُمَا مِائَةَ جَلْدَةٍ وَلَا تَأْخُذْكُمْ بِهِمَا رَأْفَةٌ فِي دِينِ اللَّهِ إِنْ كُنْتُمْ تُؤْمِنُونَ بِاللَّهِ وَالْيَوْمِ الْآخِرِ وَلْيَشْهَدْ عَذَابَهُمَا طَائِفَةٌ مِنَ الْمُؤْمِنِينَ}

"যিনাকারী পুরুষ ও যিনাকারী নারী: প্রত্যেককে একশত চাবুক মারবে। তোমরা যদি আল্লাহ ও শেষ দিবসে বিশ্বাস রাখ, তাহলে তাদের প্রতি করুণাবোধ যেন আল্লাহর দ্বীনের ব্যাপারে তোমাদেরকে প্রভাবিত না করে। আর মু'মিনদের একটা দল যেন তাদের শাস্তি প্রত্যক্ষ করে।" **[**নূর: ২**]**

হাদিসে এসেছে,

لا يحل دم امرئ مسلم يشهد أن لا إله إلا الله و أني رسول الله إلا بإحدى ثلاث النفس بالنفس والثيب الزاني والمارق من الدين التارك للجماعة.

الله من الحدود والتعازير وغيرها بمجرد غياب الإمام ، فهذا من أبعد الأقوال عن الحق ، وأكثرها داعية لفشو الفساد وتمكنه ، واستمراء المنكرات العظيمة و اتنشارها ، وعلى رأسها التحاكم إلى القو انين الوضعية كما هو مشاهد اليوم في أمصار المسلمين . فالو اقع المشاهد يقرر بوضوح أن المسلمين بين أمرين لا ثالث لهما ، إما أن يخنعوا لأحكام الكافرين التي علتهم ، ويتحاكموا إليها في منازعاتهم ، ويفضوا بها خلافاتهم ، ويعتبروها قانوناً سارياً عليهم وملزماً لهم ، وإما أن يسعوا بقدر طاقتهم وبما في وسعهم إلى إيجاد كيفية ينفكون بها عن تلك القو انين ويتنصلون من التحاكم إليها ويتجمعون لإقامة ما في الطوق من أحكام الله سواء منها الحدود والتعازير أوغيرها من الأحكام ، ولا شك أن خضوعهم لنظم الكافرين ، وبقاءهم تحت حكمهم ، والسعي لفض المنازعات في محاكمهم – ولو كانوا لذلك كارهين – لا يجوز شرعاً مع إمكانية الخروج من هذه الحال ولو بصورة جزئية محدودة ، أما عند العجز الحقيقي فالحكم آنذاك له حالته الخاصة و مجاله المحدود ، فالجماعات الإسلامية العاملة في الساحة الإسلامية على اختلاف توجهاتها أول معني بهذا الأمر ونشره بين الناس و إقامته – حسب الاستطاعة ومع المراعاة التامة للمفاسد والمصالح – بين أفرادها المنضوين تحتها ، كما بُيّن عند الترجيح لحكم إقامة الحدود في دار الحرب ، إذ ليس ثمة تعارض بين ما يقال هنا وبين ما ترجح هناك ، ولا شك أن الأنظمة والحكومات القائمة على رؤوس الناس والمتسلطة على الشعوب المسلمة تبذل جهوداً كبيرة ومتواصلة من أجل الحيلولة بين المسلمين وبين إحياء هذه الشر ائع ، ولهذا فهي تحارب من دعا إلى تطبيقها حرباً لا هوادة فيها سالكة في ذلك جميع الوسائل من سجن وتقتيل وتشريد وتهجير ، حرصاً منها على إبقاء تلك الشعوب تحت ربقة قو انينها الجاهلية ، فلهذا فإن مراعاة ما يترتب على تنفيذ الحدود و إقامتها من المفاسد وما ستجره من ذلك على منفيذيها والقائمين عليها وعلى الشعوب ككل أمر واجب ومتحتم ، وهي في هذه الحالة داخلة بلا شك في مسألة

المقارنة بين المصالح والمفاسد ، فرب عقوبة تقام على شخص واحد أتى بموجبها تجر من المفاسد أضعاف أضعاف مفسدة ترك إقامة تلك العقوبة عليه ، كما فصل ذلك شيخ الإسلام -رحمه الله- تعالى في النقل المذكور سابقاً ، ولهذا فالمعتبر النظر في كل حالة بعينها ، إذ بهذه الكيفية أو الطريقة يتم تقدير المصالح والمفاسد المتعلقة بها ، وما يمكن إقامته من العقوبات مع مراعاة ما ذكر والتقيد به لا يترك لأجل العجز عن غيرها ، فإن الحدود والتعازير تعد من أعظم أبواب الأمر بالمعروف والنهي عن المنكر الذي أمرنا شرعاً أن نأتي منه ما استطعنا وأن ننكر ما نقدر على إنكاره ، قال شيخ الإسلام -رحمه الله- : [وما جاءت به الشريعة من المأمورات ، والعقوبات ، والكفارات وغير ذلك ، فإنه يفعل منه بحسب الاستطاعة ، فإذا لم يقدر المسلم على جهاد جميع المشركين فإنه يجاهد من يقدر على جهاده ، وكذلك إذا لم يقدر على عقوبة جميع المعتدين فإنه يعاقب من يقدر على عقوبته ، فإذا لم يمكن النفي والحبس عن جميع الناس كان النفي والحبس على حسب القدرة ، مثل أن يحبس بدار لا يباشر إلا أهلها ، لا يخرج منها ، أو أن لا يباشر إلا شخصاً أو شخصين فهذا هو الممكن ، فيكون هو المأمور به ، وإن أمكن أن يجعل في مكان قد قل فيه القبيح ولا يعدم بالكلية كان ذلك هو المأمور به ، فإن الشريعة جاءت بتحصيل المصالح وتكميلها ، وتعطيل المفاسد وتقليلها ، فالقليل من الخير خير من تركه ، ودفع بعض الشر خير من تركه كله [1][والله تعالى أعلم .

---

[1] -رواه البخاري عن ابن عباس ﷺ ، وقد سبق)-[1].قواعد الأحكام : 7/2-[2].( )السيل الجرار: 310/4)-[1].(مجموع الفتاوى : 312/15 .(

আসলে ফিকহের প্রায় সব কিতাবে এ কথাই পাওয়া যাবে যে, হদ ইমামুল মুসলিমীন কায়েমের করবেন। ফুকাহায়ে কেরাম এ কথা বলেছেন এ হিসেবে যে, মুসলমানদের একজন ইমাম থাকবে এটাই স্বাভাবিক। প্রশাসনিক বিষয়াশয় তিনিই

দেখা শুনা-করবেন। এ জন্যই তো ইমাম নিয়োগ দেয়া হয়। কিন্তু এর অর্থ এই নয় যে, ইমাম না থাকলে হদ কায়েম করা যাবে না। কেননা, যে ভূখণ্ডে ইমামুল মুসলিমীনের কতৃত্ব নেই, বরং স্থানীয় আমীরের নেতৃত্ব চলে এবং তার হদ কায়েম করার মতো পর্যাপ্ত সামর্থ্য আছেসেখানেও হদ কায়েম করতে হবে। যে -মন ধরুন - তালেবানদের শাসনামলে খেলাফত ছিল না, খলিফাও ছিল না। তবে একটা ভূখণ্ডে তালেবানদের শাসনক্ষমতা ছিল। তখন তারা হদ কায়েম করতেন এবং এটা তাদের উপর ফরয ছিল। ইমাম না থাকলেও এখানে হদ কায়েম করতে হচ্ছে। কারণ, হদ কায়েমের সামর্থ্য পাওয়া যাচ্ছে। সব ক্ষেত্রে কথা এটাই যে, ফেতনা ব্যতীত হদ কায়েমের পর্যাপ্ত সামর্থ্য থাকলে হদ কায়েম করতে হবেচাই খলিফা - থাকুক বা না থাকুক। ওয়াল্লাহু আ'লাম।

আল্লামা ইবনে আবেদীন শামী রহএর নিম্নোক্ত বক্তব্য থেকেও বিষয়া . কিছুটা আন্দাজ হবে ইনশাআল্লাহ।

ثم إن الظاهر أن البلاد التي ليست تحت حكم سلطان بل لهم أمير منهم مستقل بالحكم عليهم بالتغلب أو باتفاقهم عليه يكون ذلك الأمير في حكم السلطان فيصح منه تولية القاضي عليهم:: رد المحتار: 5\369

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?১০৪৪৮

জিহাদ ও অন্যান্য ফরযের সমন্বয় সাধনই মধ্যম পন্থা

ইলম ও জিহাদ

Senior Member

০৯-১৪-২০১৮

এক ভাই জিহাদ সম্পর্কে একটি সুন্দর পোস্ট দিয়েছেন। তাতে মুহতারাম ভাই অনেক সুন্দর কথা বলেছেন। তবে [কোন ইবাদতই জিহাদের সমকক্ষ হতে পারে না] কথাটা অস্পষ্ট হওয়ায় তা থেকে ভুল বুঝাবুঝি হতে পারে। তাই একটু তাম্বীহ করা প্রয়োজন মনে করছি।

তাছাড়া প্রাথমিকভাবে ভাইয়েরা যখন জিহাদে যোগ দেন, তখন সমাজের উলামায়ে কেরামের গাফলত, অপব্যাখ্যা, জিহাদ সম্পর্কে লোকজনের উদাসীনতা-ইত্যাদির কারণে অন্তরে প্রচণ্ড ক্ষোভ নিয়ে জিহাদে যোগ দেন। তাছাড়া জিহাদের ফাযায়েলগুলো প্রথমবার দেখার কারণে মনে হয়- দুনিয়াতে জিহাদের চেয়ে বা তার সমকক্ষ আর কোন ইবাদত নেই। আল্লাহ মাফ করুন- কারো কারো মধ্যে এমনটাও হয়ে থাকে যে, জিহাদের কাজের দরুণ অন্যান্য ফরয আদায়ে ত্রুটি করেন। পিতা-মাতার নাফরমানী, উস্তাদের অবাধ্যতা- ইত্যাদি প্রায়ই হয়ে থাকে। মনে করেন, জিহাদ ফরয হয়ে গেছে। এখন আর কোন কিছুই দেখার নেই। এ কারণে জিহাদ ও অন্যান্য ফরয নিয়ে কিছু কথা বলা সময়ের দাবি মনে হচ্ছে।

মনে রাখতে হবে, জিহাদ শরীয়তের একটি ফরয। শরীয়তে আরো অনেক ফরয রয়েছে। কোনোটা ফরযে আইন, কোনোটা ফরযে কেফায়া। আল্লাহ তাআলা কতৃক আরোপকৃত সবগুলো ফরযই আদায় করতে হবে। একটা করতে গিয়ে আরেকটা ছাড়া যাবে না। অন্যান্য ফরয আদায় করতে গিয়ে যেমন জিহাদ ছাড়া যাবে না, জিহাদ করতে গিয়েও অন্য কোন ফরয ছাড়া যাবে না। একান্তই যদি কোথাও খন্দক যুদ্ধের অবস্থা তৈয়ার হয়, তাহলে কথা ভিন্ন। তদ্রূপ, জিহাদের প্রয়োজনে যেসব বিষয়ের অনুমোদন আছে, সেগুলোর কথাও ভিন্ন।

শরীয়তে স্বাভাবিক অবস্থায় আরকানে খামসা তথা ঈমান ও ঈমানের পর নামায-রোযা-হজ্ব-যাকাতের গুরুত্ব ও ফজিলত সবচেয়ে বেশি। এগুলোর সমকক্ষ অন্য কোন ইবাদাত হতে পারে না। এমনকি জিহাদও না। কেননা, এগুলো ফরযে আইন

(নামায-রোযা সকলের উপরই ফরযে আইন, আর হজ্ব-যাকাত সামর্থ্য সাপেক্ষে)। আর জিহাদ স্বাভাবিক অবস্থায় ফরযে কেফায়া। আর ফরযে আইনের গুরুত্ব ও ফজিলত ফরযে কেফায়ার চেয়ে বেশি।

ঈমানের পরই ফরয নামাযের গুরুত্ব। বহু হাদিসে ফরযে কেফায়া জিহাদের চেয়ে নামায শ্রেষ্ট বলে বর্ণিত হয়েছে। যেমন,

বুখারী শরীফে হযরত আব্দুল্লাহ ইবনে মাসউদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি বলেন,

قلت يا رسول الله أي العمل أفضل ؟ قال) الصلاة على ميقاتها) . قلت ثم أي ؟ قال (ثم بر الوالدين) . قلت ثم أي ؟ قال (الجهاد في سبيل الله(

"আমি জিজ্ঞেস করলাম, ইয়া রাসূলাল্লাহ! সর্বোত্তম আমল কোনটি? তিনি উত্তর দেন, সময়মতো নামায় আদায় করা। আমি জিজ্ঞেস করলাম, এরপর কোন আমল? তিনি উত্তর দেন, এরপর হচ্ছে পিতা-মাতার সাথে সদ্বব্যবহার। আমি জিজ্ঞেস করলাম, এরপর কোন আমল? তিনি উত্তর দেন, আল্লাহর রাস্তায় জিহাদ করা।" (সহীহ বুখারী: ২৬৩০)

এ হাদিসে ঠিক ঠিক মতো গুরুত্বের সাথে ফরয নামায সময়মতো আদায় করা এবং পিতা-মাতার সাথে সদ্বব্যবহার ও ফরমাবরদারিকে জিহাদের চেয়ে উত্তম বলা হয়েছে। কেননা, এ উভয়টি ফরযে আইন, আর জিহাদ স্বাভাবিক অবস্থায় ফরযে কেফায়া। আর ফরযে আইন ফরযে কেফায়ার চেয়ে শ্রেষ্ঠ। এমনকি এমতাবস্থায় যদি পিতা মাতা অনুমতি না দেন, তাহলে জিহাদেও যাওয়া যাবে না। হ্যাঁ, ফরযে আইন হয়ে গেলে ভিন্ন কথা। তখন পিতা-মাতা নিষেধ করলেও জিহাদে যেতে হবে। যেমনটা অন্য হাদিসে এসেছে।

ইবনুল হুমাম রহ. বলেন,

لا يتردد في أن المواظبة على أداء فرائض الصلاة وأخذ النفس بها في أوقاتها على ما هو المراد من قوله الصلاة على ميقاتها أفضل من الجهاد. ولأن هذه فرض عين وتتكرر والجهاد ليس كذلك، ولأن افتراض الجهاد ليس إلا للإيمان و إقامة الصلاة. اهـ

“রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের বাণী ‘সময়মতো নামায আদায় করা’ দ্বারা উদ্দেশ্য- দায়েমীভাবে ফরয নামায ওয়াক্তমতো আদায় করা এবং নিজের নফসকে এ ব্যাপারে শাসনে রাখা। সন্দেহ নেই যে, এটি জিহাদের চেয়ে উত্তম। তাছাড়া এটি হচ্ছে ফরযে আইন এবং বারবার এসে থাকে। কিন্তু জিহাদ এমন নয়। তাছাড়া জিহাদ তো ফরয করাই হয়েছে ঈমান ও নামায কায়েমের জন্য।” (ফাতহুল কাদির: ৫/৪৩৫)

অন্য হাদিসে এসেছে যে, সকল ফরযে আইন স্বাভাবিক অবস্থায় জিহাদের চেয়ে উত্তম।

ইমাম দারেমী রহ. বর্ণনা করেন,

عن عبد الله بن أبى قتادة عن أبيه أن رسول الله (قام فخطب فحمد الله و أثنى عليه ثم ذكر الجهاد فلم يدع شيئا أفضل منه إلا الفرائض

“হযরত আব্দুল্লাহ ইবনে আবু কাতাদা তার পিতা আবু কাতাদা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণনা করেন যে, এক দিন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ভাষণ দিতে দাঁড়ালেন। আল্লাহ তাআলার হামদ ও সানার পর জিহাদের প্রসঙ্গ আলোচনা করলেন। তখন তিনি ফারায়েজ ব্যতীত অন্য কিছুকেই জিহাদের চেয়ে উত্তম রাখেননি।” (সুনানে দারেমী: ২৪৬৭)

এ হাদিসে ফরযসমূহকে জিহাদের চেয়ে উত্তম বলা হয়েছে। ফরয দ্বারা এখানে ফরযে আইন উদ্দেশ্য। আর জিহাদ দ্বারা ফরযে কেফায়ার হালতে জিহাদ উদ্দেশ্য। এ হাদিস থেকে বুঝা যায়: ফরযে কেফায়া জিহাদের চেয়ে ফরযে আইন ইবাদত উত্তম।

এ হাদিস প্রসঙ্গে ইমাম সারাখসী রহ. বলেন,

يريد به الفرائض التي يثبت فرضها عينا ، وهي الأركان الخمسة .والجهاد فرض أيضا لكنه فرض كفاية ، والثواب بحسب وكادة الفريضة ، فما يكون فرضا عينا فهو أقوى ، فلهذا استثنى الفرائض من جملة ما فضل رسول الله عليه السلام الجهاد عليه .اهـ

“এখানে ফরযসমূহ দ্বারা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের উদ্দেশ্য ফরযে আইনগুলো। সেগুলো হল- আরকানে খামসা (ঈমান, নামায, রোযা, হজ্ব ও যাকাত)। জিহাদও ফরয, তবে ফরযে কেফায়া। আর সওয়াবের পরিমাণ ফরযের গুরুত্ব হিসেবে হয়ে থাকে। যেটি ফরযে আইন, সেটি অধিক গুরুত্বপূর্ণ। এ কারণে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম যেসব বিষয়ের উপর জিহাদের শ্রেষ্ঠত্ব দিয়েছেন, সেগুলো থেকে ফরযসমূহকে আলাদা রেখেছেন।” (শরহুস সিয়ারিল কাবীর: ১/২৩)

তবে এমতাবস্থায় জিহাদ অন্য সকল নফল ইবাদত থেকে উত্তম। যেমনটা উপরোক্ত হাদিসসহ আরো অনেক হাদিস থেকে বুঝা যায়।

ইবনে তাইমিয়া রহ. বলেন,

والأمر بالجهاد وذكر فضائله فى الكتاب والسنة اكثر من أن يحصر، ولهذا كان أفضل ما تطوع به الانسان، وكان باتفاق العلماء أفضل من الحج والعمرة ومن الصلاة التطوع والصوم التطوع -كما دل عليه الكتاب والسنة. اهـ

“কোরআন-সুন্নাহয় জিহাদের আদেশ ও তার ফাযায়েলের আলোচনা অগণিত। এ কারণে জিহাদ কোন ব্যক্তির নফল ইবাদতসমূহের মধ্যে সর্বশ্রেষ্ঠ। উলামায়ে কেরাম সকলে একমত যে- হজ্ব, উমরা, নফল নামায ও নফল রোযার চেয়ে জিহাদ শ্রেষ্ট; যেমনটা কোরআন সুন্নাহ থেকে প্রমাণিত।” (মাজমুউল ফাতাওয়া: ২৮/৩৫২)

অন্যত্র বলেন,

اتفق العلماء فيما اعلم على انه ليس فى التطوعات افضل من الجهاد فهو افضل من الحج و افضل من الصوم التطوع و افضل من الصلاة التطوع. اهـ

“আমার জানা মতে, উলামায়ে কেরাম সকলে একমত যে, নফল ইবাদতসমূহের মধ্যে জিহাদের চেয়ে উত্তম কিছু নেই। জিহাদ হজ্বের চেয়ে উত্তম। নফল রোযা ও নফল নামাযের চেয়ে উত্তম।” (মাজমুউল ফাতাওয়া: ২৮/৪১৮)

যে হাদিসে জিহাদকে দিনভর রোযা আর রাতভর নামাযের চেয়ে উত্তম বলা হয়েছে, তার দ্বারা উদ্দেশ্য- নফল নামায ও নফল রোযা।

তবে এমতাবস্থায় জিহাদ উত্তম না'কি ইলম উত্তম সেটা মতভেদপূর্ণ। কেননা, ইলমও জিহাদের মতোই ফরযে কেফায়া।

আল্লামা কাশ্মীরী রহ. বলেন:

واعلم أن شغل العلم أفضل الأشغال عند أبي حنيفة، ومالك؛ وعند أحمد الجهاد أفضلها، كذا في «منهاج السنة» لابن تيمية، وفي كتاب السفاريني عن أحمد رواية نحو أبي حنيفة، ومالك. وهذا كله إذا لم يكن الجهاد فرض الوقت، لأن الكلام في باب الفضائل دون الفرائض.اهـ

"জেনে রাখ, আবু হানিফা রহ. এবং মালেক রহ. এর মতে ইলমে দ্বীন অর্জনে ব্যাপৃত থাকা সর্বোত্তম কাজ। ইমাম আহমদ রহ. এর মতে সর্বোত্তম হল জিহাদ। ইবনে তাইমিয়া রহ. এর 'মিনহাজুস সুন্নাহ' তে এমনই বলা হয়েছে। 'সিফারিনী' রহ. এর কিতাবে আহমদ রহ. থেকে আবু হানিফা রহ. ও মালেক রহ. এর অনুরূপ অভিমত বর্ণিত আছে। তবে এ সব কিছু হচ্ছে, যখন জিহাদ ফরযে আইন না হয়ে থাকবে। কেননা, আলোচনা হচ্ছে ফজিলত নিয়ে, ফরয নিয়ে নয়।" (ফয়জুল বারি: ৩/৪১৯, কিতাবুল জিহাদ)

তবে যদি শত্রু মাথার উপর এসে যায়, জিহাদ ফরযে আইন হয়ে যায় এবং এই মূহুর্তে জিহাদে বের হওয়া ভিন্ন শত্রু প্রতিহত করার কোন উপায় না থাকে - তাহলে জিহাদের গুরুত্ব সবচেয়ে বেশি।

যেমনটা ইবনে তাইমিয়া রহ. বলেন,

فالعدو الصائل الذي يفسد الدين والدنيا لا شيء أوجب بعد الإيمان من دفعه.اهـ

"ঈমানের পর আগ্রাসী শত্রু যে দ্বীন ও দুনিয়ার বিনাশ করছে, তাকে প্রতিহত করার চেয়ে আবশ্যক কোন বিষয় নেই।" (আল-ফাতাওয়াল কুবরা: ৫/৫৩৮)

তবে এখানে মনে রাখতে হবে যে, যে বিশেষ পরিস্থিতিতে জিহাদের গুরুত্ব সর্বাধিক, সে পরিস্থিতিতেও কিন্তু অন্য ফরযগুলো ফরয হিসেবেই থেকে যায়। অতএব, সেগুলোও আদায় করতে হবে। তবে একান্তই যদি আদায়ের সুযোগ না

হয়, তাহলে যে ফরয আপাতত পিছিয়ে দিলে চলে সেটাকে পিছিয়ে দিয়ে পরে আদায় করে নিতে হবে।

আমাদের দেশে বর্তমান অবস্থায় জিহাদ ও অন্য সকল ফরযের মাঝে সমন্বয় করা জরুরী। কেননা, আমাদের বর্তমান পরিস্থিতিতে জিহাদের সাথে অন্যান্য ফরয আদায় করা সম্ভব। অতএব, জিহাদের ব্যাপারে যেমন গুরুত্ব দিতে হবে, অন্য সকল ফরযের ব্যাপারেও তেমনি গুরুত্ব দিতে হবে।

দৃষ্টান্তস্বরূপ এখানে মিম্বারুত তাওহিদ থেকে একটি সুওয়াল-জওয়াব উল্লেখ করছি-

هل أقدم الحج على الجهاد؟ ... رقم السؤال: 2911

اذا كان المسلم يريد الخروج للجهاد ولم يحج حيث ان موعد الخروج قبل شهر الحج فهل يخرج قبل الحج او يفوت الخروج ويحج؟

السائل: محب ابى عبدالله

المجيب: اللجنة الشرعية في المنبر

بسم الله الرحمن الرحيم ... الحمد لله رب العالمين ... وصلى الله على نبيه الكريم ... وعلى آله وصحبه أجمعين. ... وبعد: ... إذا كان هذا الأخ المجاهد ممن يحتاج إليه المجاهدون ويشق عليهم تأخره عنهم فعليه في هذه الحالة أن يقدم النفير ويعجل بمعونة إخوته المجاهدين. ... وأما إذا كانوا يحتملون تأخره عنهم بلا مشقة فعليه في هذه الحالة أن يبدأ بفريضة الحج ويثني بفريضة الجهاد. ... ففي ذلك جمع بين الفريضتين، وتقديم للمضيق وقته على الموسع وقته. ... والله أعلم ... والحمد لله رب العالمين.

أجابه، عضو اللجنة الشرعية: ... الشيخ أبو المنذر الشنقيطي

"জিহাদের আগে কি হজ্ব যাব?

প্রশ্ন:

একজন মুসলমান জিহাদে যেতে চান। তিনি এখনও হজ্ব করেননি। কথা হয়েছে যে, হজ্বের একমাস পূর্বে তিনি জিহাদে যাবেন। তিনি কি হজ্ব করার আগে জিহাদে যাবেন, না'কি জিহাদ রেখে হজ্বে যাবেন?

উত্তর:

بِسْمِ اللهِ الرَّحْمَنِ الرَّحِيمِ ... الحمد لله رب العالمين ... وصلى الله على نبيه الكريم ... وعلى آله وصحبه أجمعين. ... وبعد:

এই মুজাহিদ ভাই যদি এমন হন যে, তাকে মুজাহিদগণের প্রয়োজন আছে এবং তিনি পিছনে থেকে গেলে মুজাহিদগণের কষ্ট হবে- তাহলে তাকে জিহাদে বের হওয়াকে অগ্রাধিকার দিতে হবে। আগে তার মুজাহিদ ভাইদের সহযোগিতায় নিয়োজিত হতে হবে।

আর যদি এমন হন যে, কোন প্রকার কষ্ট ছাড়াই তার মুজাহিদ ভাইগণ তার পিছেনে রয়ে যাওয়া বরদাশত করে নিতে পারবেন- তাহলে বর্তমান অবস্থায় তাকে আগে ফরয হজ্ব আদায়ের কাজ শুরু করতে হবে। দ্বিতীয় পর্যায়ে জিহাদ করবেন। এতে উভয় ফরয আদায় করা সম্ভব হবে। তবে যে ফরযের সময় সংকীর্ণ (ফলে সেটাকে পিছিয়ে দেয়ার সুযোগ নেই) সেটাকে যে ফরযের সময় প্রশস্ত (ফলে তা পিছিয়ে দেয়ার সুযোগ আছে) সেটার উপর অগ্রাধিকার দেয়া হচ্ছে।

والله أعلم

... والحمد لله رب العالمين

উত্তর প্রদানে:

শায়খ আবুল মুনযির আশশানকীতি

সদস্য: শরয়ী বিভাগ, মিম্বারুত তাওহিদ"

-মিম্বারুত তাওহিদ, প্রশ্ন নং ২৯১১

মোটকথা- নিঃশর্তভাবে জিহাদকে সকল ইবাদতের চেয়ে শ্রেষ্ট বলা যায় না। কেননা, আরকানে খামসার গুরুত্ব সর্বাধিক। তবে এ কথা বলা যায়- সকল নফল ইবাদতের চেয়ে জিহাদ শ্রেষ্ট। তদ্রূপ, শত্রু মাথার উপর এসে গেলে তখন জিহাদের গুরুত্ব সর্বাধিক। এর প্রয়োজনে তখন অন্যান্য ফরয পিছিয়ে দিয়ে পরে আদায় করা যাবে। তবে যদি সমন্বয় সাধন সম্ভব হয়, তাহলে সবগুলোই যথারীতি যথা সময়ে আদায় করতে হবে। যারা মনে করেন, জিহাদ ফরয হয়ে গেলে আর কোন ফরয ফরযই থাকে না, তারা ভুল করছেন। তদ্রূপ যারা অন্যান্য ফরযের বাহানা তুলে জিহাদ তরক করছেন তারাও ভুল পথে আছেন। সঠিক ও মধ্যমপন্থা হল- জিহাদ ও অন্য সকল ফরযের সমন্বয় সাধন। একটা করতে গিয়ে আরেকটা তরক করা যাবে না। ওয়াল্লাহু তাআলা আ'লাম।

وصلى الله تعالى على خير خلقه محمد وآله وصحبه أجمعين

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?১০৭২০

ইসলামে দণ্ডবিধি (হদ-তা'যির)- ০৮: দুই নির্বাসন

ইলম ও জিহাদ

Senior Member

০৯-২০-২০১৮

দুই. নির্বাসন

কোন অপরাধীর বেলায় যদি মনে হয়, তাকে অন্যত্র নির্বাসন দিলে একাকিত্বের যাতনায় কিংবা নির্বাসিত এলাকার নেক পরিবেশে থেকে সে সংশোধন হয়ে যাবে, তাহলে তাকে অন্যত্র নির্বাসন দেয়া যেতে পারে। এতে এক দিকে সে নিজে সংশোধন হবে, অন্য দিকে লোকজন তার অনিষ্ট থেকে রেহাই পাবে।

এই নির্বাসনের কথা কোরআন ও হাদিসে এসেছে। আল্লাহ তাআলা রাহজানদের শাস্তির ব্যাপারে বলেন,

{إِنَّمَا جَزَاءُ الَّذِينَ يُحَارِبُونَ اللَّهَ وَرَسُولَهُ وَيَسْعَوْنَ فِي الْأَرْضِ فَسَادًا أَنْ يُقَتَّلُوا أَوْ يُصَلَّبُوا أَوْ تُقَطَّعَ أَيْدِيهِمْ وَأَرْجُلُهُمْ مِنْ خِلَافٍ أَوْ يُنْفَوْا مِنَ الْأَرْضِ ذَلِكَ لَهُمْ خِزْيٌ فِي الدُّنْيَا وَلَهُمْ فِي الْآخِرَةِ عَذَابٌ عَظِيمٌ}

"যারা আল্লাহ ও তার রাসূলের বিরুদ্ধে যুদ্ধে লিপ্ত হয় এবং যমিনে ফাসাদ-বিশৃংখলা সৃষ্টি করে বেড়ায়, তাদের শাস্তি এটাই যে- তাদেরকে হত্যা করা হবে অথবা শূলে চড়ানো হবে অথবা বিপরীত দিক থেকে তাদের হাত পা কেটে দেয়া হবে অথবা দেশ থেকে ওদের নির্বাসিত করা হবে। এটা দুনিয়াতে ওদের লাঞ্ছনা, আর আখেরাতে ওদের জন্য রয়েছে মহা শাস্তি।" [মায়েদা: ৩৩]

অনেকের মতে এখানে **أَوْ يُنْفَوْا مِنَ الْأَرْضِ** দ্বারা নির্বাসন উদ্দেশ্য। হাদিসে অবিবাহিত যিনাকারীর শাস্তিতে এক বৎসরের নির্বাসনের কথা এসেছে। মুসলিম শরীফে হযরত উবাদা ইবনে সামেত রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত আছে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন,

(البكر بالبكر جلد مائة ونفي سنة)

“অবিবাহিত অবিবাহিতার সাথে যিনা করলে তার শাস্তি: একশো বেত্রাঘাত ও এক বৎসরের নির্বাসন।” [সহীহ মুসলিম: ১৬৯০]

বুখারী শরীফে এসেছে,

عن زيد بن خالد الجهني قال: (سمعت النبي صلى الله عليه وسلم يأمر فيمن زنى ولم يحصن جلد مائة وتغريب عام)

“হযরত যায়েদ ইবনে খালেদ জুহানী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে অবিবাহিত যিনাকারীকে একশো বেত্রাঘাত ও এক বৎসরের নির্বাসন দেয়ার আদেশ দিতে শুনেছি।”[সহীহ বুখারী: ৬৪৪৩]

অন্য হাদিসে এসেছে- এক লোক এক বাড়িতে কর্মচারি ছিল। সে বাড়ির মালিকের স্ত্রীর সাথে যিনা করে ফেলে। তাদের স্বীকারোক্তির ভিত্তিতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাদের উপর হদ কায়েম করেন। কর্মচারি লোকটি অবিবাহিত ছিল তাই তাকে একশো বেত্রাঘাত করেন এবং এক বছরের জন্য নির্বাসন দেন। আর মালিকের স্ত্রী বিবাহিত হওয়ায় তাকে রজম করে হত্যা করেন। [সহীহ বুখারী, কিতাবুশ শুরূত, বাবুশ শুরূতিল্লাতি লা তাহিল্লু ফিলহুদুদ; সহীহ মুসলিম, কিতাবুল হুদুদ, বাব: মানি’তারাফা আলা নাফসিহি বিয-যিনা।]

সাহাবায়ে কেরাম থেকেও নির্বাসনের ঘটনা বর্ণিত আছে। তবে আমাদের আইম্মায়ে কেরামের মতে এগুলো হদ হিসেবে নয়, তা’যির হিসেবে। অতএব, যার ক্ষেত্রে উপযোগী মনে হয়, তাকেই শুধু নির্বাসন দেয়া হবে; যাকে নির্বাসন দিলে তার নিজের বা অন্যদের ফিতনার আশঙ্কা আছে, তাকে নির্বাসন দেয়া যাবে না। হযরত উমর রাদিল্লাহু আনহু ও হযরত আলী রাদিয়াল্লাহু আনহু থেকে এমনই বর্ণিত আছে।

হিদায়া গ্রন্থকার (৫৯৩হি.) বলেন,

"إلا أن يرى الإمام في ذلك مصلحة فيغربه على قدر ما يرى" وذلك تعزير وسياسة لأنه قد يفيد في بعض الأحوال فيكون الرأي فيه إلى الإمام وعليه يحمل النفي المروي عن بعض الصحابة رضي الله عنهم. اهـ

“তবে যদি ইমামুল মুসলিমীন নির্বাসন দেয়াতে মাসলাহাত রয়েছে মনে করেন, তাহলে যত দিন মুনাসিব মনে করেন নির্বাসন দিতে পারেন। এটি হবে তা’যির ও সিয়াসতরূপে। কেননা, কোন কোন অবস্থায় এটি উপকারী হয়। কাজেই এ ব্যাপারে সিদ্ধান্তের ভার ইমামের উপর ন্যাস্ত। সাহাবায়ে কেরাম রাদিয়াল্লাহু আনহুমের কারো কারো থেকে বর্ণিত নির্বাসন দেয়ার ঘটনাকে এর উপরই প্রয়োগ করা হবে।” [আলহিদায়া: ২/১৮৪]

আল্লামা শামী রহ. (১২৫২হি.) বলেন,

)قوله ويكون بالنفي عن البلد) ومنه ما مر من نفي الزاني البكر ونفي عمر- ﷺ - نصر بن حجاج لافتتان النساء بجماله وفي النهر عن شرح البخاري للعيني أن من آذى الناس ينفى عن البلد. اهـ

“দুররে মুখতার গ্রন্থকারের বক্তব্য [নিজ জনপদ থেকে নির্বাসন দেয়ার মাধ্যমেও তা’যির হতে পারে।] - অবিবাহিত যিনাকারীকে নির্বাসন দেয়ার কথা যা আগে গেছে, সেটা এর মধ্যেই পড়ে। নসর ইবনে হাজ্জাজের সৌন্দযের কারণে মহিলারা যখন ফিতনার শিকার হচ্ছিল, তখন হযরত উমর রাদিয়াল্লাহু আনহু তাকে নির্বান দিয়েছিলেন। এটাও এর মধ্যেই পড়ে। আননাহরুল ফায়েক্বে আইনী প্রণীত বুখারীর ভাষ্যগ্রন্থ থেকে বর্ণিত আছে যে, যে ব্যক্তি লোকজনকে কষ্ট দেবে, তাকে নিজ জনপদ থেকে অন্যত্র নির্বাসন দিয়ে দেয়া হবে।” [রদ্দুল মুহতার: ৪/৬৪]

আল্লামা কাসানী রহ. (৫৮৭হি.) বলেন,

وفعل الصحابة محمول على أنهم رأوا ذلك مصلحة على طريق التعزير ، ألا يرى أنه روي عن سيدنا عمر ﷺ أنه نفى رجلا فلحق بالروم فقال : لا أنفي بعدها أبدا .

وعن سيدنا علي ﷺ أنه قال : كفى بالنفي فتنة؛ فدل أن فعلهم كان على طريق التعزير ، ونحن به نقول : إن للإمام أن ينفي إن رأى المصلحة في التغريب ، ويكون النفي تعزيرا لا حدا. اهـ

“সাহাবায়ে কেরাম থেকে বর্ণিত নির্বাসন দেয়ার ঘটনা এর উপর প্রয়োগ হবে যে, তা’যিররূপে তারা তা উপকারী মনে করেছেন। আপনি কি দেখেন না- হযরত উমর রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, তিনি এক ব্যক্তিকে নির্বাসন দিলে সে রোমানদের সাথে গিয়ে মিলে যায়। তখন তিনি বলেন, ‘এরপর আর কখনও আমি নির্বাসন দেব না।’

হযরত আলী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: ‘ফিতনার জন্য নির্বাসনই যথেষ্ট।’ অতএব, বুঝা গেল- তারা তা করেছেন তা’যিররূপে। আমরাও এ অভিমত পোষণ করি যে, যদি মাসলাহাত মনে করেন, তাহলে ইমামুল মুসলিমীন নির্বাসন দিতে পারেন। এ নির্বাসন হবে তা’যির, হদ না।” [বাদায়িউস সানায়ি’: ১৫/৫২]

পোস্টের লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?১০৮২৮

জিহাদ-কিতাল: কাকে বলে ও কত প্রকার; এক ভাইয়ের প্রশ্নের উত্তর

ইলম ও জিহাদ

Senior Member

০৯-২৩-২০১৮

এক ভাই জানতে চেয়েছেন:

১. জিহাদ কাকে বলে ?

২. জিহাদ কত প্রকার ও কি কি ?

৩. ক্বিতাল কাকে বলে ?

৪. ক্বিতাল কত প্রকার ও কি কি ?

৫. ২ টার মাঝে পার্থক্য কি কি ?

উত্তর:

বিসমিল্লাহির রাহমানীর রাহীম

মুহতারাম ভাই, কমেন্টে রিপ্লাই দিয়েছিলাম। তবে শুধু এতুটুকুতে হয়তো আপনার চাহিদা পূরণ হবে না। তাই রিপ্লাইটা সহ এখানে আরেকটু বিস্তারিত বলছি।

এক. জিহাদ কাকে বলে?

উত্তর: আল্লাহর দ্বীনকে বিজয়ী করার উদ্দেশ্যে কাফের-মুরতাদদের বিরুদ্ধে সরাসরি যুদ্ধ করা কিংবা জান-মাল ও বুদ্ধি-পরামর্শ দিয়ে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে তাতে কোন ধরণের সহায়তা করাকে জিহাদ বলে। আমীরের নির্দেশনা অনুযায়ী নিজ নিজ সামর্থ্যানুযায়ী যে যেভাবে সহায়তা করবে সবই জিহাদ হবে। যে যতটুকু কুরবানী দেবে সে ততটুকু সওয়াব পাবে। আশাকরি বুঝতেই পারছেন- জিহাদ বলতে শুধু যুদ্ধ নয়; কাফেরদের বিরুদ্ধে জয় লাভের জন্য যুদ্ধ এবং আমীরের নির্দেশনাধীন যুদ্ধ সংশ্লিষ্ট অন্য সকল কাজও জিহাদ।

দুই. জিহাদ কত প্রকার ও কি কি?

উত্তর: জিহাদ দুই প্রকার:

১. ইকদামি তথা আক্রমণাত্মক জিহাদ। কাফেরদের দেশ বিজয় করে সেখানে ইসলামী হুকুমত কায়েম করার জন্য এ জিহাদ করা হয়। এটি ফরযে কেফায়া।

২. দিফায়ী তথা প্রতিরক্ষামূলক। কাফেররা মুসলমানদের উপর বা তাদের কোন ভূমিতে আক্রমণ চালালে তা প্রতিহত করা ফরয। একে দিফায়ি জিহাদ বলে। এটি ফরযে আইন।

ফরযে কিফায়া ও ফরযে আইন কাকে বলে, ফরযে আইন কতজনের উপর হয়- কয়দিন আগে এ সম্পর্কে একটা সংক্ষিপ্ত পোস্ট দেয়া হয়েছিল। আপনি সেটা দেখতে পারেন।

লিংক:

https://dawahilallah.com/showthread....২৫০৩;&%২৩২৪৭২;

জিহাদের প্রকারের ব্যাপারে আপনি এই লেখাটা দেখতে পারেন। এখানে উভয় প্রকার জিহাদ (ইকদামি ও দিফায়ি) সম্পর্কে দলীলভিত্তিক আলোচনা আছে।

লেখাটা বিজয়ে লেখা, তাই এখানে পোস্ট করতে পারছি না।

https://my.pcloud.com/publink/show?c...০fQqkTajSkztoy

জিহাদের সংজ্ঞা ও প্রকারের গোছানো আলোচনা আপনি 'ফাযায়েলে জিহাদ' কিতাবে পাবেন। পৃষ্ঠা: ৩-৩৪

এক ভাই সেটার লিংক দিয়েছেন:

https://my.pcloud.com/publink/show?c...aeyA৭sYQdQnJJX

তিন. কিতাল কাকে বলে?

উত্তর: কিতাল অর্থ- যুদ্ধ, লড়াই। কিতালের জন্য দু'টি পক্ষ থাকা জরুরী।

চার. কিতাল কত প্রকার ও কি কি?

উত্তর: মুহতারাম ভাই, এ প্রশ্নের দ্বারা আপনার কি উদ্দেশ্য বুঝতে পারছি না। বুঝিয়ে বললে হয়তো উত্তর দেয়া যাবে। তবে এতটুকু বলতে পারি যে, কিতাল দুই

প্রকার:

১. দ্বীনের জন্য কিতাল: এটা জিহাদ হবে। সওয়াব পাওয়া যাবে। নিহত হলে শহীদ হবে।

২. দুনিয়ার জন্য কিতাল: এটা ফাসাদ ও সন্ত্রাস হবে। গুনাহগার হবে। নিহত হলে বা অন্যকে হত্যা করলে জাহান্নামী হবে।

যেমন- এক হাদিসে হযরত আবু মুসা আশআরী রাদিয়াল্লাহু আনহু থেকে এসেছে-

جاء رجل إلى النبي ﷺ فقال: الرجل يقاتل للمغنم، والرجل يقاتل للذكر، والرجل يقاتل ليرى مكانه، فمن في سبيل الله؟ قال: من قاتل لتكون كلمة الله هي العليا فهو في سبيل الله.

"এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের নিকট হাজির হয়ে আরজ করলো- কেউ যুদ্ধ করে গনিমতের লোভে, কেউ যুদ্ধ করে প্রশংসা লাভের জন্য আর কেউ যুদ্ধ করে তার বাহাদুরী ও বীরত্ব প্রদর্শনের উদ্দেশ্যে। এদের কার যুদ্ধ আল্লাহর রাস্তায় (জিহাদ) গণ্য হবে? রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উত্তর দেন, আল্লাহর কালিমা বুলন্দীর জন্য যে যুদ্ধ করে, তারটাই কেবল আল্লাহর রাস্তায় গণ্য হবে।" (সহীহ বুখারী: ২৮১০, সহীহ মুসলিম: ৫০২৮)

অন্য হাদিসে হযরত আবু বাকরা রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত আছে যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন,

إذا التقى المسلمان بسيفيهما فالقاتل والمقتول في النار. قلت: يا رسول الله! هذا القاتل، فما بال المقتول؟ قال :إنه كان حريصا على قتل صاحبه .

"দুই মুসলমান যদি (না-হক্ব) পরস্পর তরবারি নিয়ে যুদ্ধে লিপ্ত হয়, তাহলে হত্যাকারী এবং নিহত ব্যক্তি উভয়ই জাহান্নামী হবে। আমি আরজ করলাম, ইয়া রাসূলাল্লাহ! হত্যাকারী জাহান্নামী হওয়ার বিষয়টা তো বুঝতে পারছি, কিন্তু নিহত ব্যক্তি কেন জাহান্নামী হবে? রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উত্তর দেন- কারণ, সেও তার প্রতিপক্ষকে হত্যার আকাংখায় ছিল।" (সহীহ বুখারী: ৬৮৭৫, সহীহ মুসলিম: ৭৪৩৪)

পাঁচ. জিহাদ ও কিতালের মাঝে পার্থক্য কি?

উত্তর: জিহাদ ব্যাপকার্থবোধক, যার মাঝে কিতাল এবং কিতাল সংশ্লিষ্ট সকল কাজ অন্তর্ভূক্ত। যেমন- মুজাহিদদের জন্য অর্থ সংগ্রহ করা, খানা-পিনার ব্যবস্থা করা, আহত মুজাহিদদের চিকিৎসা করা, জিহাদে অর্থ প্রদান, বুদ্ধি-পরামর্শ বা টেকনোলোজি দিয়ে মুজাহিদদের সহায়তা- ইত্যাদি সব কিছু জিহাদে শামিল।

আর কিতাল হল জিহাদের একটা গুরুত্বপূর্ণ মারহালা। অতএব, জিহাদ শুধু কিতালের মাঝেই সীমাবদ্ধ না। কিতাল জিহাদের চূড়ান্ত পর্ব। এই মারহালায় পৌঁছতে এবং তা চালিয়ে নিতে অন্য যত কাজের প্রয়োজন সবগুলোই জিহাদ। তবে তা মনমতো হলে হবে না, আমীরের নির্দেশনায় হতে হবে।

মুহতারাম ভাই, আপাতত এতটুকুই উত্তর দিলাম। যদি আপনার প্রশ্নের অন্য কোন উদ্দেশ্য থাকে, তাহলে ব্যাখ্যা করে বললে ইনশাআল্লাহ উত্তর দেয়া যাবে।
ওয়াসসালাম।

কমেন্ট

Taalibul ilm

Super Moderator

০৯-২৩-২০১৮

মাশাআল্লাহ, সুন্দর হয়েছে ভাই...

আমি একটি বাস্তব উদাহরণ যোগ করতে চাই ইনশাআল্লাহ... বর্তমানে প্রতিটি দেশেই একটি সেনাবাহিনী থাকে। এক কথায় তাদের মূল কাজঃ যুদ্ধ করা। কিন্তু খেয়াল করলে দেখা যায়, এ সকল সেনাবাহিনীর মধ্যে আছে বিভিন্ন বিভাগ।

যেমনঃ
- মেডিক্যাল কোর - এদের কাজ সেনাবাহিনীকে চিকিৎসা সেবা দেয়া। এটি এদের একমাত্র কাজ। যুদ্ধ / সম্মুখ-যুদ্ধ / কিতাল এদের অদৌ কোন কাজ নয়।

- ডেন্টাল কোর - এদের কাজ সেনাবাহিনীর দাঁতের চিকিৎসা করা। এটি এদের একমাত্র কাজ। যুদ্ধ / সম্মুখ-যুদ্ধ / কিতাল এদের অদৌ কোন কাজ নয়।

- এএফএনএস (Armed Forces Nursing Service) - এদের কাজ সেনাবাহিনীকে বিভিন্ন সিএমএইচ এ নার্স এর সেবা প্রদান করা। এটি এদের একমাত্র কাজ। যুদ্ধ / সম্মুখ-যুদ্ধ / কিতাল এদের অদৌ কোন কাজ নয়।

- এডুকেশন কোর - এদের কাজ সেনাবাহিনীকে শিক্ষা (বিএসসি, বিকম এ রকম সাধারণ কলেজ-ভার্সিটির পড়ালেখা) প্রদান। যুদ্ধ বিষয়ক কোন শিক্ষা না। এটি এদের একমাত্র কাজ। যুদ্ধ / সম্মুখ-যুদ্ধ / কিতাল এদের অদৌ কোন কাজ নয়।

- ইলেক্ট্রিকাল ও ম্যাকানিকাল ইঞ্জিনিয়ারিং কোর - এদের কাজ সেনাবাহিনীর গাড়ী ও সরঞ্জাম মেরামত ইত্যাদি। এটি এদের একমাত্র কাজ। যুদ্ধ / সম্মুখ-যুদ্ধ / কিতাল এদের অদৌ কোন কাজ নয়।

- আরভিএফসি (Remount, Veterinary and Farms Corps) - এদের কাজ ঘোড়া প্রতিপালন, গরুর খামার করে সেনাবাহিনীকে গরুর দুধ খাওয়ানো। এটি এদের একমাত্র কাজ। যুদ্ধ / সম্মুখ-যুদ্ধ / কিতাল এদের অদৌ কোন কাজ নয়।

- এসিসি (Army Corps of Clerks) - এদের কাজ সেনাবিহিনীর বিভিন্ন অফিসে ক্লার্কের কাজ করা। এটি এদের একমাত্র কাজ। যুদ্ধ / সম্মুখ-যুদ্ধ / কিতাল এদের অদৌ কোন কাজ নয়।

- অর্ডন্যান্স - এদের কাজ সেনাবাহিনীর বিভিন্ন সরঞ্জাম যেমনঃ অস্ত্র, গুলি, গাড়ী, গাড়ীর তেল, রেশন, ইউনিফর্ম ইত্যাদি কেনা-কাটা ও পৌছানো। এটি এদের একমাত্র কাজ। যুদ্ধ / সম্মুখ-যুদ্ধ / কিতাল এদের অদৌ কোন কাজ নয়।

- সিগনালস - এদের কাজ চিঠি, ওয়ারলেস, টেলিফোন ইত্যাদির মাধ্যমে সেনাবাহিনীর বিভিন্ন ইউনিট ও হেডকোয়ার্টারের মধ্যে যোগাযোগের ব্যবস্থা করা। এটি এদের একমাত্র কাজ। এটি এদের একমাত্র কাজ। যুদ্ধ / সম্মুখ-যুদ্ধ / কিতাল এদের অদৌ কোন কাজ নয়।

- সার্ভিস কোর - এদের কাজ সেনাবাহিনীকে গাড়ী দিয়ে কোথাও পৌঁছানো, রেশন ইত্যাদি পৌঁছানো। এটি এদের একমাত্র কাজ। যুদ্ধ / সম্মুখ-যুদ্ধ / কিতাল এদের অদৌ কোন কাজ নয়।

- এফসি - ফাইনান্সিয়াল কন্ট্রোলার - এরা সেনাবাহিনীর বেতন-ভাতা ইত্যাদি হিসাব রাখে। এটি এদের একমাত্র কাজ। যুদ্ধ / সম্মুখ-যুদ্ধ / কিতাল এদের অদৌ কোন কাজ নয়।

- আইএসপিআর - এদের কাজ মিডিয়াতে সেনাবাহিনীর পক্ষ থেকে বিভিন্ন বিবৃতি, বক্তব্য ইত্যাদি প্রচার করা। এটি এদের একমাত্র কাজ। যুদ্ধ / সম্মুখ-যুদ্ধ / কিতাল এদের অদৌ কোন কাজ নয়।

- ডিজিডিপি - ডিফেন্স পারচেজ - এদের কাজ সকল বাহিনীর সরঞ্জাম ক্রয় করা। এটি এদের একমাত্র কাজ। যুদ্ধ / সম্মুখ-যুদ্ধ / কিতাল এদের অদৌ কোন কাজ নয়।

- জিই - গ্যারিসন ইঞ্জিনিয়ার - এদের কাজ সেনাবাহিনীর বাসস্থান, রাস্তাঘাট, লাইট-ফ্যান ইত্যাদি ব্যবস্থা করা। এটি এদের একমাত্র কাজ। যুদ্ধ / সম্মুখ-যুদ্ধ / কিতাল এদের অদৌ কোন কাজ নয়।

সূত্র - https://www.army.mil.bd/Arms-and-Services

লিংক থেকে দেখা যাচ্ছে, সেনাবাহিনীর এতগুলো বিভাগের মধ্যে হাতেগুনা ৩/৪টি ছাড়া বাকী সবই কিন্তু উপরের এই বিভাগগুলো। উপরের সকল কোর / বিভাগই কিন্তু সেনাবাহিনীর পোশাক পরে (নার্স ছাড়া)। এদেরকে সবাই সেনাবাহিনী বলে। তারা সেভাবেই বেতন পায়। সমাজে সেনাবাহিনী পরিচয় দিয়েই চলে।

কিন্তু মূল যুদ্ধে সরাসরি ফাইট / শত্রুকে আঘাত করা / হত্যা করা / আক্রমণ করা / এমনকি নিজেদের দখলে থাকা জায়গা রক্ষা করাও এদের কাজ না। এদের একমাত্র কাজ তাই যা তার নামের পাশে আছে। তবে যুদ্ধের ময়দানে গেলে ব্যক্তিগতভাবে আত্মরক্ষার সুযোগ তারও আছে।

তো এদের সবার কাজই আসলে গাইরে কিতাল (কিতাল নয়)। কিন্তু এই সকল কাজই জিহাদের কাজের মধ্যে সামিল। এদের কাজগুলো সাধারণভাবে যুদ্ধের কাজ, যুদ্ধের প্রস্তুতির কাজ। তাদেরকেও সবাই আর্মি বলে। যদিও তাদের মূল কাজ / উদ্দেশ্য অদৌ শত্রুকে আঘাত করা / কিতাল নয়।

তবে কথা হল - এ সকল সেনাবাহিনী কিতাল করে তাগুতের পথে। আর মুজাহিদরা কিতাল করেন আল্লাহর পথে।

একইভাবে কিতালরত মুজাহিদিনের জন্য উপরের বিভিন্ন ধরনের সাপোর্ট দরকার। এই সাপোর্ট সবগুলোই জিহাদের আওতায় পরবে ইনশাআল্লাহ।

- যারা মুজাহিদিনের চিকিৎসা করেন

- যারা মুজাহিদিনকে দাওরা শরীয়াহ করান, শরীয়াতের হুকুম-আহকাম শিক্ষা দেন, জানিয়ে দেন কিংবা অন্য যে কোন শিক্ষা দেন

- যারা মুজাহিদিনের গাড়ী / যান-বাহন মেরামত করেন

- যারা মুজাহিদিনের আসলিহাত ও অন্যান্য সরঞ্জাম ক্রয় করেন

- যারা মুজাহিদিনকে এবং তাদের আসলিহাত-সরঞ্জাম ইত্যাদি বিভিন্ন জায়গায় পৌঁছে দেন

- যারা মুজাহিদিনের বিভিন্ন রিপোর্ট / ফাইল ইত্যাদি তৈরি ও দেখভাল করেন

- যারা মুজাহিদিনের যোগাযোগ ব্যবস্থা / ফোরাম ইত্যাদি দেখভাল করেন

- যারা মুজাহিদিনের আর্থিক যোগান দেন

- যারা মিডিয়াতে কাজ করেন

- যারা আনসার হিসেবে ঘরের সাপোর্ট দেন

এসবই আসলে বাস্তবে সকল বাহিনীর দরকার হয়। মুজাহিদিনেরও দরকার। আর এ সবই আল্লাহর পথে করা হলে জিহাদ ফি সাবিলিল্লাহ।

মহান রব যেন আমাদেরকে বিভিন্ন উপায়ে জিহদ ফি সাবিলিল্লাহতে শরীক থাকার সুযোগ দান করেন। আমীন।

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?১০৮৬৩

ইসলামে দণ্ডবিধি (হদ-তা'যির); ০৯- তিন-চার. বন্দী ও প্রহার

ইলম ও জিহাদ

Senior Member

১০-০২-২০১৮

তিন. বন্দী করে রাখা

এখানে জেলে বন্দী বা নিজ গৃহে নজরবন্দী উভয়টাই উদ্দেশ্য। কোরআন সুন্নাহয় এ উভয়টাই এসেছে।

আল্লাহ তাআলা ইরশাদ করেন,

وَاللَّاتِي يَأْتِينَ الْفَاحِشَةَ مِنْ نِسَائِكُمْ فَاسْتَشْهِدُوا عَلَيْهِنَّ أَرْبَعَةً مِنْكُمْ فَإِنْ شَهِدُوا فَأَمْسِكُوهُنَّ فِي الْبُيُوتِ حَتَّى يَتَوَفَّاهُنَّ الْمَوْتُ أَوْ يَجْعَلَ اللَّهُ لَهُنَّ سَبِيلًا

"তোমাদের নারীদের মধ্য হতে যারা অশ্লীল কাজ করবে, তাদের ব্যাপারে তোমাদের মধ্য হতে চার জন সাক্ষী রাখবে। তারা সাক্ষ্য দিলে সেসকল নারীকে গৃহে বন্দী করে রাখবে, যাবৎ না মৃত্যু তাদের তুলে নিয়ে যায় কিংবা আল্লাহ তাআলা তাদের জন্য কোন ব্যবস্থা দেন।" [নিসা: ১৫]

ইসলামের শুরু যামানায় যিনার নির্ধারিত কোন শাস্তি ছিল না। সে সময়ে ব্যবস্থা ছিল- যিনায় লিপ্ত নারীদের গৃহে বন্দী করে রাখা। পরবর্তীতে এ বিধান রহিত হয়ে গেছে। অবিবাহিতদের জন্য একশো বেত্রাঘাত আর বিবাহিতদের জন্য রজম করে হত্যা নির্ধারিত হয়েছে।

এ আয়াত যদিও মানসূখ হয়ে গেছে, তবে এ থেকে এতটুকু বুঝে আসে যে, যেসকল অপরাধের জন্য শরীয়তে নির্ধারিত কোন শাস্তি নেই, সেসবের ক্ষেত্রে বন্দী করে রাখা একটা শাস্তি হতে পারে।

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. (৭২৮হি.) বলেন,

قوله تعالى: {فأمسكوهن في البيوت حتى يتوفاهن الموت أو يجعل الله لهن سبيلا} [النساء: 15] قد يستدل بذلك على أن المذنب إذا لم يعرف فيه حكم الشرع فإنه يمسك فيحبس حتى يعرف فيه الحكم الشرعي فينفذ فيه. اهـ

"আল্লাহ তাআলার বাণী: [সেসকল নারীকে গৃহে বন্দী করে রাখবে, যাবৎ না মৃত্যু তাদের তুলে নিয়ে যায় কিংবা আল্লাহ তাআলা তাদের জন্য কোন ব্যবস্থা দেন।] এ থেকে এ বিষয়ে দলীল দেয়া যায় যে, অপরাধীর ব্যাপারে যদি শরীয়তের বিধান জানা না যায়, তাহলে তার ব্যাপারে শরীয়তের বিধান জানা যাওয়ার পূর্ব পর্যন্ত তাকে আটক করে রাখা হবে। বিধান জানা গেলে তখন বাস্তবায়ন করা হবে।" [আলফাতাওয়াল কুবরা: ৫/৫২৭]

এক হাদিসে এসেছে,

عن بهز بن حكيم عن أبيه عن جده: (أن النبي ﷺ حبس رجلا في تهمة ثم خلى عنه)

"হযরত বাহয ইবনে হাকিম তার পিতৃসূত্রে তার দাদা থেকে বর্ণনা করেন- অভিযোগের ভিত্তিতে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এক ব্যক্তিকে বন্দী করেছিলেন। এরপর (নির্দোষ প্রমাণিত হলে) তাকে ছেড়ে দেন।" [তিরমিযি: ১৪১৭, আবু দাউদ: ৩৬৩০]

সাহাবায়ে কেরাম থেকে বন্দী করে রাখার অজস্র ঘটনা বর্ণিত আছে।

চার. প্রহার

প্রহার তা'যিরের অত্যধিক প্রসিদ্ধ পন্থা। বরং তা'যির বলতে যেন সাধারণত প্রহারকেই বুঝিয়ে থাকে। কোরআন সুন্নাহয় প্রহারের দ্বারা তা'যিরের কথা এসেছে। খুলাফায়ে রাশিদিনসহ পরবর্তী সকল যুগে প্রহারের মাধ্যমে তা'যিরের ধারা চলে আসছে।

কোরআনে কারীম থেকে সূরা নিসার পূর্বোল্লিখিত ৩৪ নং আয়াত এর দলীল। আল্লাহ তাআলা ইরশাদ করেন,

وَاللَّاتِي تَخَافُونَ نُشُوزَهُنَّ فَعِظُوهُنَّ وَاهْجُرُوهُنَّ فِي الْمَضَاجِعِ وَاضْرِبُوهُنَّ فَإِنْ أَطَعْنَكُمْ فَلَا تَبْغُوا عَلَيْهِنَّ سَبِيلًا إِنَّ اللَّهَ كَانَ عَلِيًّا كَبِيرًا{

"যে সকল স্ত্রীর ব্যাপারে তোমরা অবাধ্যতার আশঙ্কা কর, তাদেরকে (প্রথমে) বুঝাও এবং (তাতে কাজ না হলে) তাদের সাথে একই বিছানায় শয়ন ছেড়ে দাও এবং (তাতেও সংশোধন না হলে) তাদের প্রহার করতে পার। অতঃপর তারা যদি তোমাদের আনুগত্য করে, তাহলে তাদের বিরুদ্ধে কোনও ব্যবস্থা গ্রহণের পথ খুঁজো না। নিশ্চিত জেনো- আল্লাহ সবার উপরে, সবার বড়।" **[**নিসা: ৩৪**]**

এক হাদিসে এসেছে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেন,

مُرُوا أولادَكم بالصلاة وهم أَبناءُ سبع ، واضربوهم عليها وهم أبناءُ عشْر ، وفرِّقُوا بينهم في المضاجع(

"তোমাদের সন্তানরা যখন সাত বৎসরে উপনীত হয়, তখন তাদেরকে নামাজের আদেশ কর। আর দশ বৎসরে উপনীত হলে তাদেরকে নামাযের জন্য প্রহার কর এবং তাদের বিছানা আলাদা করে দাও।" **[**আবু দাউদ: ৪৯৫**]**

এখানে নাবালেগকে নামায তরক করার কারণে প্রহারের আদেশ দেয়া হয়েছে, অথচ নাবালেগের উপর শরীয়তের বিধি বিধান বর্তায় না; তাছাড়া নামায না পড়ার দ্বারা শুধু ব্যক্তির নিজেরই ক্ষতি হয়, অন্যের ক্ষতি হয় না। তাহলে বালেগ ব্যক্তিদের এবং ঐ সকল অপরাধ, যেগুলোর দ্বারা অন্যের ক্ষতি হয় বা হক নষ্ট হয়- সেগুলোতে এর আগেই প্রহার বৈধ হবে।

অন্য হাদিসে এসেছে,

(لا يجلد فوق عشر جلدات إلا في حد من حدود الله)

"আল্লাহ তাআলার কোন হদ ভিন্ন অন্য কোথাও দশের অধিক বেত্রাঘাত করা যাবে না।" **[**সহীহ বুখারী: ৬৪৫৬**]**

এখানে হদ দ্বারা গুনাহ উদ্দেশ্য। অর্থাৎ গুনাহ নয় এমন বিষয়ে দশের অধিক বেত্রাঘাত করা যাবে না। অর্থাৎ আদব-কায়দা ও সামাজিক বা রাষ্ট্রীয় বৈধ রীতি-নীতির বিপরীত করলে, যদি তা শরয়ী দৃষ্টিকোণ থেকে গুনাহের পর্যায়ে না পড়ে,

তাহলে বেত্রাঘাত করা যাবে, তবে দশের অধিক নয়। আর কোন গুনাহে লিপ্ত হলে তখন মুনাসিব মতো দশের অধিক বেত্রাঘাত করা যাবে।

এক হাদিসে এসেছে, নিজ স্ত্রীর বাঁদিকে বৈধ মনে করে সহবাস করলে একশো বেত্রাঘাত লাগানো হবে। [সহীহ বুখারী: ২২৯০, মুসনাদে আহমাদ: ১৪৫১]

কোরআনে কারীমের মুতাশাবিহ আয়াত নিয়ে ফিতনা সৃষ্টির অপরাধে উমর রাদিয়াল্লাহু আনহু ইরাকের সাবিগ ইবনে ইসলকে পেটাতে পেটাতে রক্তাক্ত করেছেন। [সুনানে দারেমী: ১৪৪] অন্য বর্ণনায় আছে, তিনি তাকে দুইশত বেত্রাঘাত করেছেন। [মুসনাদে বাযযার: ২৯৯]

মোটকথা: প্রহারের দ্বারা তা'যির বৈধ। তবে এর সর্বোচ্চ পরিমাণ কত হবে তা নিয়ে আইম্মায়ে কেরামের মাঝে দ্বিমত রয়েছে। সামনে এর আলোচনা আসবে ইনশাআল্লাহ।

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?১১০৩১

দল করা সম্পর্কে সৌদি উলামা পরিষদের ফতুয়া

সত্য প্রকাশ

Member

১০-১৬-২০১৮

দল সম্পর্কে সৌদি আরবের উলামা পরিষদের ফতুয়া,

ইন্নাল হামদা লিল্লাহ ওয়াস সালাতু ওয়াস সালামু আলা রসুলিল্লাহ আম্মা বা'আদ,

মুক্বীম অবস্থায় 'ইমারত' বিষয়ক বিধি-বিধান সম্পর্কে সঊদী আরবের উচ্চ উলামা পরিষদের ফৎওয়া

প্রশ্ন: মুক্বীম অবস্থায় 'ইমারত' বা কাউকে আমীর বানানো জায়েয আছে কি? অর্থাৎ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর হাদীছ দ্বারা প্রমাণিত যে, তিনজন সফর অবস্থায় থাকলে তাদের একজন তাদের 'আমীর' হবে; উক্ত হাদীছের আলোকে মুক্বীম অবস্থায় কোনো দেশে কোনো দলের 'আমীর' হওয়া জায়েয হবে কি?

উত্তর: আবূ সাঈদ ও আবূ হুরায়রাহরাদিয়াল্লাহু 'আনহুমাবলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, 'তিনজন যখন সফরে বের হবে, তখন তাদের একজনকে তাদের আমীর বানাবে' *(আবূ দাঊদ, সনদ 'হাসান')*। উক্ত হাদীছ দ্বারা সফর অবস্থায় আমীর বানানোর বিষয়টি প্রমাণিত হয়। সুতরাং মুক্বীম অবস্থায় রাষ্ট্রপ্রধান বা তাঁর নিযুক্ত কোনো ব্যক্তি আমীর হবে।[১]

প্রশ্ন:বিভিন্ন ইসলামী দলের উত্থান হয়েছে এবং হচ্ছে, দা'ওয়াতী ক্ষেত্রে যাদের পদ্ধতি ভিন্ন ভিন্ন এবং তারা সবাই সর্বোচ্চ নেতৃত্বের আসনটি অলংকৃত করতে চায়- এক্ষণে উক্ত ইসলামী দলসমূহের উত্থানের ব্যাখ্যা আমরা কিভাবে করতে পারি? তারা কি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম–এর নিম্নোক্ত হাদীছের আওতায় পড়বে? 'আমার উম্মত ৭৩ দলে বিভক্ত হবে, একটি ব্যতীত তাদের সবাই জাহান্নামে যাবে'। কিভাবে আমরা বিভিন্ন দল যেমন: ইখওয়ানী, খালাফী,

[1] সঊদী আরবের স্থায়ী ফৎওয়া বোর্ড, ১৮১৮৮ নং ফৎওয়ার দ্বিতীয় প্রশ্ন।

সালাফী, তাকফীর ওয়া হিজরা, তাবলীগী, ছূফী ইত্যাদির মধ্যে সমন্বয় সাধন করব?

উত্তর: আল্লাহর দ্বীন একটিই এবং সেদিকে আহ্বানের পদ্ধতিও একটিই। সুতরাং যে ব্যক্তি দ্বীন ইসলাম এবং রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম–এর পদ্ধতির উপর চলবে, সে-ই সঠিক কাজটি করবে। আল্লাহই একক তাওফীক্বদাতা।[২]

প্রশ্ন: আমি বিশ্ববিদ্যালয়ের একজন ছাত্র, আমাকে সর্বদা বিভিন্ন মতবাদ এবং দলের মধ্যে বসবাস করতে হয়। তাদের সবাই নিজের দলকে শ্রেষ্ঠ মনে করে এবং সর্বাত্মক চেষ্টা করে নিজেদের সহযোগী সদস্য বাড়ানোর কাজে ব্যস্ত থাকে। যেমন: 'জামা'আতুল ইখওয়ান', 'তাবলীগ জামা'আত (যারা ৪০ দিন, ৪ মাস চিল্লায় বের হয়)', 'জামা'আতু আনছারিস-সুন্নাহ', আব্দুল হামীদ ছাহেবের 'জামা'আহ ইছলাহিইয়াহ' ইত্যাদি। এক্ষণে আমাদেরকে সঠিক পথটি বাৎলে দিবেন বলে আশা করছি।

উত্তর: নির্দিষ্টভাবে কোনো জামা'আতের পক্ষাবলম্বন না করে হক ও দলীলভিত্তিক বিষয়কে আঁকড়ে ধরে থাকা তোমার জন্য যরূরী। তবে কোনো দলসালাফে ছালেহীনের অনুসৃত ছহীহ আক্বীদার সংরক্ষক হলে তাদেরকে সহযোগিতা করা যেতে পারে। যাহোক, তোমার কর্তব্য হচ্ছে, কোরআন ও ছহীহ সুন্নাহর প্রতি আমল করা এবং যাবতীয় বিদ'আত ও কুসংস্কার বর্জন করে চলা। আল্লাহ তাওফীক্ব দান করুন।[৩]

প্রশ্ন: বর্তমান বিদ্যমান বিভিন্ন দল ও জামা'আত, যেমন: 'ইখওয়ানী', 'তাবলীগী', 'আনছারুস-সুন্নাহ', 'জাম্*ইয়্যাহ শার্*ইয়্যাহ', 'সালাফী', 'তাকফীর ওয়াল হিজরা', যেগুলি বর্তমানে মিশরে রয়েছে। আমার প্রশ্ন হচ্ছে, এসব দলের ক্ষেত্রে একজন মুসলিমের কি ধরনের ভূমিকা হতে পারে? এসব দলের ক্ষেত্রে কি রাসূলসাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে হুযায়ফারাদিয়াল্লাহু 'আনহুরাদিয়াল্লাহু 'আনহু বর্ণিত নিম্নোক্ত হাদীছটি প্রযোজ্য হবে? 'গাছের শিকড় কামড়ে ধরে হলেও মৃত্যু অবধি তুমি উক্ত দলগুলির সবই পরিত্যাগ করে চলবে'। *(ছহীহ মুসলিম)*

---

[2] প্রাগুক্ত, ৬৮০০ নং ফৎওয়ার দ্বিতীয় প্রশ্ন।

[3] প্রাগুক্ত, ৪০৯৩ নং ফৎওয়ার দ্বিতীয় প্রশ্ন।

উত্তর: প্রশ্নে উল্লেখিত দলগুলির প্রত্যেকটিতে কিছু হকও আছে, কিছু বাতিলও আছে, অনুরূপভাবে আছে কিছু ভুল-ভ্রান্তি, আবার আছে কিছু সঠিক দিক। ঐসব দলগুলির কোনো কোনটি অন্যগুলির তুলনায় হকের অধিকতর নিকটবর্তী এবং অধিকতর কল্যাণময়। সেজন্য আপনার উচিৎ, প্রত্যেকটি দলকে তাদের সাথে বিদ্যমান হকের ক্ষেত্রে সহযোগিতা করা; আর বাতিল ও ভুল-ভ্রান্তির ক্ষেত্রে তাদেরকে নছীহত করা। যেসব বিষয়ে তোমার সন্দেহ হয়, সেগুলো পরিত্যাগ কর। আর যেসব বিষয়ে তোমার সন্দেহ না হয়, সেগুলো গ্রহণ কর। আল্লাহই একক তাওফীক্বদাতা।[৪]

প্রশ্ন: মুসলিমদেরকে বিভক্তির দিকে ঠেলে দেওয়া এবং তাদের ঐক্য বিনষ্ট করা সত্ত্বেও কি প্রত্যেকটি মুসলিমের কোনো না কোনো ইসলামী দলে থাকা এবং সেই দলের 'আমীরে জামা'আত' থাকা যরূরী?

উত্তর: প্রত্যেক মুসলিমের কথা, কাজে ও বিশ্বাসে পবিত্র কোরআন এবং সুন্নাহর বক্তব্যকে অনুসরণ করে চলা উচিৎ। অনুরূপভাবে তার কর্তব্য হচ্ছে, শুধুমাত্র আল্লাহর সন্তুষ্টির জন্য কাউকে ভালবাসা বা তাকে ঘৃণা করা এবং কেবলমাত্র তাঁর খুশীর জন্যই কারো সাথে সুসম্পর্ক বজায় রাখা বা তার সাথে শত্রুতা পোষণ করা।[৫]

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?১১২২০

[৪] প্রাগুক্ত, ৬২৮০ নং ফৎওয়ার চতুর্থ প্রশ্ন।
[৫] প্রাগুক্ত, ৬২৮০ নং ফৎওয়ার চতুর্থ প্রশ্ন।

ইসলামের দৃষ্টিতে গণতন্ত্র

Talhah Bin Ubaidullah

Senior Member

১১-০৪-২০১৮

بِسْمِ اللَّهِ الرَّحْمَٰنِ الرَّحِيمِ

ইসলামের দৃষ্টিতে গণতন্ত্র

প্রশ্ন: আমি শুনেছি 'গণতন্ত্র' ইসলাম থেকে নেয়া হয়েছে। এ কথাটা কি ঠিক? গণতন্ত্রের পক্ষে প্রচারণা করার হুকুম কি?

উত্তর

আলহামদুলিল্লাহ।

এক: ডেমোক্রেসি (গণতন্ত্র) আরবী শব্দ নয়। এটি গ্রিক ভাষার শব্দ। দুটি শব্দের সমন্বয়ে শব্দটি গঠিত: Demos অর্থ- সাধারণ মানুষ বা জনগণ। আর দ্বিতীয় শব্দটি হচ্ছে-KRATIA অর্থ- শাসন। অতএব, ডেমোক্রেসি শব্দের অর্থ হচ্ছে- সাধারণ মানুষের শাসন অথবা জনগণের শাসন।

দুই: গণতন্ত্র ইসলামের সাথে সাংঘর্ষিক একটি তন্ত্র। এই তন্ত্রে আইন প্রণয়নের ক্ষমতা জনগণের হাতে অথবা তাদের নিযুক্ত প্রতিনিধি (পার্লামেন্ট সদস্য) এর হাতে অর্পণ করা হয়। তাই এ তন্ত্রের মাধ্যমে গায়রুল্লাহর শাসন প্রতিষ্ঠা করা হয়; বরং জনগণ ও জনপ্রতিনিধির শাসন প্রতিষ্ঠা করা হয়। এ তন্ত্রে জনপ্রতিনিধিদের সকলে একমত হওয়ার দরকার নেই। বরং অধিকাংশ সদস্য একমত হওয়ার মাধ্যমে এমন সব আইন জারী করা যায় জনগণ যেসব আইন মেনে চলতে বাধ্য; এমনকি সে আইন যদি মানব প্রকৃতি, ধর্ম, বিবেক ইত্যাদির সাথে সাংঘর্ষিক হয় তবুও। উদাহরণতঃ এই তন্ত্রের অধীনে গর্ভপাত করা, সমকামিতা, সুদি মুনাফার

বিধান ইত্যাদি জারী করা হয়েছে। ইসলামি শাসনকে বাতিল করা হয়েছে। ব্যভিচার ও মদ্যপানকে বৈধ করা হয়েছে। বরং এই তন্ত্রের মাধ্যমে ইসলাম ও ইসলামপন্থীদেরকে প্রতিহত করা হয়। অথচ আল্লাহ তাআলা তাঁর কিতাবে জানিয়েছেন, হুকুম বা শাসনের মালিক একমাত্র তিনি এবং তিনিই হচ্ছেন- উত্তম হুকুমদাতা বা শাসক। পক্ষান্তরে অন্যকে তাঁর শাসনে অংশীদার করা থেকে নিষেধ করেছেন এবং জানিয়েছেন তাঁর চেয়ে উত্তম বিধানদাতা কেউ নেই। আল্লাহ তাআলা বলেন (ভাবানুবাদ): "অতএব, হুকুম দেওয়ার অধিকার সুউচ্চ ও সুমহান আল্লাহর জন্য" [সূরা গাফের, আয়াত: ১২] আল্লাহ তাআলা আরও বলেন (ভাবানুবাদ): "আল্লাহ ছাড়া কারো বিধান দেওয়ার অধিকার নেই। তিনি আদেশ দিয়েছেন যে, তিনি ব্যতীত অন্য কারও ইবাদত করো না। এটাই সরল পথ। কিন্তু অধিকাংশ লোক তা জানে না।"। [সূরা ইউসুফ, আয়াত: ৪০] আল্লাহ তাআলা আরও বলেন: "আল্লাহ কি হুকুমদাতাদের শ্রেষ্ঠ নন?" [সূরা ত্বীন, আয়াত: ০৮] তিনি আরও বলেন (ভাবানুবাদ): "বলুন, তারা কতকাল অবস্থান করেছে- তা আল্লাহই ভাল জানেন। নভোমণ্ডল ও ভূমণ্ডলের গায়েব বিষয়ের জ্ঞান তাঁরই কাছে রয়েছে। তিনি কত চমৎকার দেখেন ও শোনেন! তিনি ব্যতীত তাদের জন্য কোন সাহায্যকারী নেই। তিনি নিজ হুকুমে কাউকে অংশীদার করান না।"[সূরা কাহাফ, আয়াত: ২৬] তিনি আরও বলেন (ভাবানুবাদ): "তারা কি জাহেলিয়াতের হুকুম চায়? বিশ্বাসীদের জন্যে আল্লাহর চেয়ে উত্তম হুকুমদাতা আর কে?"[সূরা মায়েদা, আয়াত: ৫০]

আল্লাহ তাআলা সৃষ্টিকুলের স্রষ্টা। তিনি জানেন, কোন বিধান তাদের জন্য উপযুক্ত; কোন বিধান তাদের জন্য উপযুক্ত নয়। সব মানুষের বিবেক-বুদ্ধি, আচার-আচরণ ও অভ্যাস এক রকম নয়। নিজের জন্য কোনটা উপযোগী মানুষ সেটাই তো জানে না; থাকতো অন্যের জন্য কোনটা উপযুক্ত সেটা জানবে। এ কারণে যে দেশগুলোতে জনগণের প্রণীত আইনে শাসন চলছে সে দেশগুলোতে বিশৃঙ্খলা, চারিত্রিক অবক্ষয়, সামাজিক বিপর্যয় ছাড়া আর কিছু দেখা যায় না। তবে কিছু কিছু দেশে এ তন্ত্রটি নিছক একটি শ্লোগান ছাড়া আর কিছু নয়; যার কোনরূপ বাস্তবতা নেই। এ শ্লোগানের মাধ্যমে জনগণকে ধোঁকা দেয়া উদ্দেশ্য। প্রকৃতপক্ষে রাষ্ট্রপ্রধান ও তার সহযোগীরাই হচ্ছে- আসল শাসক এবং জনগণ হচ্ছে তাদের করদ। এর চেয়ে বড় প্রমাণের আর কি প্রয়োজন আছে, শাসকবর্গ যা

অপছন্দ করে ডেমোক্রেসিতে যদি এমন কিছু থাকে তখন তারা সেটাকে পায়ের নীচে পিষ্ট করে। নির্বাচনে কারচুপি, স্বাধীনতা হরণ, সত্য কথা বললে টুটি চেপে ধরা ইত্যাদি এমন কিছু বাস্তবতা যা সকলের জানা; এগুলো সাব্যস্ত করার জন্য কোন দলিলের প্রয়োজন নেই। দিনের অস্তিত্ব সাব্যস্ত করার জন্য যদি দলিল লাগে তাহলে বিবেকে আর কিছু ধরবে না।

'মাউসুআতুল আদইয়ান ওয়াল মাযাহেব আল-মুআসেরা' গ্রন্থ (২/১০৬৬) তে এসেছে-পার্লামেন্টারি ডেমোক্রেসি: এটি এমন একটি গণতান্ত্রিক শাসনব্যবস্থা যাতে জনগণের নির্বাচিত প্রতিনিধিবর্গের নির্বাচনে গঠিত পরিষদের মাধ্যমে জনগণ শাসনকার্য পরিচালনা করে থাকে। এ ব্যবস্থায় জনগণ বিশেষ কিছু ক্ষেত্রে বিশেষ কিছু প্রক্রিয়ায় শাসনকার্যে সরাসরি হস্তক্ষেপ করার অধিকার রাখে। সে প্রক্রিয়াগুলোর মধ্যে রয়েছে-

১. ভোট দেওয়ার অধিকার: জনগণের কতিপয় ব্যক্তিবর্গ কোন একটি আইনের বিস্তারিত বা সংক্ষিপ্ত বিল উত্থাপন করে। এরপর পার্লামেন্ট কমিটি সেটার উপর আলোচনা করে ও ভোট দেয়।

২. গণভোট দেওয়ার অধিকার: কোন একটি আইন পার্লামেন্টের অনুমোদনের পর জনগণের রায় প্রকাশ করার জন্য পেশ করা।

৩. না-ভোট দেওয়ার অধিকার: কোন একটি আইন প্রকাশ করার নির্দিষ্ট কিছু সময়ের মধ্যে সংবিধান কর্তৃক নির্ধারিত সংখ্যক লোকের পক্ষ থেকে এ আইনের বিরুদ্ধে আপত্তি জানানোর অধিকার। যাতে করে এ আপত্তির ফলে গণভোটের মাধ্যমে সমাধান করা যায়। যদি হ্যাঁ-এর পক্ষে বেশি ভোট পড়ে তাহলে আইনটি কার্যকর করা হয়। আর যদি না-এর পক্ষে বেশি ভোট পড়ে তাহলে সেটি বাতিল করা হয়। বর্তমানে প্রায় সকল সংবিধান এ নিয়মে চলছে। কোন সন্দেহ নেই গণতান্ত্রিক শাসনব্যবস্থা আল্লাহর আনুগত্য ও আইনপ্রণয়ন অধিকারের ক্ষেত্রে একটি নব্য শিরকের স্বরূপমাত্র। যেহেতু এ প্রক্রিয়ায় স্রষ্টা হিসেবে আল্লাহর আইন প্রণয়ন করার একক অধিকারকে ক্ষুণ্ণ করা হয় এবং মাখলুককে এ অধিকার প্রদান করা হয়। অথচ আল্লাহ তাআলা বলেন: "তোমরা আল্লাহকে ছেড়ে নিছক কিছু নামের ইবাদত কর, সেগুলো তোমরা এবং তোমাদের বাপ-দাদারা সাব্যস্ত করে নিয়েছে। আল্লাহ এদের কোন প্রমাণ অবতীর্ণ করেননি। আল্লাহ ছাড়া কারও বিধান

দেওয়ার অধিকার নেই। তিনি আদেশ দিয়েছেন যে, তিনি ব্যতীত অন্য কারও ইবাদত করো না। এটাই সরল পথ। কিন্তু অধিকাংশ লোক তা জানে না।”।[সূরা আল-আনআম, আয়াত: ৫৭] সমাপ্ত।

তিন: অনেক মানুষ ধারণা করে, ডেমোক্রেসি মানে- স্বাধীনতা, মুক্ততা! এটি একটি ভুল ধারণা। যদিও ‘স্বাধীনতা’ ডেমোক্রেসির উদ্ভাবিত একটি পণ্য। আমরা এখানে স্বাধীনতা বলতে বুঝাতে চাই: বিশ্বাসের স্বাধীনতা, চারিত্রিক স্খলনের স্বাধীনতা, মত প্রকাশের স্বাধীনতা। ইসলামী সমাজের উপর এগুলোর নেতিবাচক প্রভাব অনেক। এ প্রভাব মতপ্রকাশের স্বাধীনতার নামে রাসূলগণ, তাদের রিসালাত, কোরআন, সাহাবায়ে কেরামের উপর দোষারোপ করার পর্যায়ে পর্যন্ত পৌঁছে যায়। স্বাধীনতার নামে বেপর্দা, বেহায়াপনা, খারাপ ছবি ও ফিল্ম অনুমোদন দেওয়ার পর্যায়ে পৌঁছে যায়। এভাবে এর তালিকা লম্বা হতেই থাকে। এ সবগুলো উম্মতের দ্বীনদারি ও চরিত্র ধ্বংস করার অপচেষ্টা। পৃথিবীর নানা রাষ্ট্র গণতান্ত্রিক শাসনের আড়ালে যে স্বাধীনতার দিকে আহ্বান জানায় সে স্বাধীনতা আবার সবক্ষেত্রে নয়। বরং স্বার্থ ও প্রবৃত্তির শিকলে এ স্বাধীনতা আষ্টেপৃষ্ঠে বাঁধা। মত প্রকাশের স্বাধীনতার নামে তারা মুহাম্মদ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম ও কোরআনকে দোষারোপ করা অনুমোদন করে; কিন্তু ‘নাৎসিদের ইহুদি নিধন’ নিয়ে কথার ক্ষেত্রে স্বাধীনতা নিষেধ। বরং যে ব্যক্তি এ হত্যাযজ্ঞকে অস্বীকার করে তাকে শাস্তি দেয়া হয়, জেলে পুরা হয়। অথচ এটি একটি ঐতিহাসিক ঘটনা; এটাকে যে কেউ অস্বীকার করতেই পারে।

যদি আসলেই তারা স্বাধীনতার আহ্বায়ক হতো তাহলে তারা ইসলামী রাষ্ট্রের জনগণকে নিজেদের সিদ্ধান্ত নিজেদেরকে নেয়ার সুযোগ দিল না কেন?! কেন তারা মুসলমানদের দেশগুলোকে উপনিবেশ বানাল, তাদের ধর্ম ও বিশ্বাস পরিবর্তনের পদক্ষেপ গ্রহণ করল? ইতালিয়ানরা যখন লিবিয়ার জনগণকে হত্যা করছিল তখন এ স্বাধীনতা কোথায় ছিল? ফ্রান্স যখন আলজেরিয়াতে হত্যাযজ্ঞ চালাচ্ছিল অথবা ইতালিয়ানরা মিশরে গণহত্যা চালাচ্ছিল বা আমেরিকানরা যখন আফগান ও ইরাকে হত্যাযজ্ঞ চালাচ্ছিল তখন এ স্বাধীনতা কোথায় ছিল? এসব স্বাধীনতার দাবীদারদের নিকটেও স্বাধীনতা কতগুলো নিয়ম-কানুন দ্বারা শৃঙ্খলিত; যেমন-

১- আইন: কোন মানুষের এ অধিকার নেই যে, সে রাস্তাতে সাধারণ চলাচলের বিপরীত দিকে চলবে বা গাড়ী চালাবে। অথবা লাইসেন্স ছাড়া কোন দোকান-পাট খুলবে। যদি সে বলে আমি স্বাধীন; কেউ তার দিকে ভ্রুক্ষেপও করবে না।

২- সামাজিক প্রথা: উদাহরণতঃ কোন নারী সাগর যাপনের পোশাক পরে কোন মৃতব্যক্তির শোকাহত বাড়ীতে যেতে পারে না! যদি বলে আমি স্বাধীন, মানুষ তাকে তুচ্ছ-তাচ্ছিল্য করবে, তাড়িয়ে দিবে। কারণ এটি প্রথার বিপরীত।

৩- সাধারণ রুচিবোধ: উদাহরণতঃ কোন ব্যক্তি মানুষের সামনে বায়ু ত্যাগ করতে পারে না! এমনকি ঢেকুর তুলতে পারে না। যদি সে বলে, আমি স্বাধীন, তাহলে মানুষ তাকে হেয় প্রতিপন্ন করে।

এখন আমরা বলতে চাই:

তাহলে আমাদের ধর্মের কেন এ অধিকার থাকবে না যে, আমাদের স্বাধীনতাকে শৃঙ্খলিত করবে। যেমন- তাদের স্বাধীনতা বেশ কিছু বিষয় দ্বারা শৃঙ্খলিত হয়েছে যে বিষয়গুলোকে তারা অস্বীকার করতে পারে না?! কোন সন্দেহ নেই ইসলাম ধর্ম যা নিয়ে এসেছে এর মধ্যেই রয়েছে কল্যাণ ও মানুষের জন্য উপকার। নারীকে বেপর্দা হতে নিষেধ করা, মদপানে বারণ করা, শুকুর খেতে নিষেধ করা ইত্যাদি সব মানুষের শারীরিক, মানসিক ও জৈবনিক কল্যাণেই। কিন্তু ধর্ম যদি তাদের স্বাধীনতাকে বিধিবদ্ধ করে তখনি তারা সেটা প্রত্যাখ্যান করে। আর যদি তাদের মত অন্য কোন মানুষ বা অন্য কোন আইনের পক্ষ থেকে আসে তখন তারা বলে "শুনলাম ও মানলাম"।

চার: কিছু মানুষ ধারণা করে- ডেমোক্রেসি শব্দটা ইসলামে 'শুরা' শব্দের প্রতিশব্দ। এটি কয়েকটি কারণে ভুল। কারণগুলো নিম্নরূপ:

১. শুরা বা পরামর্শ করা হয় নতুন কোন বিষয় নিয়ে, এমন বিষয়ে যে বিষয়ে কোরআন-হাদিসের বক্তব্য সুস্পষ্ট নয়। পক্ষান্তরে 'জনগণের শাসন' এ ধর্মের অকাট্য বিষয়গুলো নিয়েও আলোচনা-পর্যালোচনা করা হয়। এরপর হারামকে হারাম ঘোষণা করা হয় না, হালাল অথবা ওয়াজিবকে হারাম ঘোষণা করা হয়। এসব আইনের বলে মদ বিক্রির বৈধতা দেয়া হয়েছে। ব্যভিচার ও সুদের বৈধতা দেয়া হয়েছে। এসব আইনের মাধ্যমে ইসলামি সংস্থাগুলো ও আল্লাহর দিকে

আহ্বানকারীদের তৎপরতাকে কোণঠাসা করা হয়েছে। এ ধরণের কোণঠাসাকরণ ইসলামি শরিয়ার সাথে সাংঘর্ষিক। শুরা পদ্ধতিতে এমন কোন সিদ্ধান্ত নেয়ার কোন সুযোগ আছে কি?!

২. শুরা কমিটি গঠিত হয় এমন ব্যক্তিবর্গদের সমন্বয়ে যাদের মধ্যে ফিকহ, ইলম, সচেতনতা ও চরিত্র ইত্যাদির একটা উন্নত মান বিদ্যমান থাকে। কারণ চরিত্রহীন ব্যক্তি বা বোকার সাথে পরামর্শ করা যায় না; আর কাফের বা নাস্তিকের সাথে পরামর্শ তো আরও দূরের কথা। পক্ষান্তরে ডেমোক্রেটিক পার্লামেন্ট: পূর্বোক্ত গুণগুলোর কোন বিবেচনা নেই। একজন কাফের, দুর্নীতিবাজ, নির্বোধ ব্যক্তিও পার্লামেন্ট সদস্য হতে পারবে। সুতরাং শুরার সাথে এ তন্ত্রের কি সম্পর্ক?!

৩. শাসক শুরার সিদ্ধান্ত গ্রহণ করতে বাধ্য নন। হতে পারে শুরা কমিটির একজন সদস্য যে পরামর্শ দিয়েছেন তার দলিলের বলিষ্ঠতার কারণে তিনি সেটাই গ্রহণ করবেন। অন্য সদস্যদের মতামতের পরিবর্তে এই মতকে সঠিক মনে করবেন। পক্ষান্তরে গণতান্ত্রিক পদ্ধতিতে 'অধিকাংশ সদস্যের' মত চূড়ান্ত মত। জনগণকে এ মত মেনে চলতে হবে।

অতএব, মুসলমানের কর্তব্য হচ্ছে- তাদের ধর্মকে নিয়ে গৌরববোধ করা, তাদের রবের পক্ষ থেকে দেয়া বিধানের প্রতি আস্থা রাখা; এ বিধান তাদের দুনিয়া ও আখেরাতের কল্যাণে যথেষ্ট এবং আল্লাহর শরিয়ত বিরোধী সকল তন্ত্র-মন্ত্র থেকে নিজের মুক্ততা ঘোষণা করা।

শাসক ও শাসিত সকল মুসলমানের কর্তব্য জীবনের সকল ক্ষেত্রে আল্লাহর বিধান মেনে চলা। ইসলাম ছাড়া অন্য কোন তন্ত্র বা জীবনপদ্ধতি গ্রহণ করা হারাম। আল্লাহকে রব হিসেবে, ইসলামকে ধর্ম হিসেবে ও মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে নবী হিসেবে গ্রহণ করার দাবী হচ্ছে- প্রকাশ্যে ও গোপনে ইসলামকে আঁকড়ে ধরা, আল্লাহর শরিয়তকে সম্মান করা, নবীর আদর্শের অনুসরণ করা।

আমরা আল্লাহর নিকট প্রার্থনা করছি তিনি যেন ইসলামের মাধ্যমে আমাদেরকে শক্তিশালী করেন এবং ষড়যন্ত্রকারীদের ষড়যন্ত্র নস্যাৎ করে দেন। আল্লাহই ভাল জানেন।

সূত্র: ইসলাম জিজ্ঞাসা ও জবাব (islamqa)

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?১১৩৯১

ইসলামপন্থী গণতান্ত্রিকদের উদ্দেশ্য, কিছু সংশয় এবং তার নিরসন!

খালিদ মুস্তাসির

Senior Member

১১-১৭-২০১৮

এক ভাই গণতন্ত্র নিয়ে একটি সংক্ষিপ্ত আলোচনা করেছেন। সেটাতে তিনি তাওহিদ ও জিহাদের নববী মানহাজের অনুসরণকারী ভাইদের প্রতি চ্যালেঞ্জ করেছেন এবং ইসলামপন্থীদের গণতন্ত্র করার ব্যাপারে কিছু যৌক্তিকতা দাড় করিয়েছেন! আজ আপনাদের সামনে সেই ভাইয়ের বিশ্লেষণধর্মী লেখাটির উপর আমার ব্যক্তিগত পর্যালোচনা পেশ করার নিয়ত করেছি , ওয়ামা তাওফিকী ইল্লা বিল্লাহ।

প্রথমে ঐ ভাই প্রচলিত গণতন্ত্রকে দুটি ভাগে বিভক্ত করেছেন। তিনি বলেছেন-

''প্রচলিত গণতন্ত্র কমপক্ষে দুই প্রকার:

১. সরাসরি ধর্মের বিরুদ্ধে সেক্যুলারীয় এন্ড কামালীয় গণতন্ত্র। পশ্চিমা গণতন্ত্র মূলত এটিই।

২. কনজারভেটিভ বা রক্ষণশীল গণতন্ত্র। অর্থাৎ ইসলামের সাথে আকীদাগত সাংঘর্ষিক জায়গুলোতে ব্যাখ্যায় যাওয়া এবং ইসলামের সাথে সংঘর্ষ দুর করার চেষ্টা করা। বর্তমান মুসলিম দেশগুলোর বেশ অনেকগুলোতে এধরনের গণতন্ত্র চর্চিত হয়। যেমন পাকিস্তানের সংবিধানের শুরুতেই আছে, সবকিছুর বিধানদাতা একমাত্র অল্লাহ। বাংলাদেশের বড় দলগুলোর নির্বাচনী মেনিফেস্টোতে থাকে যে, ইসলামবিরোধী কোন আইন করা হবে না।

এই দ্বিতীয় প্রকারটি মূলত গড়ে উঠেছে মুসলিম কমিউনিটির চাপে। দ্বিতীয় প্রকারটির কুফর এত সুস্পষ্ট না যে, এক্ষেত্রে দলগত তাকফীর করা যায়। বরং এখানে প্রত্যেক ব্যক্তির ব্যাপারে আলাদা বিবেচনা করতে হবে। তবে দ্বিতীয় প্রকারটিও আসলে ইসলামসম্মত না। অনেকগুলো কারণে। এবং দ্বিতীয় প্রকারটি মেনে নেওয়া এবং গ্রহণ করা ইসলামী গায়রত ও আত্মমর্যাদাবিরোধী।''

তাঁর এই প্রকারভেদের সাথে আমি ব্যক্তিগতভাবে একমত নই। প্রকৃতপক্ষে, প্রচলিত গণতন্ত্রের কোন প্রকারভেদ নেই, বরং গণতান্ত্রিকদের মাঝে প্রকারভেদ আছে। তিনি কনজারভেটিভ বা রক্ষণশীল গণতন্ত্রের ব্যাখ্যা দিতে গিয়ে বলেছেন ইসলামের সাথে আক্বিদাগত সাংঘর্ষিক জায়গাগুলোতে ব্যাখ্যায় যাওয়া এবং ইসলামের সাথে সংঘর্ষ দূর করার চেষ্টা করা। তাঁর এই প্রকারভেদটা আমার কাছে অস্পষ্ট মনে হয়েছে। আসলে গণতন্ত্রের ইসলামী ব্যাখ্যা গণতন্ত্র করে না, বরং গণতান্ত্রিকরা করে। তাই, এখানে গণতন্ত্রকে প্রকারভেদ করার দ্বারা একটি অঞ্চলের গণতন্ত্রে অংশগ্রহণকারী স্বঘোষিত সেক্যুলারদেরও এই প্রকারভেদে ফেলা হয়। যাইহোক, গণতন্ত্রকে দুইভাগ না করে গণতান্ত্রিকদের প্রকারভেদ করাই সঙ্গত মনে হয়েছে আমার দৃষ্টিতে! আর, ঐ ভাইয়ের বলা তাওহিদ ও জিহাদের নববী মানহাজের অনুসরণকারী ভাইয়েরাও মূলত গণতান্ত্রিকদের মাঝে প্রকারভেদ করে থাকেন, গণতন্ত্রের মাঝে না। অর্থাৎ, এখানে মূল বিষয়টা হলো ঐ ভাইয়ের করা গণতন্ত্রের প্রকারভেদে কোন মৌলিক প্রায়োগিক পার্থক্য নেই। পার্থক্য হল ব্যাখ্যায়। এটা একটা কৃত্রিম পার্থক্য। এটার অস্তিত্ব হল ব্যাখ্যাদানকারীদের মনোজগতে। বাস্তবতা হলো উভয় প্রকারের ধরণ একই – সংসদ আইন পাশ করবে, সেই আইন দিয়ে বিচার হবে। শাসন হবে। বাকি কিছু কিছু ক্ষেত্রে জনমত ও সেই অঞ্চলের অবস্থা বিবেচনায় কিছু ছোট-খাটো বাহ্যিক পরিবর্তন থাকে। যেমন- সংবিধানে বিসমিল্লাহ বা লা ইলাহা ইল্লাল্লাহ উল্লেখ থাকা!

যাইহোক, ঐ ভাইয়ের আলোচনার উপর আমার পর্যালোচনার মূল বিষয় এটা না। মূল আলোচ্য বিষয় হলো তাঁর শেষের কিছু কথা নিয়ে, যেখানে তিনি ভোটে অংশগ্রহণ প্রসঙ্গে বলেছেন-

''যতদিন নিরেট ইসলামী ব্যবস্থা প্রতিষ্ঠিত হচ্ছে না, ততদিন প্যারালাল বা বিকল্প পন্থায় ইসলামকে শক্তিশালী করার দৃষ্টিভঙ্গী নিয়ে ভোটে কিছু ভাল মানুষ ও আলেমের অংশগ্রহণ জরুরী। এর মাধ্যমে ইসলামী শাসন প্রতিষ্ঠার নিয়তে নয়, এবং এটাকে ইসলামী শাসন প্রতিষ্ঠার মাধ্যম হিসেবে নয় বরং এই কঠিন পরিস্থিতিতে সরকারে অবস্থানের মাধ্যমে যতটা ইসলমাবিরোধিতাকে দমিয়ে রাখা যায় এই উদ্দেশ্যে ভোটের রাজনীতিতে অংশ নেওয়া জরুরী। এবং বিচক্ষণ আলেমরা মূলত এই নিয়তেই অংশ নেন। এই অংশ নেওয়া ইসলামের জিহাদ ও বিপ্লবের এন্টি হিসেবে নয়, বরং তার কাজকে সহজায়ন ও সহযোগিতার জন্য।''

আমি তাঁর এই আলোচনার সাথে একমত হতে পারলাম না! আর, বাস্তবতাও তাঁর কথার সম্পূর্ণ বিপরীত দেখতে পাচ্ছি! বাস্তবতা হলো-

১। তাঁরা কোন বাঁধা দিতে পারেন না । বাঁধা দেয়ার অর্থ হল, কোন আইন বা পলিসি পাশ করতে যাওয়া হচ্ছে সেটাকে থামিয়ে দেয়া। শুধু বিরোধিতা করা না। ইসলামপন্থীদের যে অবস্থা তাতে তারা সংসদে এমন শক্তিশালী বিরোধিতাও তৈরি করতে পারে না। আর যেসব দেশে ইসলামী সেন্টিমেন্টের কথা সংসদ আমলে নেয়, সেসব দেশে আমলে নেয়ার কারণ সংসদে বা শাসন ক্ষমতায় ইসলামপন্থীদের অবস্থান না, বরং দেশের মানুষের মধ্যে ইসলামী চেতনা। যেমন:- পাকিস্তান বা সৌদি আরব। আর এসব দেশে শক্তিশালী ইসলামী চেতনার কারণ হল সামাজিক ও রাজনৈতিক বিষয়ে আলেম উলামার দৃঢ় দাওয়াহ ও সোচ্চার অবস্থান।

২) যাঁরা ইসলামী গণতন্ত্র করেন – তাঁরা নিজেরাই এটাকে জিহাদের বিকল্প হিসাবে দাড় করান। যেমন-বাংলাদেশের চরমোনাই, জামাআতে ইসলামী, মিশরের ইখওয়ান; তাঁরা নিজেরাই বলেন- এটাই হল জিহাদ। বরং তাঁরা তো আসল জিহাদকে অস্বীকার করে এটাকেই জিহাদ বলে চালিয়ে দিচ্ছেন! সুতরাং, বাস্তবতা বিবর্জিত ব্যাখ্যা মাথা থেকে বের করে এনে দিলে হবে না, সেটা বাস্তবতার সাথে মিলতে হবে।

৩) এই ইসলামপন্থিদের অনেকেই প্রায় সময় মুজাহিদীনের বিরুদ্ধে অবস্থান নেন।

৪) এই ইসলামী গণতান্ত্রিকরা বলেন- আমরাও স্বীকার করি যে, পূর্ণাঙ্গ শরীয়াহই হলো উত্তম কিন্তু না পারাতে আমরা এই পদ্ধতি গ্রহণ করেছি। অথচ, যখন কেউ পূর্ণাঙ্গ শরীয়াহ অনুযায়ী কোন কাজ করে, তখন এই গণতান্ত্রিক ব্যবস্থার কারণে সেই উত্তম কাজটা দমনে এই ইসলামপন্থিদের কাজ করতে বাধ্য হতে হয়। এটার অনেক প্রমাণ আছে, আর আমীন শাহিনের ঘটনা একটা প্রমাণ। এটা হল এমন ব্যাপার যে, আমি ফিরাউনের বাহিনীতে ঢুকে বনি ইসরাঈলের জন্য কিছু অর্জন করতে পারি কি না দেখি। কিন্তু চাইলেও অনেক সময় আমি ভালোটা করতে পারি না, আমাকে আল্লাহর হুকুমের বদলে ফিরাউনের হুকুমই মানতে হয়।

এই হলো ইসলামপন্থীদের গণতন্ত্রে অংশগ্রহণের বাস্তবতা। এই বাস্তবতা ঐ ভাইয়ের *''উলামায়ে কেরাম ও ভালো মানুষের প্রচলিত গণতন্ত্রে অংশ নেওয়া*

ইসলামের জিহাদ ও বিপ্লবের এন্টি হিসেবে নয়, বরং তার কাজকে সহজায়ন ও সহযোগিতার জন্য! '' এই কথার সম্পূর্ণ বিপরীত। অর্থাৎ, উলামায়ে কেরাম ও ভালো মানুষের প্রচলিত গণতন্ত্রে অংশ নেওয়া ইসলামের জিহাদ ও বিপ্লবের পথে অন্তরায়! এর কিছু কারণ আছে, যা আমার পূর্বোক্ত আলোচনায় মোটামুটি এসে গেছে। তারপরও, সেই কারণগুলো নির্দিষ্টভাবে আমি ইমাম ইবনুল জাওযী রহিমাহুল্লাহ-এর কথা থেকে দিচ্ছি-

ইবনুল জাওযী (মৃত্যু; ৫৯৭ হিজরি) (রহিমাহুল্লাহ) তার 'তালবিসুল ইবলিস' বইতে (পৃষ্ঠা ১২১-১২২) বলেছেন- *"উলামাগণ যখন শাসকদের সাথে মেশা শুরু করেন ইবলিস তখন তাদেরকে ধোঁকা দেয়ার চেষ্টা করে। এই ধোঁকার ফলে আলেমগণ শাসকদের তোষামোদ করা শুরু করেন এবং সুযোগ থাকা স্বত্বেও তাদেরকে অন্যায় কাজে বাধা প্রদান থেকে বিরত থাকেন। তারা শাসকদের সে সকল ক্ষেত্রেও ছাড় দেয়া শুরু করেন যেখানে ইসলাম কোন ছাড় দেয়না এর ফলে তারা দুনিয়াবি কিছু স্বার্থ হাসিল করতে পারেন। আর এভেবেই অন্যায় ও দুর্নীতির রাস্তা তারা খুলে দেন।*

প্রথমত, শাসকরা বলে থাকে- আমি যদি সঠিক না হতাম তাহলে এই সকল আলেমরা অবশ্যই আমাকে বাধা প্রধান করতেন। আর যেহেতু তারা আমার দেয়া সম্পদ-হাদিয়া গ্রহণ করছেন সেহেতু অবশ্যই আমার সম্পদ-হাদিয়া হালাল।

দ্বিতীয়ত, সাধারণ জনগণ বলে থাকে- এই শাসকের শাসন ব্যবস্থা, তার সম্পত্তি, তার কাজ কর্ম সবকিছুই ঠিক আছে। যদি ঠিক না থাকতো তাহলে অবশ্যই উলামাগণ তার সম্পর্কে সমালোচনা করতেন।

তৃতীয়ত, আলেমগণ বলে থাকেন- যেহেতু তারা তাদের দ্বীনকে কলুষিত করেছেন তাই শয়তান ইবলিস তাদের দ্বারা শাসকের উক্তির স্বপক্ষে যুক্তি প্রদান করায়। তারা বলে থাকেন আমরা শাসক ও সাধারণ মুসলিমদের মাঝে মধ্যস্থতা করার জন্য শাসকদের কাছে গিয়ে থাকি। তবে তাদের এই মিথ্যা ধোঁকা প্রকাশিত হয়ে যায় যখন অন্য কেউ শাসক ও মুসলিমদের মাঝে মধ্যস্থতা করার জন্য এগিয়ে আসে। তারা এই নতুন আগুন্তককে নিয়ে খুশি হয় না। তারা শাসকের কাছে নতুন আগুন্তককে নিয়ে আজে বাজে কথা বলে থাকে কারণ তারা শাসকদের একমাত্র মনোযোগের কেন্দ্রবিন্দু হয়ে থাকতে চায়।

তাই শাসকদের সাথে থাকা ঈমানদারদের জন্য খুব বিপদজনক। যখন আলেম উলামারা শাসকদের দরবারে যান তখন হয়ত সঠিক নিয়তেই যান, কিন্তু যখন শাসক তাদেরকে সম্মান করা শুরু করেন ও তাদের উপর বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব দেয়া শুরু করেন তখন তাদের মধ্যে উচ্চাকাঙ্ক্ষা চলে আসে। এরফলে তারা শাসকদের তোষামোদি করা শুরু করেন ও তাদেরকে তাদের অন্যায় কাজে বাধা প্রদান করা থেকে বিরত থাকেন। আর এভাবেই তাদের নিয়তের মধ্যে পরিবর্তন দেখা দেয়। সুফিয়ান সাওরি বলতেন- "শাসকরা আমাকে অপমান করবে বা ছোট করে দেখবে এটাতে আমি ভয় পাই না। আমি ভয় পাই যে তারা আমাকে সম্মান করবে যার ফলে আমার অন্তর তাদের দিকে ঝুকে পড়বে ''

আলোচ্য বিষয়টিতে শাসক সম্পর্কে বলা আছে,আপনারা শাসকের জায়গায় গণতন্ত্র বসিয়ে একটু মিলিয়ে শুদ্ধ করে পড়ে নেন! তাহলেই আশা করি, উলামায়ে কেরাম ও ভালো মানুষের গণতন্ত্রে অংশগ্রহণ যে কতটা ক্ষতিকর তা সুস্পষ্টভাবে বুঝে আসবে ইনশাআল্লাহ।

এখানে মুফতি হামিদুল্লাহ জান (রহিমাহুল্লাহ)-এর আলোচনাকে উল্লেখ করা প্রয়োজন মনে করছি। তিনি বলেন- হারামকে হালাল সাব্যস্ত করে দেওয়া এবং হালালকে হারাম সাব্যস্ত করা, শরীয়ত প্রণয়নের হক, আইন প্রণয়ন, আইন তৈরির হক কেবল আল্লাহ তাআলার জন্য সাব্যস্ত।

إن الحكم إلا لله

বিধানদাতা একমাত্র আল্লাহ তাআলা। (সূরা ইউসুফ, ৪০)

কেউ বলবে ভোট আমানত, কেউ বলবে ভোট ওয়াকালত বা প্রতিনিধিত্ব। কেউ বলবে ভোট হচ্ছে সাক্ষ্য। ভোট যা কিছুই হোক, আমি একটি কথা জিজ্ঞাসা করছি — সাক্ষ্য দেওয়া হবে হকের ব্যাপারে। যে বাতিল শাসনব্যবস্থা রয়েছে, তার সমর্থনে ভোট দেওয়া হল সেই বাতিল নেজামকে মেনে নেওয়া, এই বলা যে এই বাতিল শাসনব্যবস্থা সঠিক! আপনি (ভোটকে) শাহাদাত বলছেন! তো আমি শাহাদাত মানছি, আপনি ওয়াকালত বলছেন! তো আমি ওয়াকালত মানছি, আপনি আমানত বলছেন! তো আমি আমানতও মেনে নিচ্ছি। আপনি যাই বলতে চান বলুন! কিন্তু আপনি এটা বলুন যে, গণতান্ত্রিক শাসনব্যবস্থা, এই নাপাক

শাসনব্যবস্থা, ইংরেজদের দেওয়া শাসনব্যবস্থা! এটাকে কার্যকরভাবে মেনে নিবেন কি, নিবেন না?

আমার মুহতারাম বুজুর্গ ভাই! কোরআন আইন প্রণয়ন ও বিধান প্রণয়নের ব্যাপারে ফায়সালা দিয়ে দিয়েছে। মুসাল্লামুস সুবুত" এর ইবারত হচ্ছে-

أجمعت الأمة على أن الحاكم هو الله تعالى

উম্মাহ একমত হয়েছে যে, একমাত্র শাসক হচ্ছেন আল্লাহ তাআলা।

মুজতাহিদও আইন প্রণয়নকারী নন। তিনি হচ্ছেন শরঈ বিধিবিধানের ব্যাপারে পারদর্শী। তিনি শুধু বলে দেন, প্রণয়ন করেন না। আমরা বুজুর্গদের প্রতি সালাম পেশ করছি, আমরা বুজুর্গদের ইহতিরাম ও সম্মান করি। আমরা বুজুর্গদের প্রতি মন্দ ধারনা করি না। কিন্তু বুজুর্গদের এটাকে কিছু মৌলিক, কিছু অপরাগতা অথবা জরুরত বা ইজতিহাদি ভুল মনে করুন! যিনি যেই ব্যাখ্যা করুক, তিনি অংশ নিয়ে নিয়েছেন, কিন্তু অভিজ্ঞতা এটাই প্রমান করে দেয় যে, এই হযরতদের এই প্রচেষ্টা গণতান্ত্রিক পন্থায় কামিয়াব হতে পারবে না। সুতরাং

لا يلدغ المؤمن من جحر واحد مرتين

একজন মুমিন একই গর্তে দুইবার দংশিত হয়না।

পঞ্চাশ সালের চাইতে বেশি আমরা লোকদের কাছে ভোট চেয়েছি। লোকেরা আমাদের ভোট দিয়েছেন, কখনো এমনও হয়েছে যে, আমাদের ৮৫ মেম্বার (সংসদ সদস্য) অর্জন হয়েছে। জাতীয় এসেম্বলিতে যথেষ্ট আধিক্য অর্জন হয়েছে। কিন্তু আপনারা দেখেছেন — কোন ইসলামী বিধানটা এসেছে? তারা বলে যে, আমরা (ভোট/নির্বাচনের মাধ্যমে) প্রতিরক্ষা করছি, প্রতিরক্ষা কাকে বলে? নারী অধিকার বিল পাস হয়েছে। কেউ এটাকে প্রতিহত করতে পেরেছে? জবাব দিন! বলুন!

আমি আরজ করবো, আল্লাহর ওয়াস্তে আগে বাস্তবতা বুঝুন! হে মৌলবিরা! তাওবা করুন! আমি বলছি, আমি গণতান্ত্রিক রাজনীতিতে অংশ নিয়েছি। ৭০ সালে আমি মেম্বার (সংসদ সদস্য) ছিলাম। মাওলানা সদর শহীদও পাস হয়েছিলেন। ৬০ হাজারের ভোটের লিড পেয়ে পাস হয়েছেন। কিন্তু আমি পরিস্কার

ভাষায় বলছি- আমি এই গুনাহ থেকে তাওবা করে নিয়েছি। আল্লাহ আমার তাওবা কবুল করুন! আপনাদের কাছে দরখাস্ত করছি, আপনারাও তাওবা করুন! আসুন! খেলাফত শাসনব্যবস্থার জন্য আন্দোলনের মূল ভিত্তি অনুসারে ময়দানে আসুন! কেন ঘাবড়াচ্ছেন? আসুন ময়দানে আসুন! দেখুন ইসলামী শাসনব্যবস্থা আসে কিনা! তো আমি কেবল এটাই দরখাস্ত করবো এবং পাকিস্তান ইসলামী হবে কিন্তু কবে? যখন আপনারা গণতান্ত্রিক শাসনব্যবস্থাকে ছুটি দিয়ে দিবেন। এবং এই নাপাক, এই মরা কুকুর আপনাদের কুপ থেকে তুলে ফেলতে হবে, তারপরেই আপনাদের পাক পানি ব্যবস্থা হবে।" ভিডিও লিঙ্ক —

https://youtu.be/Mx৭E_২t৪Qzg

সবশেষে, এই ভাইসহ অন্যান্য ভাইদের উদ্দেশ্য করে বলবো – যেহেতু তারা নিজেরাই স্বীকার করছেন যে সেক্যুলার গণতন্ত্র কুফর এবং তাদের কৃত্রিম ব্যাখ্যাজাত দ্বিতীয় প্রকারের গণতন্ত্র, অর্থাৎ রক্ষনশীল গণতন্ত্রও 'আসলে ইসলামসম্মত না' এবং 'দ্বিতীয় প্রকারটি মেনে নেওয়া এবং গ্রহণ করা ইসলামী গায়রত ও আত্মমর্যাদাবিরোধী''' আর যেহেতু তারা বলছেন যেসব আলেমরা গণতন্ত্রে অংশ নেন তাদের উদ্দেশ্য হল "ইসলামের জিহাদ ও বিপ্লবের এন্টি হিসেবে নয়, বরং তার কাজকে সহজায়ন ও সহযোগিতার জন্য" ; তাই আপনাদের প্রতি মুসলিম ভাই হিসাবে আমাদের নসীহত হল, এই বাস্তবতা স্বীকার করা যে বর্তমানে এই ভূখণ্ডসহ পৃথিবীর অধিকাংশ মুসলিম 'সেক্যুলার গণতন্ত্র' কুফর হবার ব্যাপারে এবং গণতন্ত্রের ইসলামবিরোধী হবার ব্যাপারে অবগত নয়। আর, বর্তমানে এ ভূখণ্ডসহ পৃথিবীর অধিকাংশ মুসলিম ফরয জিহাদের ব্যাপারে অজ্ঞ, উদাসীন কিংবা বিভ্রান্ত। অতএব, যদি কেউ জিহাদের সহজায়ন এবং সহযোগিতা করতে চানই, তবে তার উচিৎ আগে এ দুটি বিষয় (গণতন্ত্র ও জিহাদ)-এর ব্যাপারে মানুষের সামনে সত্য স্পষ্ট করা। এই সত্যের দাওয়াহকে ব্যাপক করা, একে সর্বত্র ছড়িয়ে দেয়া। গণতন্ত্র দিয়ে ইসলাম প্রতিষ্ঠা সম্ভব না, বরং জিহাদের মাধ্যমেই দ্বীন কায়েম হবে, এই সত্য সর্বত্র পৌঁছে দেওয়ার চেষ্টা করা এবং এ সংক্রান্ত ভুল ধারণা দূর করার চেষ্টা করা। দুঃখজনক বিষয় হল আমরা উক্ত ভাই ও তার মতো অন্যান্যদের মাঝে তাদের কথার প্রতিফলন দেখতে

পাই না। যে পরিমাণ সময় তারা মুজাহিদিন, মুজাহিদিন উলামা, উমারাহ এবং মুজাহিদিনের সমর্থকদের খণ্ডনে ব্যয় করেন তার ১০ শতাংশ সময়ও তারা ব্যাপকভাবে প্রচলিত এই ভুল ধারণা দূর করার জন্য দেন না।

আমরা দুয়া করি মহান আল্লাহ্ তায়ালা যেন তাদেরকে এই গুরুত্বপূর্ণ কাজের আঞ্জাম দেয়ার তৌফিক দেন এবং বিভিন্ন ব্যাখ্যার ফাঁদে পড়ে গণতন্ত্রের পক্ষে ওকালতি ও মুজাহিদিনের বিরুদ্ধে অবস্থান নেয়া থেকে হেফাজত করেন।

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?১১৫১০

আত্মঘাতী হামলা কি বৈধ?

আবু বকর সিদ্দিক

Junior Member

১১-২৬-২০১৮

প্রশ্নঃ একটি মাসিক পত্রিকায় জানুয়ারী '০৪ সংখ্যায় 'সাওয়াল- জওয়াব' শীর্ষক শিরোনামে 'আত্মঘাতী বোমায় নিহত ব্যক্তির হুকুম প্রসঙ্গে' রাফিয়া খাতুন, পীরগঞ্জ, ঠাকুরগাঁও, প্রশ্ন করেন-

"আমরা জানি, আত্মহত্যাকারীর পরিণাম জাহান্নাম। কিন্তু বর্তমানে অনেক দেশে মুজাহিদগণ ইহুদী, খৃষ্টানদের বিরুদ্ধে জিহাদ করতে গিয়ে নিজের দেহে বোমা স্থাপন করে নিজেকে মানব বোমায় পরিণত করে মার যাচ্ছেন। এরুপ আত্মঘাতী বোমা হামলা শরীয়তের দৃষ্টিতে জায়েয আছে কি? আত্মঘাতী বোমায় নিহত ব্যক্তিটি কি আত্মহত্যাকারী গণ্য হবে ?"

জবাব দেয়া হয়েছে, " না, এরুপ আত্মঘাতী বোমায় প্রাণ উৎসর্গ শরীয়তে জায়েয নয়। তা সম্পূর্ণ হারাম। আত্মঘাতী বোমায় নিহত ব্যক্তি অবশ্যই আত্মহত্যাকারী গণ্য হবে।

প্রশ্ন হলো, উক্ত মাসিকের এই জবাব কি সঠিক ? শত্রুর বিরুদ্ধে আত্মঘাতী হামলা আর আত্মহত্যা কি এক ?

যারা ইসলাম ও মুসলমানের পক্ষে অত্যাচারী কাফের, মুশরিক, ইহুদীদের বিরুদ্ধে আত্মঘাতী হামলার পথ নিচ্ছে, তারা কি আসলেই জাহান্নামের পথে পা বাড়াচ্ছে? এ ব্যাপারে মাননীয় মুফতী সাহেবের মূল্যায়ন কী? বিস্তারিত জানতে চাই।

উত্তরঃ 'আত্মহত্যা 'আর 'আত্মঘাতী হামলা 'এদু'টি বিষয় শাব্দিকভাবে যেমন দু'রকম, তেমনি অর্থ ও উদ্দেশ্যের দিক থেকেও সম্পূর্ণ ভিন্ন। দু'টির শরঈ হুকুমও বিপরীতমুখী।

আত্মহত্যা হলো, জীবনের উপর অতিষ্ঠ হয়ে (অথবা কোন কারণ ছাড়াই) উদ্দেশ্যহীনভাবে নিজের জন্য মৃত্যুকে বেছে নেয়া।

পক্ষান্তরে ‘ আত্মঘাতী হামলা ‘ হচ্ছে শত্রু পক্ষকে ঘায়েল করার এমন একটি কৌশল, যা অবলম্বন করলে হামলাকারীর জীবনও হুমকীর মুখে পতিত হয় এবং তার মৃত্যুও অনিবার্য হয়ে ওঠে।

প্রথমেই জেনে রাখা ভালো যে, আত্মঘাতী (আত্মোৎসর্গ) বোমা হামলার বিষয়টি নতুন হলেও আত্মঘাতী (আত্মোৎসর্গ) হামলার কৌশল কিন্তু নতুন নয়। বরং ইসলামের শুরুর যুগেও এর নযির রয়েছে।

কুরআনুল কারীমের নির্ভরযোগ্য তাফসীরসমূহ, এ বিষয়ের হাদীস এবং ফিকহ ও ফাতাওয়া গ্রন্থগুলোর সংশ্লিষ্ট অংশ যারা গভীরভাবে অধ্যায়ন করেছেন, তাদের ভালোভাবই জানা থাকবে যে,

ইসলামের শত্রু পক্ষকে ঘায়েল করা, শত্রু শিবিরে আতংক সৃষ্টি করা অথবা অন্য কোনভাবে মুসলমানদের বিশেষ উপকার সাধনের লক্ষে মৃত্যু অনীবার্য জেনেও এককভাবে শত্রুর উপর হামলা করে স্বীয় জীবন বিসর্জন দেয়া শুধু জায়েযই নয় বরং বিরাট ফজিলত ও সওয়াবের কাজও বটে।

এ বিষয়ের দলিল থেকে কয়েকটি পেশ করা হচ্ছে –

সূরা বাকারার ১৯৫ নং আয়াতের তাফসীরে ইমাম বুখারী (র) সাহাবী হযরত হুযাইফা (রাঃ) এর বর্ণনা উল্লেখ করেছেন-

তিনি বলেছেন, আয়াতটি সদকার ব্যাপারে অবতীর্ণ হয়েছে। ইমাম কুরতুবী বলেন, আল ইয়াযিদ ইবনে আবু হাবীব আসলামের মাধ্যমে আবু ইমরান থেকে বর্ণনা করেছেন যে, আমরা কুসতুনতানিয়ার (ইস্তাম্বুল) যুদ্ধে ছিলাম। আবদুর রহমান ইবনুল ওয়ালীদ দলের আমীর ছিলেন। রোম সেনাদল (শত্রু পক্ষ) শহরের দেয়ালকে পিছনে রেখে প্রস্তুত ছিলো।

এরই মধ্যে একজন মুসলমান শত্রুপক্ষের উপর একা অতর্কিত হামলা করে বসলো। তা দেখে কিছু লোক বলে উঠলো, হায় হায় ! লোকটি কি করলো ? লা ইলাহা ইল্লাল্লাহ! নিজেকে ধ্বংসে পতিত করলো (অর্থাৎ আত্মহত্যা করলো)? তখন সাহাবী হযরত আবু আইউব আনসারী (রাঃ) বলেন, সুবাহানাল্লাহ ! ... (তোমরা নিজেদেরকে ধ্বংসের মুখে পতিত করো না)। এ আয়াতটি আমাদের আনসারদের ব্যাপারে অবতীর্ণ হয়েছে।

(তিনি বলেন,) ধ্বংসের মুখে নিজেকে নিক্ষেপ করার মানে হলো, ধন-সম্পদ নিয়ে ব্যস্ত থাকা ও জিহাদ না করা। (তাফসীরুল কুরতুবী – ২/ ৩৬১)

উপরোক্ত রেওয়ায়েতটি তিরমিযী শরীফেও বর্ণিত হয়েছে। এ রেওয়ায়েতে একজন মুজাহিদের একটি শত্রুপক্ষের ভিতর হামলা করতে যাওয়াকে যেখানে তার কিছু সহযোদ্ধা আত্মঘাতী হামলা মনে করে চিন্তিত হয়েছেন, তার জবাবে প্রখ্যাত সাহাবী আবু আইউব আনসারী সুস্পষ্টভাবে জানিয়ে দিয়েছেন, এটিও জিহাদের অংশ।

ইয়ামামার যুদ্ধে হযরত আনাস ইবনে মালেকের (রাঃ) ভাই বারা ইবনে মালেক (রাঃ) তাঁর সহযোদ্ধাদের বললেন, আমাকে তোমরা চামড়ার থলেতে ঢুকিয়ে শত্রু দলের ভিতরে ফেলে আসো, তারা তাই করলো। হযরত বার একাই তাদের সাথে লড়াই করলেন এবং দূর্গের গেট খুলে দিলেন। (তারীখে তাবারী ও তাফসীরে কুরতুবী – ২ /৩৬৪)

তাফসীরে কুরতুবীতে এই মাসআলাটি এভাবে বলা হয়েছে, কোন ব্যক্তি যদি নিশ্চিত হয় যে, শত্রু পক্ষের উপর হামলা করতে গেলে সে নিহত হবে, কিন্তু এর দ্বারা শত্রু ক্ষতিগ্রস্ত হবে অথবা তাদের মধ্যে এমন প্রভাব পড়বে, যার দ্বারা মুসলমানগণ উপকৃত হবে- একথা ভেবে যদি সে দুশমনের দলের ভিতর একাই হামলা করে বসে, তবুও তা জায়েয।

(ইমাম কুরতুবী এ বক্তব্যের দলীল স্বরুপ বলেন) বর্ণিত আছে যে,

“এক সাহাবী রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বললেন, আমি যদি আল্লাহর রাস্তায় সওয়াবের উদ্দেশ্যে সবর করে নিহত হই, তবে আমার হুকুম কি হবে ?

রাসূলুল্লাহ (সাঃ) জবাবে বললেন, ‘ এর বিনিময়ে তুমি জান্নাত পাবে। ‘এ কথা শুনে লোকটি শত্রুদলের ভিতরে ঢুকে পড়লেন এবং শহীদ হয়ে গেলেন।” (তাফসীরুল কুরতুবী – ২ /৩৬৪)

ইমাম আবু হানিফার প্রখ্যাত শাগরেদ, হানাফী মাযহাবের মৌলিক ছয়টি কিতাবের রচয়িতা ইমাম মুহাম্মদ ইবনে হাসান (রহঃ) তাঁর কিতাব আস-সিয়ারুল কাবীরে

এ ধরনের হামলার সুস্পষ্ট অনুমোদন দিয়েছেন। (আহকামুল কোরআন, ১১/ ২৯০)

“উপমহাদেশের প্রখ্যাত ফকীহ ও মুহাদ্দিস সুবিখ্যাত হাদীস ভাষা ই’লাউসুনানের রচয়িতা আল্লামা জাফর আহমদ উসমানী (রহঃ) তাঁর কিতাবে (আহকামুল কোরআন) বহু আয়াত, হাদীস এবং ইমামদের বক্তব্য উল্লেখ করে এ ধরনের হামলা (মুসলমানদের উপকারের স্বার্থে আত্মঘাতী হামলা) কে শুধু জায়েযই বলেননি বরং হামলাকারী শাহাদাতের সুউচ্চ মরতবা পাবেন এ কথাও সুস্পষ্টভাবে উল্লেখ করেছেন”

(দ্রষ্টব্যঃ আহকামুল কোরআন – ১১ / ২৯০- ২৯২)

প্রশ্নোত্তরের এ সংক্ষিপ্ত কলেবরে এর চেয়ে বিস্তারিত আলোচনা সম্ভব নয়। আল্লাহ তা’য়ালা সকলকে সহীহ দ্বীন বুঝার ও বলার তাওফীক দিন।

জাযাকাল্লাহু খাইরান।

উত্তর প্রদানঃ

মুফতী আবুল হাসান মুহাম্মদ আবদুল্লাহ,

মুহতামিম,
মারকাজুদ্ দাওয়াতিল ইসলামিয়া (উচ্চতর ইসলামী শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান)
ঢাকা, বাংলাদেশ।

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?১১৬২৪

দারুল ইসলাম এবং দারুল হারব

আবু বকর সিদ্দিক

Junior Member

12-02-2018

দারুল ইসলামের সংজ্ঞা ও পরিচয়

ইমাম মুহাম্মাদ রহ. বলেন, "দারুল ইসলাম— এমন ভূমি, যা মুসলমানদের শাসনাধীন। যেখানে ইসলামের আহকাম ও বিধিবিধান প্রতিষ্ঠিত এবং সেখানে মুসলমানরা নিরাপত্তার সাথে বসবাস করে। (হাকিম শহিদ রহ. 'আলকাফি' গ্রন্থে ইমাম মুহাম্মাদ রহ. থেকে এই সংজ্ঞা বর্ণনা করেছেন।) যেই ভূমিরা অধিবাসীরা সকলেই মুসলমান, কিংবা সকলেই ইসলামের শাসনব্যবস্থা মান্যকারী অমুসলিম (যিম্মি) কিংবা উভয় গোষ্ঠীরই উপস্থিতি— সমান; সর্বাবস্থায়ই তা দারুল ইসলাম।

ইসলাম আসার আগে তো আর দারুল ইসলাম বলতে কিছু ছিলো না। সব ছিলো দারুল হারব। তো এই দারুল হারব কীভাবে দারুল ইসলামে রূপান্তরিত হয়— আসুন, সে বিষয়টা জেনে নেই। ইমাম মুহাম্মাদ রহ. এর 'আসসিয়ারুল কাবির' এবং সারাখসি রহ. প্রণীত তার ব্যাখ্যাগ্রন্থের আলোকে প্রতিভাত হয়— দারুল হারব তিনভাবে দারুল ইসলামে রূপান্তরিত হয়।

১. দারুল হারবের কোনো শহরের অধিবাসীরা যদি ইসলাম গ্রহণ করে নিজেদের শহরেই অবস্থান করে, তবে তাদের ইসলাম গ্রহণের সময় থেকে তা দারুল ইসলামে রূপান্তরিত হয়ে যাবে। [শরহুস সিয়ারিল কাবির, সারাখসি— ১/২৪৯-২৫০]

তেমনি যদি মুশরিকরা তা বিজয় করে নেয় এরপর মুসলমানরা পুনরায় তা উদ্ধার করতে সক্ষম হয়, এবং মুশরিকরাও সেখান থেকে বিতাড়িত হয়, আর মুসলমানরাও সেখানে স্থায়ীভাবে বসবাস শুরু করে, তবে তা দারুল ইসলাম হিসেবেই পরিগণিত হবে। কেননা যখন মুশরিকরা তার কবজা নিয়ে নিয়েছিলো, তখন তা দারুল হারব হয়ে গিয়েছিলো। এরপর যখন মুসলমানরা তা বিজয় করে

নিলো এবং সেখানে বসবাসের সংকল্প করলো, তখন পুনরায় তা দারুল ইসলামে রূপান্তরিত হয়েছে। [প্রাগুক্ত; আলআহকামুস সুলতানিয়া, মাওয়ারদি— ১৩৭]

২. দারুল হারবের কোনো ভূমি বিজয় এবং তার ওপর ইসলামের বিধিবিধান বাস্তবায়নের ঘোষণার মাধ্যমেও দেশ দারুল ইসলাম হয়। সারাখসি রহ. বলেন, "মুসলমানরা যদি শত্রুদের কোনো ভূমি বিজয় করে এবং তাদের পূর্ণ দখলে আসে, হারবি অধিবাসীরা পলায়ন করে, তবে ইসলামের বিধিবিধান প্রতিষ্ঠা করার দ্বারা তা দারুল ইসলাম হয়ে যাবে।"

আল্লামা হাসকাফি রহ. বলেন, "এ বিষয়ে কোনো মতবিরোধ নেই যে, ইসলামের কিছু আহকাম-বিধান প্রতিষ্ঠা করার দ্বারাই দারুল হারব দারুল ইসলামে রূপান্তরিত হয়ে যেতে পারে।''[আদদুররুল মুনতাকা শরহুল মুলতাকা— ১/৬৩৮]

বোঝা গেলো, ইসলামি বিধিবিধান প্রতিষ্ঠিত না হলে শুধু দেশ বিজয়ের দ্বারাই তা দারুল ইসলাম হিসেবে গণ্য হবে না। তেমনি হারবিরা পূর্ণরূপে বিতাড়িত না হলে, তাদের ক্ষমতা-প্রতাপ পরিপূর্ণ বিদূরিত না হলে তা দারুল ইসলাম হিসেবে গণ্য হবে না। কেননা ইসলামি ভূমি হওয়ার জন্য প্রথমে কুফরের মূলোৎপাটন জরুরি। [শরহুস সিয়ারিল কাবির— ৩/১০০৪-১০০৬, ৪/১২৫৩, ১২৫৭; আলমাবসুত— ১০/২৩, ১১৪; ফাতাওয়া হিন্দিয়া— ২/২৩২; ফাতাওয়া বাযযাযিয়া (হিন্দিয়ার ষষ্ঠ খণ্ডের টীকায়)— ৩/৩১১-৩১২]

সারাখসি রহ. এর কথায় ফিরে যাই। এরপর তিনি বলছেন, "মুসলমানদের শাসনব্যবস্থা প্রতিষ্ঠার দ্বারা দেশ দারুল ইসলাম হয়ে যাবে। মুশরিকদের ওপর মুসলমানদের আধিপত্য প্রতিষ্ঠিত হলে তারা 'যিম্মি' বলে গণ্য হবে।" (আর হারবি থাকবে না।)। [শরহুস সিয়ারিল কাবির— ৫/২১৬, ২১৯১, ২১৯৭; আলমাবসুত— ১০/২৩; ফাতাওয়া হিন্দিয়া— ২/২৩২; আদদুররুল মুখতার— ৪/১৭৫; আদদুররুল মুনতাকা— ১/৬৩৪; রাওযাতুত তালিবিন— ৫/৪৩৩; তুহফাতুল মুহতাজ— ৯/২৬৯]

বোঝা গেলো, কোনো দেশ দারুল ইসলাম হতে পারে; যদিও তার সকল নাগরিক অমুসলিম হয়। কেননা তাতে ইসলামের শাসনব্যবস্থা প্রতিষ্ঠিত রয়েছে। নাগরিকরা অমুসলিম হলেও রাষ্ট্র ইসলামি শাসনক্ষমতার অধীন রয়েছে। তেমনই কোনো দেশ

দারুল হারব হতে পারে; যদিও তার অধিকাংশ নাগরিক মুসলিম হয়। কেননা তাতে কুফরের শাসন ও বিচারব্যবস্থা প্রতিষ্ঠিত রয়েছে। নাগরিকরা মুসলিম হলেও রাষ্ট্র কুফরি শাসনক্ষমতার অধীন রয়েছে।

এজন্যই ইমাম মুহাম্মাদ রহ. বলেন, "যদি মুসলমানদের কোনো সৈন্যদল দারুল হারবে প্রবেশ করে এবং খলিফার পক্ষ থেকে নির্ধারিত কোনো আমিরের তত্ত্বাবধানে তারা থাকে, তখন তারা দারুল হারবের কোনো শহরে ঢুকে তাদের সামনে ইসলাম উপস্থাপন করে, আর তারা ইসলাম গ্রহণ করতে অস্বীকৃতি জানায়, তখন মুসলিম সৈন্যদল তাদেরকে জিযয়া প্রদান করতে নির্দেশ দেয়, আর তারাও এ আহ্বান মেনে নেয়...এবং তারা বলে, তোমরা আমাদেরকে এই 'আহদ' দাও যে, আমরা স্থায়ীভাবে এই ভূমিতেই থাকবো। এরপর যতোক্ষণ মুসলমানরা তাদের সঙ্গে বাস করবে, তারা হারবিদের ওপর শক্তিশালী এবং হারবিরাও তাদের থেকে নিবৃত্ত থাকবে, তাহলে এতে কোনো সমস্যা নেই যে, আমির তাদেরকে 'যিম্মি' বানিয়ে নিবে এবং তাদের ওপর একজন আমির নির্ধারণ করে দিবে, যিনি তাদের ওপর ইসলামের শাসনব্যবস্থা প্রতিষ্ঠিত করবেন, তাদের ওপর ইসলামের শাসনব্যবস্থা প্রতিষ্ঠিত করার দ্বারাই তারা 'যিম্মি' এবং দেশ দারুল ইসলাম হিসেবে সাব্যস্ত হবে।...যদি মুসলমানরা যিম্মিদের সহযোগিতা ছাড়া ইসলামের বিধিবিধান প্রতিষ্ঠা করতে সক্ষম না হয়, তবে আমির তাদের 'যিম্মা' চুক্তি গ্রহণ করবেন না। কেননা যখন যিম্মিদের সাহায্য-সন্তুষ্টি ছাড়া মুসলমানরা ইসলামের বিধিবিধান প্রতিষ্ঠা করতে সক্ষম না হবে, তখন আদতে ইসলামের বিধিবিধান প্রতিষ্ঠা করছে যিম্মিরা; (মুসলমানরা নয়) অথচ ইসলামের বিধিবিধান প্রয়োগ করবে একমাত্র মুসলিমরা।" [আসসিয়ারুল কাবির মা'আ শরহিস সারাখসি— ৫/২১৯১-২১৯৩; মাজমাউল আনহুর— ১/৬৫৯; আহকামুদ দিয়ার— ১৮-২০;]

এর আলোকে বলা যায়, যেসব দেশে ইসলামি শাসনব্যবস্থা নেই, যদিও তাতে মুসলমানরা ওয়াজ-মাহফিল, ইদ-জামাআত ইত্যাদি আদায় করতে পারে, তা দারুল ইসলাম হিসেবে পরিগণিত হবে না। [মাজাল্লাতুল কানুন ওয়াল ইকতিছাদ, যিলহজ সংখ্যা, ১৩৫৪ হিজরি, পৃ. ২০৩, তা'লিক- ১]

৩. ইমাম মুহাম্মাদ রহ. বলেন, যদি যিম্মিরা তাদের চুক্তি ভঙ্গ করে মুসলমানদের সাথে লড়াইয়ে লিপ্ত হয়ে তাদেরকে পরাজিত করে দারুল ইসলামের দখল নিয়ে

নেয়, তবে তাদের শাসন চলতে পারে, যদি মুসলমানরা পূর্ণ নিরাপত্তার সাথে সেখানে বাস করতে পারে। কেননা এক্ষেত্রে তা দারুল হারব হয়ে যায়নি। দেখছো না, মুসলমানরা সেখানে নিরাপদ! এটা আদতে দারুল ইসলামই, যদিও আজ তার এই অবস্থা। [কিতাবুল আসল, সিয়ার অধ্যায়, ইমাম মুহাম্মাদ— ২১৭]

আল্লামা সারাখসি রহ. বলছেন, যেখানে মুসলমানরা নিরাপত্তার সাথে বাস করতে পারে না, তা দারুল হারবের অন্তর্ভুক্ত। কেননা দারুল ইসলাম সেই ভূখণ্ড, যা মুসলমানদের হাতে রয়েছে। আর এর বাহ্যিক আলামাতই হলো মুসলমানদের যথাযোগ্য নিরাপত্তা। [শরহুস সিয়ারিল কাবির— ৪/১২৫৩; আলমাবসুত— ১০/৯৩, ১১৪]

হাকিম শহিদ রহ. বলেন, "দারুল ইসলাম তা, যাতে মুসলমানদের শাসকের ক্ষমতা চলে।"

দারুল ইসলাম সম্পর্কে আরো জানতে দেখুন— বাদায়িউস সানায়ি— ৯/৪৩৭৪; আদদুররুল মুনতাকা— ১/৬৩৪; কাশশাফ— ২/২৫৬; আলকুল্লিয়্যাত, কাফাবি— ২/৩৪১; আলমুকাদ্দিমাতুল মুমাহহিদাত— ২/১৫৩; উসুলুদ দীন— ২৭০; নিহায়াতুল মুহতাজ— ৮/৮২; আসনাল মাতালিব— ৪/২০৪; আলমু'তামাদ ফি উসুলিদ দীন— ২৭৬; আহকামু আহলিয যিম্মাহ— ১/৫; আততাশরিউল জিনায়ি— ১/২৭৫-২৭৬]

দারুল হারবের পরিচয়

দারুল হারব— মানে যুদ্ধবিদ্ধস্ত বা যুদ্ধে লিপ্ত রাষ্ট্র নয়। অনেকে ভাবেন, দারুল হারব শুধু এমন রাষ্ট্রকেই বলা হয়, যা কোনো মুসলিম ভূখণ্ডের সঙ্গে যুদ্ধে লিপ্ত। বাস্তবে বিষয়টা এমন নয়। কোনো ভূখণ্ডে ইসলামি শাসনব্যবস্থা প্রতিষ্ঠিত থাকলে তাকে দারুল ইসলাম বলা হয় আর কোথাও কুফরি এবং শিরকি শাসনব্যবস্থা প্রতিষ্ঠিত থাকলে তাকে দারুল হারব বলা হয়। দারুল হারবকে অন্য শব্দে— দারুল কুফর, দারুশ শিরক ইত্যাদিও বলা হয়। এসব পরিভাষার মাঝে কোনো বিরোধ নেই। ফকিহগণ দারুল হারবের যে সংজ্ঞা উল্লেখ করেছেন, তার দিকে দৃষ্টিপাত করলে বিষয়টা অস্পষ্ট থাকার কথা নয়। এজন্যই সারাখসি রহ. বলেন, "দারকে আমাদের দিকে বা তাদের দিকে নিসবত করাটা মূলত ক্ষমতা এবং প্রাধান্যতার বিচারে।'' [আলমাবসুত, সারাখসি— ১০/১১৪]

এ বিষয়টাকেই আল্লামা কাসানি রহ. আরো বিস্তারিত করে এভাবে বলেছেন, "কোনো রাষ্ট্রে কুফরের আহকাম-বিধিবিধান প্রকাশিত হলে তা দারুল কুফর হয়ে যায়। ... রাষ্ট্র শুধু কুফরের বিধানাবলী প্রকাশিত হওয়ার দ্বারাই দারুল কুফর বলে গণ্য হয়।" [বাদায়িউস সানায়ি— ৯/৪৩৭৫; আরো দেখুন— আহকামুদ দিয়ার, আবিদ সুফয়ানি— ১৫]

বোঝা গেলো, কোনো রাষ্ট্র দারুল হারব (অন্য শব্দে— দারুল কুফর, দারুশ শিরক) হিসেবে সাব্যস্ত হওয়ার জন্য লড়াই-যুদ্ধ চলমান থাকা অপরিহার্য নয়। এজন্যই হাম্বলি ফকিহগণ বলেন, "হারবি শব্দটা হারবের দিকে সম্পর্কিত। হারব অর্থ— কিতাল (লড়াই), তেমনি এর অর্থ দূরত্ব এবং বিদ্বেষও। তো দারুল হারব অর্থ হলো এমন রাষ্ট্র, যার সাথে মুসলমানদের দূরত্ব কিংবা মুসলমানদের প্রতি রয়েছে যার বিদ্বেষ। হারবিকে হারবি এই দ্বিতীয় অর্থ, তথা দূরত্ব এবং বিদ্বেষ— এর বিচারেই বলা হয়। কার্যত যুদ্ধে লিপ্ত থাকা জরুরি নয়। [আলমুতলি' আলা আবওয়াবিল মুকনি', বা'লি— ২২৬]

দারুল হারবের সংজ্ঞা

ইমাম মুহাম্মাদ রহ. বলেন, "দারুল হারব এমন ভূখণ্ড, যেখানে শিরকের বিধিবিধান প্রকাশিত এবং যার ওপর হারবিদের আধিপত্য প্রতিষ্ঠিত।" [আসসিয়ারুল কাবির মা'আ শারহিস সারাখসি— ১/২৫১; ৪/২০৭০, ২১৯৭; আলমাবসুত— ১০/১১৪; বাদায়িউস সানায়ি— ৯/৪৩৭৫; আদদুররুল মুনতাকা— ১/৬৩৪; মাজমাউল আনহুর— ১/৬৫৯]

এজন্যই তিনি বলেন, "দারুল হারবের কোনো রাষ্ট্রের সাথে যদি মুসলমানরা এ মর্মে চুক্তিতে আবদ্ধ হয় যে, সেখানে তারা ইসলামের বিধিবিধান প্রতিষ্ঠিত করবে না, তবে তা দারুল হারব (-ই থেকে যাবে)।" সারাখসি রহ. এর ইল্লত (কারণ) বিশ্লেষণ করতে গিয়ে বলেন, "কেননা কোনো ভূখণ্ড দারুল ইসলাম হিসেবে গণ্য হয় সেখানে ইসলামের বিধিবিধান প্রয়োগ করার দ্বারা। উল্লিখিত ভূখণ্ডে তো মুসলমানদের বিধানাবলী প্রয়োগ করা হয়নি। তাই তা দারুল হারব থাকবে।" তিনি বলেন, "দারুল হারব তা-ই— যেখানে কাফিরদের বিধান চলে।" [শরহুস সিয়ারিল কাবির— ৫/২১৬৫; আলমাবসুত— ১০/১১৪]

তিনি আরো বলেন, "যে স্থানে মুসলমানরা নিজেদের ব্যাপারে নিরাপদ নয়, তা দারুল হারব। কেননা দারুল ইসলাম তা-ই, যা মুসলমানদের শাসনাধীন। আর এর বাহ্যিক নিদর্শন হচ্ছে, সেখানে মুসলমানরা নিরাপদে বাস করে।" [শরহুস সিয়ারিল কাবির— ৪/১২৫৩]

এজন্যই অনেক হানাফি ফকিহ এভাবে বলেছেন, "দারুল হারব তা, যেখানে কোনো কাফির রাষ্ট্রপ্রধানের নির্দেশ চলে কিংবা যেখানকার মুসলমানরা কাফিরদের ভয়ে ভীত থাকে।" [আদদুররুল মুনতাকা— ১/৬৩৪; কাশশাফুল ইসতিলাহাত— ২/২৫৬; আলকুল্লিয়্যাত— ২/৩৪১]

জমহুর ফকিহগণ দারুল হারবের সংজ্ঞা এভাবেই দিয়েছেন। ইমাম মালিক রহ. বলছেন— "মক্কা সেসময়ে দারুল হারব ছিলো; কেননা সেখানে তখন জাহিলিয়্যাতের বিধান কার্যকর ছিলো।" [আলমুদাওয়ানা, রিওয়ায়াতু সুহনুন— ২/২২]

মালেকি, শাফেয়ি, হাম্বলি— সবার বক্তব্য প্রায় একই ধরনের। [দেখুন— প্রাগুক্ত; আলমুকাদ্দিমাতুল মুমাহহিদাত— ২/১৫১; ফাতাওয়াশ শায়খ আলিশ— ১/৩৭৭; উসুলুদ দীন, বাগদাদি— ২৭০; আলইকনা' মাআ কাশশাফিল কিনা'— ৩/৩৮; আলমুকনি' মাআল ইনসাফ— ৪/১২১; আলমুবদি'— ৩/৩১৩; আলফুরু'— ৬/১৯৭; আলআদাবুশ শারইয়্যাহ, ইবনে মুফলিহ— ১/২১৩]

মুতাআখখিরিনদের মধ্যে উস্তাদ আব্দুল কাদির আওদা সুন্দর লিখেছেন, "দারুল হারব প্রত্যেক এমন অনৈসলামিক রাষ্ট্রকে অন্তর্ভুক্ত করে, যা মুসলমানদের শাসনব্যবস্থার অধীনে প্রবেশ করেনি, কিংবা যেখানে ইসলামের বিধান প্রকাশিত নয়। এ রাষ্ট্রগুলো একই সরকারের পরিচালনাধীন থাক কিংবা ভিন্ন ভিন্ন সরকারের— সবই সমান। তার স্থায়ী নাগরিকদের মাঝে মুসলমানরা থাকা বা না থাকা সবই সমান; যতোদিন তারা ইসলামের বিধান প্রতিষ্ঠিত করতে অক্ষম থাকে।" [আততাশরিউল জিনায়িল ইসলামি— ১/২৭৭]

হারবির পরিচয়

অনেকের ধারণা, হারবি তাকেই বলে, যে মুসলমানদের সঙ্গে যুদ্ধে লিপ্ত। শব্দ থেকেও অনেকটা এ সংশয় হয়। তবে ফকিহগণের পরিভাষায় হারবি তিন শ্রেণি—

১. যারা বাস্তবে মুসলমানদের সঙ্গে যুদ্ধে লিপ্ত। ইসলাম ও মুসলিম উম্মাহকে যারা পৃথিবী থেকে বিতাড়িত করার প্রয়াসে সর্বদা তৎপর।

২. যারা বিভিন্নভাবে মুসলমানদের ওপর চাপ প্রয়োগ করে রেখেছে। তাদেরকে হয়রানি করে। জান-মাল-সম্ভ্রম লুট করে। অর্থনৈতিকভাবে মুসলমানদের ওপর চাপ সৃষ্টি করে রাখে। কিংবা মুসলমানদেরকে তাদের দীন থেকে ফেরানোর প্রচেষ্টায় লিপ্ত। অথবা যারা মুসলমানদের বিরুদ্ধে যুদ্ধে রত, তাদেরকে সহযোগিতা প্রদান করে।

৩. যারা মুসলমানদের সঙ্গে যুদ্ধেও লিপ্ত নয়, যারা যুদ্ধে লিপ্ত তাদেরও সহযোগী নয়, কিন্তু মুসলমানদের সঙ্গে তাদের কোনোপ্রকার 'আহদ' নেই।

উপরিউক্ত তিনও শ্রেণিই ফকিহগণের পরিভাষায় হারবি। হারবি হওয়ার জন্য হারবে (যুদ্ধে) লিপ্ত থাকা আবশ্যক নয়। বাদায়িউস সানায়িঃ ৯/৪৩৭৫; আলমিসবাহুল মুনিরঃ ১/১২৭; আদদুররুন নাকি ফি শরহি আলফাযিল খিরাকি, ইবনে আব্দিল হাদিঃ ৩/৭৪৪; আদদুরারুস সানিয়্যাহ ফিল আজওয়িবাতিন নাজদিয়্যাহঃ ৭/৩৯৭; আলইসতিআনা বি গাইরিল মুসলিমিনঃ ১৩২; উসুলুল আলাকাতিদ দুওয়ালিয়্যাহঃ ৩১৩।

দারুল ইসলাম কীভাবে দারুল হারবে রূপান্তরিত হয়?

ওপরে আমরা আলোচনা করেছি, দারুল হারব কীভাবে দারুল ইসলামে পরিণত হয়। সেখানে আমরা বলে এসেছি, কোনো ভূখণ্ডে ইসলামের বিধিবিধান প্রতিষ্ঠা করার দ্বারাই তা দারুল ইসলামে পরিণত হয়ে যায়। আর এটাই উম্মাহর সর্বসম্মত মত। [দেখুন— বাদায়িউস সানায়ি— ৯/৪৩৭৪; আদদুররুল মুনতাকা— ১৬৩৪; আলফাতাওয়াল বাযযাযিয়া— ৩/৩১২; আলফাতয়াল হিন্দিয়া— ২/২৩২]

আজকের এ লেখায় আমরা আলোচনা করবো, দারুল ইসলাম পুনরায় কীভাবে দারুল হারবে রূপান্তরিত হয়। তার আগে আমরা জেনে নেই, দারুল ইসলামের ওপর আপতিত অবস্থা মৌলিকভাবে তিন ধরনের।

১. হারবিরা কোনো ইসলামি ভূখণ্ড দখল করে সেখানে তাদের ক্ষমতা প্রতিষ্ঠিত করেছে।

২. কোনো ইসলামি রাষ্ট্রের নাগরিকরা মুরতাদ হয়ে নিজেদের শহরের ওপর দখলারোপ করেছে এবং সেখানে কুফরি শিরকি বিধান প্রতিষ্ঠিত করেছে।

৩. ইসলামি রাষ্ট্রের 'যিম্মি'রা তাদের 'যিম্মা চুক্তি' ভঙ্গ করে কোনো দেশ বা শহরের ওপর নিজেদের প্রভাব ও ক্ষমতা প্রতিষ্ঠিত করেছে।

[বিস্তারিত জানার জন্য দেখুন— কিতাবুল আসল, ইমাম মুহাম্মাদ, কিতাবুস সিয়ার— ২১৭-২২০; শরহুস সিয়ারিল কাবির— ৫/১৯১৪, ১৯৪১; আলজামিউস সগির— ২৪৯; আলমাবসুত— ১০/১১৩-১১৪; বাদাইউস সানায়ি'— ৯/৪৩৭৬; মুখতাসারুত তহাবি— ২৯৪; আলফাতাওয়াল হিন্দিয়া— ২/২৩২; ফাতাওয়া কাজিখান— ৩/৫৮৪; ফাতাওয়া শামি— ৪/১৭৪; আলবাহরুর রায়িক— ৩/২৩০-২৩১; আলফুরুক, কারাবিসি— ১/৩৪০; আলআহকামুস সুলতানিয়া, মাওয়ারদি— ১৩৮; আলিফসাহ, ইবনে হুবায়রা— ২/২২৯-২৩০; রহমাতুল উম্মাহ, দিমাশকি— ৩৫২]

এবার আমরা উম্মাহর ফকিহগণের বক্তব্য দেখি। তারা এক্ষেত্রে কী অভিমত ব্যক্ত করেছেন।

আলোচিত মাসআলায় আমরা উম্মাহর ফকিহগণের দু'ধরনের বক্তব্য পাই। আরো স্পষ্ট করে বললে, আলোচিত মাসআলায় ইমামগণের দু'মাযহাব। প্রথম মাযহাব তিন ইমাম— অর্থাৎ, ইমাম মালিক রহ., ইমাম শাফেয়ি রহ. ও ইমাম আহমদ রহ. এবং সাহেবাইন— অর্থাৎ, ইমাম আবু ইউসুফ রহ. ও ইমাম মুহাম্মাদ রহ. এর। আর দ্বিতীয় মাযহাব শুধু ইমাম আবু হানিফা রহ. এর। প্রথমে আমরা সবিস্তারে উভয় মাযহাব উল্লেখ করছি।

প্রথম মাযহাব

প্রথম মাযহাব— কোনো ভূখণ্ড তখন দারুল হারব বলে গণ্য হয়, যখন সেখানে কুফরি বিধান প্রতিষ্ঠিত হয়। চাই তা দারুল হারবের প্রতিবেশী রাষ্ট্র হোক কিংবা দারুল হারবের সাথে তার প্রতিবেশিত্ব-সংলগ্নতা না থাক, তার মুসলমান কিংবা

যিম্মি নাগরিকরা পূর্বের নিরাপত্তার অন্তর্ভুক্ত থাক কিংবা না— সর্বাবস্থায় তা দারুল হারব হিসেবে গণ্য হবে।

বিগত লেখায় আমরা আল্লামা সারাখসি রহ. এর বক্তব্য উদ্ধৃত করেছি— দারকে মুসলমানদের দিকে অথবা কাফিরদের দিকে নিসবত করাটা মূলত ক্ষমতা এবং প্রাধান্যতার বিচারে। তাই প্রত্যেক এমন ভূখণ্ড, যেখানে শিরকের বিধান প্রকাশিত, সেখানে শক্তি ও ক্ষমতা মুশরিকদের হাতে। তাই তা দারুল হারব। আর প্রত্যেক এমন স্থান, যেখানে ইসলামের বিধান প্রতিষ্ঠিত, সেখানে শক্তি ও ক্ষমতা মুসলমানদের হাতে। তাই তা দারুল ইসলাম।

[সাহিবাইনের মাযহাব জানার জন্য দেখুন— শরহুস সিয়ারিল কাবির— ৫/১৯১৪; কিতাবুল আসল, কিতাবুস সিয়ার— ২১৭; আলমাবসুত— ১০/১১৪; জামিউল ফুসুলাইন— ১/১৩; ফাতাওয়া কাজিখান— ৩/৫৮৪; আলফাতাওয়াল বাযযাযিয়া— ৩/৩১১; ফাতাওয়া হিন্দিয়া— ২/২৩২; ফাতাওয়া শামি— ৪/১৭৪-১৭৫; আদদুররুল মুনতাকা— ১/৬৩৪; মুলতাকাল আবহুর— ১/৬৫৯-৬৬০; জামিউর রুমুযের হাওয়ালায় কাশশাফুল ইসতিলাহাত— ২/২৫৬; ফিকহুল মুলুক— ১/৪৬২-৪৬৩]

[অন্যান্য ইমামগণের মাযহাব জানতে দেখুন— আলমুদাওয়ানা— ২/২২; আলমুকাদ্দিমাতুল মুমাহহিদাত— ২/১৫১; ফাতাওয়াশ শায়খ আলিশ— ১/৩৭৭; আলমুগনি— ৬/৪০৩-৪০৪; আলইনসাফ— ৪/১২১; কাশশাফুল কিনা'— ৩/৩৮; আলইফসাহ— ২/২৩০; রহমাতুল উম্মাহ— ৩৫২; আহকামুদ দিয়ার, ড. আবিদ সুফয়ানি— ৪৩]

প্রথম মাযহাবের প্রমাণ

১. এই মাসআলাকে মূলত দারুল হারব দারুল ইসলামে রূপান্তরিত হওয়ার মাসআলার ওপরে কিয়াস করা হয়েছে। (বিস্তারিত জানতে পূর্বের পোস্ট দ্রষ্টব্য)। যেমনিভাবে ইসলামি বিধান প্রতিষ্ঠা করার দ্বারা দারুল হারব দারুল ইসলামে রূপান্তরিত হয়; যদিও সেখানে কাফিরদের অবস্থান রয়ে যায় এবং তা ইসলামি রাষ্ট্র সংলগ্ন না হয়— অর্থাৎ তার পার্শ্ববর্তী রাষ্ট্র দারুল ইসলাম না হয়ে অন্য কোনো দারুল হারব হয়, তবুও সবার মতেই তা দারুল ইসলাম হিসেবেই গণ্য হয়, তেমনিভাবে দারুল ইসলামেও যখন কুফরি বিধান প্রতিষ্ঠিত হবে, তখন সেখানে

মুসলমান থাকলেও এবং পার্শ্ববর্তী রাষ্ট্র দারুল ইসলাম হলেও তা দারুল হারব হিসেবেই গণ্য হবে। (মুজমা'অ আলাইহি মাসআলার ওপর কিয়াস)। [প্রাগুক্ত]

২. আল্লামা কাসানি রহ. বলেন, "এর ইল্লত হলো, আমাদের দারুল ইসলাম এবং দারুল কুফর বলা— এগুলো তো দারকে (ভূখণ্ড) ইসলাম এবং কুফরের দিকে নিসবত করা। আর দারকে তো ইসলাম এবং কুফরের দিকে নিসবত করা হয়, তাতে ইসলাম কিংবা কুফর প্রতিষ্ঠিত থাকার বিচারে। যেমন— জান্নাতকে 'দারুস সালাম' নামে নামকরণ করা হয়, তাতে 'সালাম' (শান্তি) থাকার কারণে। তেমনি জাহান্নামকে 'দারুল বাওয়ার' নামে অভিহিত করা হয়, যেহেতু তাতে 'বাওয়ার' (ধ্বংস) রয়েছে। ইসলাম এবং কুফর প্রতিষ্ঠিত হয় তার বিধান প্রতিষ্ঠিত হওয়ার দ্বারা। যখন কোনো ভূখণ্ডে কুফরি বিধান প্রতিষ্ঠিত হয়, তখন তা দারুল কুফর হয়ে যায়। তাই এই নিসবত সহিহ। এজন্য ইসলামের বিধান প্রতিষ্ঠা লাভের দ্বারাই কোনো ভূখণ্ড দারুল ইসলাম হিসেবে গণ্য হয়; এই একটি মাত্র শর্ত ছাড়া আর কোনো শর্ত নেই। এমনিভাবে কুফরি বিধান প্রতিষ্ঠিত হওয়ার দ্বারাই দারুল ইসলাম দারুল কুফরে পরিণত হয়।" [বাদায়িউস সানায়ি'— ৯/৪৩৭৫; আলজারিমাহ ওয়াল উকুবাহ, আবু যুহরা— ৩৪১; ফাতাওয়াল ইমাম রাশিদ রেযা— ১/৩৭৩]

তাতাররা যখন ইসলামি ভূখণ্ডের কিছু দেশ দখল করে নেয়, তখন একদল ফকিহ এর আলোকেই ফতোয়া দিয়েছেন। আল্লামা ইবনু নুজাইম রহ. এর বক্তব্য দেখুন—

"তাতারদের ব্যাপক ফেতনার পরে এই যে জায়গাগুলো, যা দখলে নিয়ে তারা সেখানে তাদের বিধিবিধান প্রয়োগ করেছে, যেমন— খুওয়ারিজম, মা ওয়ারাউন নাহর, খোরাসান প্রভৃতি, 'যাহিরুর রিওয়ায়াত' অনুযায়ী দারুল হারবে পরিণত হয়েছে।" [আলবাহরুর রায়িক— ৩/২৩০-২৩১; হাশিয়াতু তাবয়িনিল হাকায়িক, শিলবি— ৩/২৮৫]

দ্বিতীয় মাযহাব

ইমাম মুহাম্মাদ রহ. যাহিরুর রিওয়াহর অন্যতম কিতাব 'আযযিয়াদাতে' ইমামে আজম আবু হানিফা রহ. এর অভিমত বর্ণনা করেন—

তিনটি শর্ত সম্মিলিতভাবে পাওয়া গেলেই দারুল ইসলাম দারুল হারবে রূপান্তরিত হবে। শর্ত তিনটি হলো—

১. এসব দেশে প্রচার-প্রসিদ্ধির সাথে কুফরি বিধান প্রতিষ্ঠিত হওয়া। তা এভাবে হবে যে, শাসক কাফিরদের সংবিধান-নীতির আলোকে দেশ শাসন করবে, (ইসলামের নির্দেশনা জেনে বাস্তবায়ন করার জন্য) মুসলমান বিচারকদের কাছে ধর্না দিবে না। মুসলমানদের মাঝে ইসলামের বিধানানুযায়ী শাসনকার্য পরিচালনা করবে না। তাদের ওপর চাপিয়ে দেয়া আইনকানুন হবে অনৈসলামিক আইনকানুন। মুসলমানদের ওপর আরোপিত বিধিবিধান হবে ইসলামের নির্দেশিত বিধিবিধানের সাথে বিরোধপূর্ণ ও সাংঘর্ষিক। যেমন— ইসলাম সুদকে করেছে হারাম। চাপিয়ে দেয়া আইন তা বৈধ করে দিবে। পবিত্র কোরআন ব্যভিচারকে করেছে হারাম, আর আরোপিত বিধান তার বৈধতা দিয়ে দিবে। তেমনি মদ, শূকর, জুয়া— ইসলাম করেছে হারাম, আর কার্যকর আইনের আলোকে এগুলো সবই পেয়ে যাবে বৈধতার মর্যাদা।

এর আলোকে অনুমিত হয়, দেশে যদি একই সাথে ইসলামি বিধান এবং কুফরি বিধান জারি করা হয়, তবে দারুল ইসলাম দারুল হারব হিসেবে গণ্য হবে না; যেমনটা আল্লামা ইবনে আবিদিন শামি রহ.ও বলেছেন।

২. দেশটি দারুল হারব সংলগ্ন, তার সাথে লাগোয়া এবং দারুল হারবের প্রতিবেশি রাষ্ট্র হতে হবে। তার মাঝে এবং দারুল হারবের মাঝে কোনো ইসলামি ভূখণ্ড অন্তরায় হতে পারবে না, যার থেকে মুসলমানদের সাহায্য আসতে পারে। কোনো দেশকে যদি চারিদিক থেকে ইসলামি রাষ্ট্র ঘিরে রাখে, আর তার ওপর কারো ক্ষমতা নাও থাকে, তখনও তা অনৈসলামিক ভূখণ্ড হিসেবে গণ্য হবে না।

আল্লামা ইবনে আবিদিন শামি রহ. বলেন, "এর আলোকে তো প্রতিভাত হয় যে, সমুদ্র কোনো অন্তরায় নয়। এরপর তিনি দু'দল ফকিহের অভিমত নকল করেন। প্রথম দল বলছেন, সমুদ্রপৃষ্ঠের হুকুম দারুল হারবের হুকুমে। অপর দল বলছেন, সমুদ্র কোনো গোষ্ঠীরই নয়; যেহেতু তার ওপর কারো ক্ষমতাই কার্যকর নয়।"

শামি রহ. আরো বলেন, "এর মাধ্যমে প্রতিভাত হয় যে, 'বিলাদুশ শামের' অধীনে যে 'জাবালু তাইমিল্লাহ', যার অপর নাম 'জাবালে দারুয' এবং তার অনুগামী আরো কিছু শহর— এগুলো সব দারুল ইসলাম। কেননা যদিও এসব শহরের

শাসক দারুয বা নাসারা এবং তাদের ধর্মীয় বিচারকও রয়েছে, যারা তাদের ধর্মের বিধান অনুযায়ী বিচারকার্য পরিচালনা করে, তাদের কেউ কেউ তো প্রকাশ্যে ইসলাম এবং মুসলমানদেরকে গালমন্দ-কটুক্তি করে; কিন্তু তারা সকলেই আমাদের মুসলিম শাসকদের ফায়সালার অধীনস্থ। দারুল ইসলাম চতুর্দিক থেকে তাদের এলাকাগুলোকে বেষ্টন করে রেখেছে। মুসলমান শাসকগণ যখনই তাদের মাঝে আমাদের বিধান বাস্তবয়িত করতে চাইবেন, তখন তা করতে পারবেন।"

৩. সেখানে কোনো মুসলিম কিংবা কোনো যিম্মি মুসলিম শাসক প্রদত্ত পূর্বের আমান (নিরাপত্তা) –এর মাধ্যমে নিরাপত্তাপ্রাপ্ত থাকবে না। অর্থাৎ কাফিরদের আক্রমণের পূর্বে মুসলমান তার ইসলামের কারণে এবং যিম্মি তার যিম্মা চুক্তির মাধ্যমে মুসলিম সরকারের পক্ষ থেকে যে আমান (নিরাপত্তা) লাভ করেছিলো, তা হারিয়ে যাওয়া। এখন তারা যদি নিরাপত্তাপ্রাপ্তও থাকে, তবে তা মুশরিকদের তরফ থেকে প্রদত্ত নিরাপত্তা; মুসলমানদের পক্ষ থেকে নয়।

আরো স্পষ্ট করে বলা হলে, মুসলমান কিংবা যিম্মিরা এখন এই ভূখণ্ডে অবস্থান করা এবং নিরাপত্তা লাভ করাটা তারা ইসলামের অনুসারী এবং ইসলামী রাষ্ট্রের নাগরিক হিসেবে নয়; বরং তাদের অবস্থানের বৈধতা ও নিরাপত্তা এই অঞ্চলের নতুন হারবি শাসকের সাথে কৃত 'আহদে'র মাধ্যমে। ইসলামি রাষ্ট্রের অধীনতা ক্ষুণ্ণ হয়ে তারা এখন অনৈসলামিক শক্তির অধীনে। [প্রাগুক্ত এবং ফিকহুল মুলুক— ১/৪৬৩]

ইমাম আবু হানিফা রহ. এর দলিল

১. হুকুম যখন কোনো ইল্লতের (Cause) মাধ্যমে সাব্যস্ত হয়, তো যতোক্ষণ ইল্লতের কিছু অংশও বাকি থাকে, তার কারণে হুকুমও বাকি থাকে। তাই যেহেতু কোনো ভূখণ্ড ইসলামের বিধান প্রতিষ্ঠিত হওয়ার দ্বারা দারুল ইসলাম হিসেবে গণ্য হয়, তো যতোক্ষণ পর্যন্ত ইসলামের কিছু বিধান এবং কিছু নির্দেশনা জারি থাকবে, সেই পর্যন্ত তা দারুল ইসলাম হিসেবেই গণ্য হবে। [জামিউল ফুসুলাইন— ১/১৩]

২. আল্লামা কাসানি রহ. বলেন, "ইমাম আবু হানিফা রহ. এর বক্তব্যের কারণ হলো, দার (ভূখণ্ড) কে ইসলাম এবং কুফরের দিকে নিসবত করার দ্বারা আসলে তো ইসলাম কিংবা কুফর –এর হাকিকত উদ্দেশ্য নয়। (ভূখণ্ড তো আর মুসলমান

বা কাফির হয় না)। উদ্দেশ্য হলো আমান (নিরাপত্তা) এবং খাওফ (ভীতি)।

এর অর্থ হলো, যদি সাধারণভাবে মুসলমানদের জন্য আমান (নিরাপত্তা) থাকে, আর কাফিরদের জন্য স্বাভাবিকভাবে খাওফ (ভীতি) থাকে (পূর্ণ নিরাপত্তা পাওয়ার জন্য আলাদা চুক্তি করতে হয়), তাহলে তা দারুল ইসলাম। আর যদি সাধারণভাবে মুসলমানদের জন্য খাওফ (ভীতি) থাকে আর কাফিরদের জন্য স্বাভাবিকভাবে থাকে আমান (নিরাপত্তা), তাহলে তা দারুল কুফর। হুকুমের ভিত্তি হলো আমান এবং খাওফ (নিরাপত্তা এবং ভীতি) –এর ওপর, হাকিকি ইসলাম এবং কুফরের ওপরের নয়। তাই আমান এবং খাওফকেই বিবেচনায় নেয়াটা উত্তম। তো যতোক্ষণ পর্যন্ত মুসলমানদেরকে নিরাপত্তা প্রার্থনা করতে হবে না, ততোক্ষণ পর্যন্ত সাধারণভাবে আমান রয়েছে ধরা হবে। তাই তা দারুল কুফরে পরিণত হবে না।

তেমনিভাবে সাধারণ নিরাপত্তা তখনই বিনষ্ট হওয়া সম্ভব, যখন সে অঞ্চলটা দারুল হারব সংলগ্ন হবে। তাহলে দারুল ইসলাম দারুল হারবে পরিণত হওয়ার জন্য দুটো বিষয়ের ওপর নির্ভরশীল— আমান (নিরাপত্তা) নষ্ট হওয়া এবং দারুল হারবের সংলগ্ন অঞ্চল হওয়া।

'দার'কে ইসলামের দিকে নিসবত করার হেতু (Cause) সেটাও হতে পারে যা সাহিবাইন বলেছেন (সাহিবাইনের মাযহাবের প্রমাণ দ্রষ্টব্য), আর তাও হতে পারে যা ইমাম আবু হানিফা রহ. এর পক্ষে আমরা বলছি। অর্থাৎ সাধারণভাবে মুসলমানদের জন্য নিরাপত্তা সাব্যস্ত থাকা। কাফিরদের জন্য নিরাপত্তা সাব্যস্ত হওয়ার জন্য আলাদা 'যিম্মাহ চুক্তি' কিংবা 'ইস্তিমান চুক্তি' প্রয়োজন। (বিস্তারিত বিবরণ সিরিজের অন্য লেখায় আসবে ইনশাআল্লাহ।)

দারকে ইসলামের দিকে নিসবত করার হেতু যদি তা হয়, যা সাহিবাইন বলেছেন, তাহলে কোনো অঞ্চল দারুল কুফর হিসেবে গণ্য হবে সেই কারণে, যা তারা বলেছেন। আর যদি এই নিসবতের হেতু তা হয়, যা আমরা বলেছি, তাহলে তখনই দারুল হারব হিসেবে গণ্য হবে, যখন আমাদের বর্ণিত শর্তগুলো পাওয়া যাবে। সুতরাং নিশ্চিতভাবে প্রমাণিত দারুল ইসলাম শুধু সন্দেহ-সম্ভাবনার কারণে দারুল কুফরে পরিণত হবে না; স্বীকৃত মূলনীতির আলোকে— ''যা সুনিশ্চিতভাবে

প্রমাণিত তা সন্দেহ-সম্ভাবনার কারণে বিদূরিত হয় না।'' [এই কায়দা (মূলনীতি) সম্পর্কে বিস্তারিত জানতে দেখুন— আলআশবাহ ওয়ান নাযায়ির, ইবনে নুজাইম— ৫৭; আলআশবাহ, সুয়ুতি— ৫৩; আলমানসুর ফিল কাওয়ায়িদ, যারকাশি— ২/২৫৫; শরহুল কাওয়ায়িদিল ফিকহিয়্যা, যারকা— ৩৫-৪১; দুরারুল হুককাম— ১/২০]

তবে দারুল কুফরের বিষয়টা ভিন্ন। সেখানে ইসলামের বিধান প্রতিষ্ঠিত হওয়ার দ্বারাই তা দারুল ইসলাম হয়ে যাবে। কেননা সেখানে ইসলামের দিকের প্রাধান্য। (যদিও বাহ্যত মনে হয়, সেখানে সম্ভাবনাপূর্ণ বিষয়ের মাধ্যমে সুনিশ্চিত বিষয়কে রহিত করা হয়েছে, কিন্তু) হাদিসের কারণে সেখানে সন্দেহ-সম্ভাবনা দূর হয়ে যাবে। (আর সুনিশ্চিত বিষয়ের মাধ্যমে আরেকটা সুনিশ্চিত বিষয় দূর হতে পারে।) হাদিসটি হলো—

الإسلام يعلو ولا يعلى عليه

ইসলাম উন্নীত থাকে। তার ওপর অন্য কিছু উন্নীত হয় না। (হাদিসটি ইবনে আব্বাস রা. থেকে মাওকুফ এবং সহিহ সূত্রে বর্ণিত হয়েছে। দেখুন— সহিহ বুখারি, জানাযা অধ্যায়, তা'লিক— ৩/২১৮। ইমাম তহাবি রহ. হাদিসটিকে মারফু সূত্রে বর্ণনা করেছেন। দেখুন— ৩/২৫৮। আব ইয়া'লা খলিলি আলফাওয়ায়িদে এবং রুওয়ানি আলমুসনাদে হাসান সূত্রে মারফু হিসেবে বর্ণনা করেছেন। আরো দেখুন— সুনানে দারাকুতনি— ৩/২৫২; সুনানে বায়হাকি— ৬/২০৫; দালায়িলুন নুবুওয়াহ— ৬/৩৬; দালায়িল, আবু নুয়াইম— ৩২১। দেখুন— নাসবুর রায়াহ— ৩/২১৩; ফাতহুল বারি— ৩/২২০; আততালখিসুল হাবির— ৪/১২৬; তাগলিকুত তা'লিক— ২/৪৯০; ফায়জুল কাদির— ৩/১৭৯; ইরওয়াউল গালিল— ৫/১০৬-১০৯)

এরপর আল্লামা কাসানি রহ. বলেন, "নিসবত যদি ইসলামের বিধান প্রতিষ্ঠিত হওয়ার বিবেচনায়ও হয় (যেমনটা সাহিবাইনের অভিমত), তবুও কুফরি বিধান প্রতিষ্ঠিত হওয়ার জন্য উপরিউক্ত দুটো শর্ত প্রয়োজন— অর্থাৎ, দারুল হারবের সংলগ্ন হওয়া এবং পূর্বের আমান (নিরাপত্তা) নষ্ট হয়ে যাওয়া। কেননা কুফরি বিধান প্রতিষ্ঠিত হবে কেবল প্রতিরক্ষাবাহিনীর মাধ্যমে। আর প্রতিরক্ষাশক্তি সেই দু'শর্তের মাধ্যমেই অস্তিত্ব লাভ করে। [বাদায়িউস সানায়ি— ৯/৪৩৭৫-৪৩৭৬]

দুই মাযহাবের মধ্যে পার্থক্য কী?

উপরিউক্ত আলোচনা স্পষ্টভাবে বুঝলে এ বিষয়টাকে আলাদা করে আর বলার প্রয়োজন পড়ে না। তারপরও বিষয়টাকে আরো স্পষ্ট করার জন্য আমরা এ শিরোনামে সংক্ষিপ্ত আলোচনা করতে পারি।

ইমাম আবু হানিফা রহ. এবং অন্য সকল ইমামই কোনো ভূখণ্ডের ওপর বিধানারোপ করার ক্ষেত্রে মৌলিকভাবে শক্তি এবং প্রাধান্যতাকে বিবেচনায় নিয়েছেন। তবে তাদের মাঝে যে বিষয়ে এসে ইখতিলাফ হয়ে গেছে, আল্লামা সারাখসি রহ. এর ভাষায় তা হলো—

"কিন্তু ইমাম আবু হানিফা রহ. বিবেচনায় নিয়েছেন বল এবং শক্তির পূর্ণতা। কেননা এই শহর ইতিপূর্বে দারুল ইসলামের অন্তর্ভুক্ত ছিলো, মুসলমানদের রক্ষণকারী হিসেবে। এখন সেই ইহরায (রক্ষণশক্তি) মুশরিকদের পূর্ণ প্রতাপ প্রতিষ্ঠিত হওয়ার মাধ্যমেই বিতাড়িত হওয়া সম্ভব। আর তা এই তিন শর্ত সম্মিলিতভাবে পাওয়া গেলেই সম্ভব। কেননা যখন তা দারুশ শিরক সংলগ্ন না হবে, তখন চারিদিক থেকে মুসলমানদের বেষ্টনীর মাঝে থেকে তার অধিবাসীরা পরাভূত থাকবে। তেমনি সেখানে মুসলমান এবং যিম্মি যদি (পূর্বের নিরাপত্তার অধীনেই) নিরাপদ থাকে, তবে তা মুশরিকদের পূর্ণ প্রতাপ না থাকার প্রমাণ। এর দৃষ্টান্ত হলো সেই মাসআলা, হারবিরা যদি দারুল ইসলামে অবস্থানরত কোনো মুসলমানের সম্পদ আত্মসাৎ করে, তবে তাদের নিজেদের দেশে সংরক্ষণ করার পূর্ব পর্যন্ত তারা সেই সম্পদের মালিক হয় না; যেহেতু পূর্ণ প্রতাপ নেই।

এরপর যতোক্ষণ মূলের নিদর্শনসমূহের কোনো একটাও বাকি থাকে, তখন হুকুম তার ওপরই হয়, আপতিত বিষয়ের ওপর নয়। যেমন কোনো মহল্লা, যতোক্ষণ তার মাঝে একজন বাড়িওয়ালাও থাকবে, ততোক্ষণ হুকুম তার ওপরেই হবে, সে পর্যন্ত সেখানে নতুন আবাসগ্রহণকারী এবং ক্রেতাদের অধিকার প্রতিষ্ঠিত হবে না। এই ভূখণ্ড তো মূলত দারুল ইসলামের অন্তর্ভুক্ত ছিলো, তো যতোক্ষণ তার মাঝে কোনো মুসলিম কিংবা যিম্মি (পূর্বের নিরাপত্তার অধীনে নিরাপদ) থাকবে, ততোক্ষণ পর্যন্ত মূলের নিদর্শনসমূহের মধ্য থেকে একটি নিদর্শন তো বাকি থাকবে। সুতরাং সেই হুকুম (অর্থাৎ, দারুল ইসলাম থাকা এবং দারুল হারবে পরিণত না হওয়া) বাকি থাকবে। এটা ইমাম আবু হানিফা রহ. এর একটি উসুল।

তেমনই প্রত্যেক জায়গার হুকুমের ক্ষেত্রে তার আশপাশের জায়গার অবস্থা বিবেচ্য। সুতরাং যখন এই ভূখণ্ডের চারিদিকে দারুল ইসলাম, তখন এই ভূখণ্ডের ওপর দারুল হারবের বিধান আরোপিত হবে না। যেমনিভাবে সেখানে শিরকি বিধান প্রতিষ্ঠিত না হলে তা আরোপ করা হতো না। মুরতাদরা এর ওপর দিনের কিছু সময়ের জন্য দখল নিয়েছে মাত্র।" (ফুঁ দিলেই আবার উড়ে যাবে।) [আলমাবসুত— ১০/১১৪]

তাতাররা যখন ইসলামি ভূখণ্ডের ওপর তাদের দখল প্রতিষ্ঠা করে, তখন ফকিহগণের ফতোয়া দু'রকমই ছিলো। ওপরে আমরা আল্লামা ইবনে নুজায়ম রহ. এর ফতোয়া উদ্ধৃত করেছি। তিনি সাহিবাইনের অভিমতের আলোকে তখন তাতারদের পদানত রাষ্ট্রগুলোকে দারুল হারব বলে ফতোয়া দিয়েছিলেন। এবার আমরা ইমাম আবু হানিফা রহ. এর অভিমতের আলোকে প্রদত্ত ফতোয়ার নমুনা দেখবো।

ইমাম ইবনুল বাযযায কারদারি ইমাম আবু শুজা' রহ. এর ফতোয়া উল্লেখ করেন, "আজ (হিজরি পঞ্চম শতাব্দীতে) যে-সব ভূখণ্ড কাফিরদের হাতে, সন্দেহ নেই যে, এ জায়গাগুলো দারুল ইসলাম। যেহেতু তা দারুল হারবের সাথে সংযুক্ত নয় এবং তাতে কুফরি বিধানও প্রতিষ্ঠিত হয়নি। বরং বিচারকরা মুসলমান। এবং শাসকরা— জরুরতের কারণে যাদের তারা আনুগত্য করে, তারা মুসলমান আর জরুরত ছাড়া যাদের আনুগত্য করে, তাদের আনুগত্য 'মুওয়াদাআ'। যেসব অঞ্চলের ওপর তাদের পক্ষ থেকে নিয়োগকৃত মুসলমান গভর্নর রয়েছে, সেখানে জুমআ ঈদ কায়িম করা, খারাজ উশুল করা এবং বিচারকদের তাকলিদ করা বৈধ। ...তার কাফিরদের আনুগত্য করাটা 'মুওয়াদাআ' বা 'মুখাদাআ'। ...আর এ উসুল তো স্থির হয়েছে যে, ইল্লতের কিছু অংশ বাকি থাকার দ্বারাও হুকুম বাকি থেকে যায়। আর আমরা সবাই তো –কোনো ইখতিলাফ ছাড়াই- হুকুম আরোপ করেছি যে, তাতারদের দখলদারিত্বের পূর্বে এই অঞ্চলগুলো দারুল ইসলামের অন্তর্গত ছিলো। আর তাদের দখলদারিত্বের পরে, আজান দেয়া, জুমআ জামাআত আদায় তাদের শাসকদের তরফ থেকে কোনো প্রকার আপত্তি ছাড়াই চলছে। তাই এসব অঞ্চলের ওপর দারুল হারবের বিধান আরোপ করার কোনো কারণ নেই।" [ফাতাওয়া বাযযাযিয়া— ৩/৩১১-৩১২]

এরপর তিনি হানাফিদের শায়খ শামসুল আয়িম্মাহ আব্দুল আযিয আলহালওয়ানি রহ. এর ফতোয়া উল্লেখ করেন, "কোনো ভূখণ্ড দারুল হারব হয়— যখন সেখানে কুফরের বিধান জারি করা হয়। সেখানে কোনো ফায়সালা ইসলামের বিধানের আলোকে করা হয় না। এবং তা দারুল হারব সংলগ্ন হয়। আর সেখানে কোনো মুসলিম কিংবা কোনো যিম্মি পূর্বের নিরাপত্তার অধীনে নিরাপদ থাকে না। যখন এই সবগুলো শর্ত পাওয়া যায়, তখন কোনো দেশ দারুল হারব হয়। যখন দলিল এবং শর্তের মাঝে বিরোধ দেখা দেয়, তখন দেশ যা ছিলো তা-ই থাকবে। অথবা সতর্কতার দাবি হিসেবে ইসলামের দিকটাই প্রাধান্য পাবে। তুমি দেখছো না যে, শুধু ইসলামের বিধান জারি করার দ্বারা সর্বসম্মতিক্রমে দারুল হারব দারুল ইসলামে রূপান্তরিত হয়।" [প্রাগুক্ত; আল্লামা তুমুরতাশি রহ. ও এমন ফতোয়া উল্লেখ করেছেন দুই মহান ইমামের থেকে— ইমাম ইসবিজানি এবং ইমাম ইমাদি রহ.। দেখুন— আদদুররুল মুনতাকা— ১/৬৩৪; জামিউর রুমুযের উদ্ধৃতিতে কাশশাফুল ইসতিলাহাত— ২/২৫৬]

কয়েকটি বিচ্ছিন্ন ফতোয়া

দারুল ইসলাম কীভাবে দারুল হারবে রূপান্তরিত হয় —এ বিষয়ে আমরা পূর্বের লেখায় সবিস্তারে আলোচনা করেছি। সেখানে আমরা প্রসিদ্ধ চার ইমামের ফতোয়া উল্লেখ করেছি; যার সারকথা— ইমাম মালিক ইমাম শাফেয়ি এবং ইমাম আহমদ আর আমাদের মাযহাবের সাহিবাইন— অর্থাৎ, ইমাম আবু ইউসুফ এবং ইমাম মুহাম্মাদ রহ. —এর মতে কোনো ইসলামি ভূখণ্ডে কুফরি বিধান প্রতিষ্ঠার দ্বারাই তা দারুল হারব হয়ে যায়। ইমাম আবু হানিফা রহ. —এর মতে তিনটি শর্ত সম্মিলিতভাবে পাওয়া গেলেই কেবল কোনো ভূখণ্ড দারুল হারব হয়; অন্যথায় নয়। শর্ত তিনটির বর্ণনাও আমরা উল্লেখ করে এসেছি।

আজ আমরা এই মাসআলার পরিশিষ্টে অন্যান্য ফকিহগণের বিচ্ছিন্ন কয়েকটি ফতোয়া উল্লেখ করবো।

কোনো কোনো মালেকি ফকিহের অভিমত হলো, যতোক্ষণ পর্যন্ত দেশে ইসলামের শা'আইর কায়িম করা যাবে, (যেমন আযান দেয়া, ঈদ জুমআ ও নামাজের জামাত আদায় করতে পারা ইত্যাদি। শা'আইরের ব্যাখ্যা এই লেখার শেষাংশে দ্রষ্টব্য।) তখন পর্যন্ত দেশ দারুল হারব হবে না।

শায়খ মুহাম্মাদ বিন আ'রাফা দাসুকি রহ. (মৃত্যু— ১২৩০ হি.) বলেন, "কাফিরদের দখলদারিত্বের মাধ্যমেই কেবল ইসলামি রাষ্ট্র দারুল হারব হবে না। বরং যতোক্ষণ পর্যন্ত শা'আইরে ইসলাম পালনের সুযোগ থাকবে, তখন পর্যন্ত রাষ্ট্র দারুল ইসলামই থাকবে। যে পর্যন্ত রাষ্ট্রে ইসলামের সবগুলোর শা'আইর কিংবা তার অধিকাংশ প্রতিষ্ঠিত থাকবে, সে পর্যন্ত রাষ্ট্র দারুল হারব হবে না।" [হাশিয়াতুদ দাসুকি আলাশ শারহিল কাবির— ২/১৮৮]

কোনো কোনো শাফেয়ি ফকিহের অভিমত— যে দেশে মুসলমানরা বসবাস করতো, এরপর কাফিররা তা দখল করে নিয়ে সেখানে নিজেদের ক্ষমতা প্রতিষ্ঠিত করেছে, কুফরি বিধান-সংবিধান জারি করেছে, তা দারুল ইসলামই থাকবে; দারুল হারবে পরিণত হবে না।

শায়খ যাকারিয়া আনসারি রহ. (মৃত্যু— ৯২৬) বলেন, "যে দেশে একজন মুসলমানও বসবাস করে, তা দারুল ইসলাম। সুতরাং সেখান থেকে হিজরত করা হারাম। যাতে করে তা দারুল হারবে পরিণত না হয়ে যায়।" [শারহু মানহাজিত তুল্লাব— ৪/২৪৪; আসনাল মাতালিব— ৪/২০৪]

আল্লামা শামসুদ্দীন রামালি রহ. (মৃত্যু— ১০০৪ হি.) দারুল হারবে ইসলাম গ্রহণ করেছে— এমন ব্যক্তি সম্পর্কে বলেন, "সে যদি সেখানে হারবিদের থেকে নিরাপদে থেকে আলাদাভাবে বসবাস করতে পারে আর (ইসলামি ভূখণ্ডে) হিজরত করার দ্বারা মুসলমানদের পক্ষ থেকে সাহায্য প্রাপ্তির আশাও না থাকে, তাহলে সেখানে তার অবস্থান করা ওয়াজিব। কেননা তার অবস্থানস্থল এখন দারুল ইসলামই রয়েছে। সে হিজরত করলে দারুল হারব হয়ে যাবে। ...এর থেকে এ মাসআলাও গৃহীত হয় যে, প্রত্যেক এমন জায়গা, যেখানকার অধিবাসীরা হারবিদের থেকে নিরাপদে থাকতে পারে, তা দারুল ইসলাম থাকবে। সুতরাং কাফিরদের দখলদারিত্ব প্রতিষ্ঠিত হলেও তা দারুল কুফর হিসবে গণ্য হওয়াটা অসম্ভব। যেমনটা স্পষ্টভাবে হাদিসের বক্তব্য থেকে প্রতীয়মান হচ্ছে, "ইসলাম উন্নীত থাকবে। তার ওপর অন্য কিছু উন্নীত হবে না। (হাদিসের তাখরিজ পূর্বের পোস্টে দ্রষ্টব্য)। তাই ফকিহগণ যে বলেন, 'অমুক দেশ তো দারুল হারব হয়ে গেছে' —এর দ্বারা বাহ্যত (সুরাতান) তা দারুল হারব হওয়াটা উদ্দেশ্যে; হুকুমের বিচারে নয়। অন্যথায় তো অপরিহার্য হয় যে, তারা দারুল ইসলামের যে অংশ দখল

করবে, তা-ই দারুল হারব হয়ে যাবে। এটা তো দুরূহ।" [নিহায়াতুল মুহতাজ— ৮/৮২, ৫/৪৫৪; মুগনিল মুহতাজ— ৪/২৩৯; হাশিয়াতুল কালয়ুবি এবং হাশিয়াতু উমায়রা— ৪/২২৭]

স্পেনে খ্রিস্টানদের দখল প্রতিষ্ঠা হওয়ার পর আরগুনের মুসলমানদেরকে তিনি এই ফতোয়াই দিয়েছিলেন— "বরং এখান থেকে হিজরত করা জায়িয নেই। কেননা মুসলমানদের অবস্থানের দ্বারা অন্যান্যদের ইসলাম গ্রহণের প্রত্যাশা থাকে। আরেকটি কারণ হলো, এ ভূখণ্ড তো দারুল ইসলাম। এখন তারা যদি হিজরত করে, তবে তা দারুল হারব হয়ে যাবে। [ফাতাওয়া রামালি, ইবনে হাজার হাইতামির 'আলফাতাওয়াল কুবরা'র হাশিয়ায় প্রকাশিত—৪/৫৩-৫৪; নিহায়াতুল মুহতাজ— ৫/৪৫৪]

তাদেরও আগে ইমাম রাফেয়ি রহ. (মৃত্যু— ৬২৩ হি.) —এর বক্তব্যেও এদিকে ইঙ্গিত পাওয়া যায়। তিনি বলেন, "দারুল ইসলাম তিন প্রকার।

১. এমন দেশ, যেখানে মুসলমানরা বাস করে।

২. এমন দেশ, যা মুসলমানরা বিজয় করেছে।

৩. এমন দেশ, যেখানে মুসলমানরা বসবাস করতো। এরপর তারা নির্বাসিত হয়েছে আর কাফিরদের আধিপত্য সেখানে প্রতিষ্ঠিত হয়েছে।"

কাফিরদের আধিপত্য প্রতিষ্ঠিত হওয়ার পরও তিনি সেই দেশকে দারুল ইসলামই গণ্য করছেন। এরপর তিনি এই ব্যাপক কথাটিকে নির্দিষ্ট ক্ষেত্রে প্রয়োগ করছেন।

"ফকিহগণ (আসহাবুশ শাফেয়ি রহ.) যে তৃতীয় প্রকারকেও দারুল ইসলাম গণ্য করেছেন, তার কারণ হলো, তাদের বক্তব্য থেকে প্রতীয়মান হয় যে, মুসলমানদের পূর্বের কর্তৃত্ব (দারুল ইসলাম থাকার) হুকুম বাকি থাকার জন্য যথেষ্ট। মুতাআখখির (পরবর্তী) কোনো ফকিহকে দেখেছি, তারা এই বক্তব্যকে সেক্ষেত্রে প্রয়োগ করেন, যখন হারবিরা মুসলমানদের জন্য বাধা-প্রতিবন্ধকতা সৃষ্টি করে না। যদি তা করে, তবে সেই দেশ দারুল কুফর।" [আলআযিয শরহুল ওয়াজিয— ৬/৪২৩-৪২৪; রাওযাতুত তালিবিন, নববি— ৫/৪৩৩-৪৩৪]

শায়খুল ইসলাম ইবনে তাইমিয়া রহ. (মৃত্যু— ৭২৮ হি.) কে 'মারিদিন' শহর সম্পর্কে জিজ্ঞেস করা হলো— তা কি দারুল ইসলাম নাকি দারুল হারব? তিনি

উত্তর দিলেন, "তা দারুল হারব নাকি দারুল ইসলাম —এ ব্যাপারে কথা হচ্ছে, তা হলো যৌগিক দেশ, যার মাঝে দু'দিকই পাওয়া যায়। তা দারুল ইসলামের পর্যায়ে নয়, যেখানকার সেনাবাহিনী মুসলমান হওয়ার কারণে তাতে ইসলামি বিধান কার্যকর রয়েছে। আবার দারুল হারবের পর্যায়েও নয়, যার অধিবাসীরা কাফির-বেইমান। বরং তা তৃতীয় একটি প্রকার। সেখানকার মুসলমানদের সাথে তাদের প্রাপ্য অনুযায়ী আচরণ করা হবে। আর ইসলামি শরিয়ত থেকে যারা খারিজ, তাদের সাথে তাদের প্রাপ্য অনুযায়ী কিতাল করা হবে।" [ফাতাওয়া শায়খুল ইসলাম ইবনে তাইমিয়া— ২৮/২৪০-২৪১]

পাঠকের এ কথা বুঝতে সমস্যা হওয়ার কথা নয় যে, উপরিউক্ত সবগুলো ফতোয়াই হলো বিচ্ছিন্ন মতামত, যা মাযহাবের ইমামগণের বক্তব্য-অভিমতের সাথে বিরোধপূর্ণ। এজন্য উম্মাহর ফকিহগণ এসব বিচ্ছিন্ন মতামত গ্রহণ করেননি। যারা বড়, তাদেরও দু-চারটি বিচ্ছিন্ন মতামত থাকতেই পারে। এক্ষেত্রে তারা অনুসরণীয় নন। মাওলানা আবদুল মালেক দা. বা. প্রায়ই বলেন, "যাল্লাত (ভুল-বিচ্যুতি) —এর ক্ষেত্রে কারোরই অনুসরণ জায়িয নেই।" এজন্য ইবনু তাইমিয়া রহ. —এর শাগরিদ ইবনু মুফলিহ রহ. পর্যন্ত মহান ইমামগণের সর্বসম্মত মতকে বাদ দিয়ে উস্তাদের এই বিচ্ছিন্ন অভিমত গ্রহণ করেননি। (দেখুন— আলআদাবুশ শারইয়্যাহ— ১/২১২)। তবে এই দু-চারটি বিচ্ছিন্ন মত এবং ভুলের কারণে কোনো ইমাম বা ফকিহের বিরুদ্ধে 'যবানদারাযি' করারও কোনো সুযোগ নেই। ইমাম মালিক রহ. সুন্দর বলেছেন—

كل يؤخذ من قوله و يترك، إلا صاحب هذا القبر؛ يعني: النبي صلى الله عليه و سلم

."সবাই এমন, যার কিছু কথা গ্রহণ করা হয় আর কিছু কথা পরিত্যাগ করা হয়, শুধু এই কবরের মানুষটি— অর্থাৎ, নবিজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, ছাড়া।" (ইমাম বুখারি 'কিরাত খালফাল ইমাম' অধ্যায়ে ইবনে আব্বাস রা. এবং মুজাহিদ রহ. থেকেও অনুরূপ বক্তব্য উল্লেখ করেছেন।) উদ্দেশ্য হলো, একমাত্র নবিজি সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামই এমন, যার সব কথা ও কাজ গ্রহণীয়। এ ছাড়া অন্য যতো মানুষ আছে, সাহাবি তাবেয়ি কিংবা উম্মাহর বিদগ্ধ যতো আলিম এবং ফকিহ, সবার ব্যাপারে একই কথা— চোখ বুজে তাদের সব কথা-কাজের

অনুসরণ করার সুযোগ নেই। কেননা একমাত্র নবি ছাড়া কেউই ভুলের উর্ধ্বে নয়। এ যুগে তো কিছু মানুষ এমনও পাওয়া যায়, যারা খুঁজে খুঁজে সালাফের বিচ্ছিন্ন মতগুলো বের করে সেগুলোর অনুসরণ করে, সামাজিক মাধ্যমেও তা প্রচার করে। শায়খুল ইসলাম দা. বা. —এর ভাষায়, তারা মূলত শরিয়ত নিয়ে খেলা করছে। শরিয়তকে তাদের মানস-প্রবৃত্তির অনুগামী বানিয়ে নিয়েছে। আদতে তারা শরিয়তের অনুসরণ করে না। করে নফসের পূজা।

টীকাঃ 'শাআইর' কাকে বলে

মাওলানা আবদুল মালেক দা. বা. এ বিষয়ে যা বলেছেন—

'শাআইর' আরবী শব্দ। 'শায়ীরাতুন' এর বহুবচন। 'শায়ীরাতুন' অর্থ হচ্ছে, নিদর্শন, প্রতীক। তাহলে 'শাআইরুল্লাহ' অর্থ হচ্ছে আল্লাহর নিদর্শন। কোরআন-হাদীসে শাআইরের ব্যাখ্যা এসেছে; যার সারসংক্ষেপ এই যে, আল্লাহ তাআলা বিশেষ কিছু স্থান, কিছু কাজ এবং কিছু বস্তুকে সম্মানিত করেছেন এবং সেগুলোকে তাঁর কুদরত ও আযমতের চিহ্ন সাব্যস্ত করেছেন এবং ইসলাম ও মুসলমানদের নিদর্শন ঘোষণা করেছেন। আল্লাহ তাআলার আদেশের কারণে এগুলো বিশেষ মর্যাদা লাভ করেছে। শীর্ষস্থানীয় শাআইরের মধ্যে রয়েছে, কালামুল্লাহ অর্থাৎ কোরআন মজীদ এবং কালিমাতুল্লাহ অর্থাৎ আল্লাহর কালিমা। কালেমা তাইয়্যেবা, কালেমা শাহাদত ইত্যাদি। বিশেষ স্থানসমূহের মধ্যে রয়েছে বাইতুল্লাহ, মসজিদে হারাম, মসজিদে নববী এবং ইহুদীদের কব্জায় থাকা মুসলমানদের প্রথম কেবলা মসজিদে আকসা। এরপর সকল মসজিদ। তদ্রূপ আরাফা, মিনা-মুযদালিফা 'শাআইরুল্লাহ'র অন্তর্ভুক্ত। কুরবানীর পশুও শাআইরুল্লাহর অন্তর্ভুক্ত। [দেখুন—

http://www.alkawsar.com/article/৬৫]

দারুল ইসলাম দারুল হারব বিভক্তি কি ফকিহদের আবিষ্কার, নাকি কোরআন সুন্নাহর শিক্ষা?

এখন তো সব কিছুতে অসাম্প্রদায়িক চেতনা বিস্তার লাভ করেছে। মুক্তমনা আধুনিকমনস্ক কিছু কিছু লেখক দারুল ইসলাম এবং দারুল হারবের বিভক্তির

অসারতা প্রমাণ করে দীর্ঘ দীর্ঘ প্রবন্ধ বই রচনা করছে। তাদের দাবি, ইসলাম তো অসাম্প্রদায়িক ধর্ম, শান্তির ধর্ম। ইসলামের মূল চেতনার সাথে নাকি এই বিভক্তি খাপ খায় না। তাই তারা ইসলামের 'ইমেজ' রক্ষার্থে কেউ কেউ তো এই বিভক্তিকেই গোড়া থেকে অস্বীকার করেছেন, আর কেউ কেউ নিজেদের মতো করে ব্যাখ্যা করে পুরো দুনিয়াকেই দারুল ইসলাম হিসেবে গণ্য করেন। তাদের ব্যাখ্যার আলোকে কোনো দেশ বা ভূখণ্ড দারুল হারব হয় না। সর্বোচ্চ কোনো কোনোটাকে তারা দারুল আমান অভিধায় অভিহিত করেন।

প্রথমে আমরা তাদের দাবিগুলোর দিকে একটু দৃষ্টিপাত করি। এরপর শরিয়তের দৃষ্টিতে সেগুলোর পর্যালোচনা করবো ইনশাআল্লাহ।

১. এই বিভক্তির ভিত্তি বাস্তবতার ওপর, শরিয়তের নির্দেশনার ওপর নয়। হিজরি দ্বিতীয় শতকে ফকিহদের মাধ্যমে এই বিভক্তি ও বন্টন অস্তিত্ব লাভ করে। এই বন্টনের মানাত হলো আমন এবং খাওফ (নিরাপত্তা এবং ভীতি)। এক্ষেত্রে তারা ইমাম আবু হানিফার বক্তব্যকেও প্রয়োগ করতে চান। তো ভিনদেশ বা দারুল হারব তাই হবে, যার সাথে কোনো কারণে ইসলামি রাষ্ট্রের সম্পর্ক বিচ্ছিন্ন হয়েছে।

২. এটা একটা আপতিত অবস্থার বন্টন। সর্বদা প্রয়োগ করা হবে এমন নয়। যখন মুসলমান এবং কাফিরদের মাঝে যুদ্ধ চলমান থাকবে কিংবা এই বন্টনকে অপরিহার্য করে এমন কোনো কারণ পাওয়া যাবে, তখনই কেবল এই বিভক্তিকে মেনে নেয়া হবে। কোনো দেশকে দারুল হারব ফতোয়া দিয়ে ইসলাম ও মুসলমানদের থেকে তাদেরকে দূরে ঠেলে দেয়াটা ইসলাম সমর্থন করে না। ইসলাম তো তাদের হেদায়াত চায়। আর এর মাধ্যম হলো শান্তিপূর্ণ দাওয়াত। তো দাওয়াতের স্বার্থেই এই বন্টনকে সার্বক্ষণিকভাবে মেনে নেয়া যায় না। ইসলামি রাষ্ট্রের সাথে যার শান্তিচুক্তি ও শান্তিপূর্ণ অবস্থা বিরাজ করে, তা কখনো দারুল হারব হয় না। দারুল হারব তখন হয়, যখন কোনো দেশের সাথে যুদ্ধ চলে।

৩. মৌলিকভাবে পুরো দুনিয়া একটি ভূখণ্ড, এক দার; যেমনটা ইমাম শাফেয়ি রহ. ও বলেছেন।

৪. কোনো ভূখণ্ড দারুল ইসলাম কিংবা দারুল হারব হওয়ার কারণে বিভিন্ন বিধানে যে ভিন্নতা হয়, তাও শুধু যুদ্ধকালীন পরিস্থিতে প্রযোজ্য। এটা শান্তি বিনষ্টকারী যুদ্ধের বদ প্রভাবগুলোর একটি।

৫. হারবি শব্দটি শত্রু অর্থে নয়। দু'দেশের মাঝে শত্রুতা বিরাজ করবে শুধু যুদ্ধাবস্থায়। যুদ্ধ সমাপ্ত হয়ে গেলে পুনরায় পুরো দুনিয়া একই দার হিসেবে গণ্য হবে। নেই কোনো বিভেদ কিংবা বিভক্তি। সকলে ভাই ভাই।

এই দৃষ্টিভঙ্গি প্রাথমিক অবস্থায় ছিলো শুধু অমুসলিম প্রাচ্যবিদ গবেষকদের। এরপর একশ্রেণির বিদগ্ধ মুসলিম ফকিহও তাদের সঙ্গ দিয়েছে। মুজতাহিদ ইমামগণের বক্তব্যে চিরুনি অভিযান চালিয়ে, তাদের বক্তব্য থেকে ইল্লত (Cause) বের করে অমুসলিমদের এই দাবিকে শক্তিশালী করার প্রয়াস পেয়েছে। প্রতিথযশা দু-চারজন ফকিহও চেতনে বা অবচেতনে এই জালে ফেঁসেছেন। তাদের গ্রন্থাবলি দ্বারা প্রভাবিত শ্রেণির মাঝেও ধীরে ধীরে এই ভাইরাস প্রসার লাভ করেছে। যেমন শায়খ আবু যুহরার আলোচনা থেকে উপরিউক্ত চতুর্থ বিষয়টি প্রতিভাত হয়। ১-৩ বিষয়গুলো ড. ওয়াহবা যুহায়লির আলোচনা থেকে অনুমিত হয়। অন্য কোনো লেখায় সবিস্তারে তাদের বক্তব্য বিশ্লেষণ করা হবে ইনশাআল্লাহ।

আমরা এখানে সংক্ষেপে আলোচনা করবো— দারুল ইসলাম দারুল হারবের বিভক্ত কি আদতে ফকিহগণের আবিষ্কার, নাকি শরিয়তের নির্দেশনা।

দারুল ইসলাম এবং দারুল হারবের বন্টন ফকিহদের আবিষ্কৃত কোনো বিষয় নয়। এটা একটা মৌলিক বন্টন, যা শরিয়ত নির্দেশনা করেছে, কোরআন-সুন্নাহ শিখিয়েছে। এই পরিভাষা রাসুলের যুগে ছিলো না ঠিক, তবে এই বন্টন এবং বিভক্তি অবশ্যই ছিলো।

আমরা পবিত্র কোরআনে দেখতে পাই, কোরআন দৃপ্তকণ্ঠে ঘোষণা করছে, সকল মানুষ এক শ্রেণি নয়। আল্লাহ বলেন—

هُوَ الَّذِي خَلَقَكُمْ فَمِنكُمْ كَافِرٌ وَمِنكُم مُّؤْمِنٌ {التغابن:2}

তিনিই সেই সত্তা, যিনি তোমাদেরকে সৃষ্টি করেছেন। এরপর তোমাদের একদল কাফির, একদল মুমিন। {সুরা তাগাবুনঃ ২}

শরিয়ত আমাদেরকে জানায়, এই প্রত্যেক দলের আলাদা আলাদা দেশ এবং ভূখণ্ড থাকবে, যা তাদেরকে সম্মিলিত ও ঐক্যবদ্ধ করে রাখবে। পবিত্র কোরআনের অসংখ্য আয়াত থেকে আমরা 'দার' বিভক্তির ইঙ্গিত পাই। দৃষ্টান্তস্বরূপ কয়েকটি আয়াত লক্ষ করুন—

وَالَّذِينَ تَبَوَّءُوا الدَّارَوَالْإِيمَانَ مِنْ قَبْلِهِمْ يُحِبُّونَ مَنْ هَاجَرَإِلَيْهِمْ

এবং তারা, যারা পূর্ব থেকেই ইমানের সাথে সেই 'দারে' অবস্থান করছে। তারা মুহাজিরদেরকে ভালোবাসে। {সুরা হাশরঃ ৯}

سَأُرِيكُمْ دَارَالْفَاسِقِينَ

আমি শীঘ্রই সত্যত্যাগীদের 'দার' তোমাদেরকে দেখাবো। {সুরা আরাফঃ ১৪৫}

تَمَتَّعُوا فِي دَارِكُمْ ثَلَاثَةَ أَيَّامٍ

তোমরা তোমাদের 'দারে' তিন দিন জীবন উপভোগ করে নাও। {সুরা হুদঃ ৬৫}

وَمَا لَكُمْ لا تُقَاتِلُونَ فِي سَبِيلِ اللَّهِ وَالْمُسْتَضْعَفِينَ مِنَ الرِّجَالِ وَالنِّسَاءِ وَالْوِلْدَانِ الَّذِينَ يَقُولُونَ رَبَّنَا أَخْرِجْنَا مِنْ هَذِهِ الْقَرْيَةِ الظَّالِمِ أَهْلُهَا وَاجْعَلْ لَنَا مِنْ لَدُنْكَ وَلِيّاً وَاجْعَلْ لَنَا مِنْ لَدُنْكَ نَصِيراً

তোমাদের কী হলো, তোমরা আল্লাহর পথে অসহায় পুরুষ নারী এবং শিশুদের পক্ষে লড়াই করছো না! যারা বলে, হে আমাদের প্রতিপালক, আমাদেরকে এই জনপদ থেকে বের করো, যার অধিবাসীরা জালিম। আমাদের জন্য আপনার পক্ষ থেকে একজন অভিভাবক বানিয়ে দিন। আমাদের জন্য আপনার তরফ থেকে একজন সাহায্যকারী নির্ধারণ করে দিন। {সুরা নিসাঃ ৭৫}

যে ভূমিতে আল্লাহর শত্রুরা আল্লাহর বান্দাদেরকে দুর্বল করে রাখে, তাদের ওপর নির্যাতন-নিপীড়ন করে, যার ফলে তারা আল্লাহর কাছে কায়মনোবাক্যে উপরিউক্ত দুআ করে, যেনো তাদেরকে জালিমদের নিয়ন্ত্রিত এবং যেখানে তাদের শাসন-ক্ষমতা প্রতিষ্ঠিত তা থেকে আল্লাহ তাদেরকে বের করে আনেন— নিশ্চয়ই তা দারুল ইসলাম নয়, দারুল হারব।

আরো কয়েকটি আয়াত লক্ষ করুন—

أُذِنَ لِلَّذِينَ يُقَاتَلُونَ بِأَنَّهُمْ ظُلِمُوا وَإِنَّ اللَّهَ عَلَى نَصْرِهِمْ لَقَدِيرٌ* الَّذِينَ أُخْرِجُوا مِنْ دِيَارِهِمْ بِغَيْرِ حَقٍّ إِلا أَنْ يَقُولُوا رَبُّنَا اللَّهُ وَلَوْلا دَفْعُ اللَّهِ النَّاسَ بَعْضَهُمْ بِبَعْضٍ لَهُدِّمَتْ صَوَامِعُ وَبِيَعٌ وَصَلَوَاتٌ وَمَسَاجِدُ يُذْكَرُ فِيهَا اسْمُ اللَّهِ كَثِيراً وَلَيَنْصُرَنَّ اللَّهُ

مَنْ يَنْصُرُهُ إِنَّ اللَّهَ لَقَوِيٌّ عَزِيزٌ * الَّذِينَ إِنْ مَكَّنَّاهُمْ فِي الأَرْضِ أَقَامُوا الصَّلاةَ وَ آتَوُا الزَّكَاةَ وَأَمَرُوا بِالْمَعْرُوفِ وَنَهَوْا عَنِ الْمُنْكَرِ وَلِلَّهِ عَاقِبَةُ الأُمُورِ

যাদের সঙ্গে যুদ্ধ করা হচ্ছে, তাদেরকে অনুমতি দেয়া হলো (তারা নিজেদের প্রতিরক্ষার্থে যুদ্ধ করতে পারবে), যেহেতু তাদের ওপর জুলুম করা হয়েছে। নিঃসন্দেহে আল্লাহ তাদেরকে জয়যুক্ত করতে পরিপূর্ণ সক্ষম। যাদেরকে তাদের ঘরবাড়ি থেকে শুধু এজন্য বের করে দেয়া হয়েছে, যেহেতু তারা বলে, আমাদের রব আল্লাহ। আল্লাহ যদি মানবজাতির এক দলকে অন্য দল দ্বারা প্রতিহত না করতেন, তবে ধ্বংস করে দেয়া হতো খানকাহ-গির্জা, ইবাদতখানা এবং মসজিদসমূহ, যাতে অধিক পরিমাণে আল্লাহর সিকির করা হয়। আল্লাহ অবশ্যই তাদের সাহায্য করবেন, যারা তার দীনের সাহায্য করবে। নিশ্চয়ই আল্লাহ সর্বশক্তিমান, পরাক্রমশালী। তারা এমন যে, আমি যদি দুনিয়ায় তাদেরকে ক্ষমতা দান করি, তবে তারা নামাজ কায়েম করবে, যাকাত আদায় করবে, সৎকাজের নির্দেশ জারি করবে এবং অসৎকাজের ব্যাপারে নিষেধাজ্ঞা আরোপ করবে। আল্লাহরই হাতে সবকাজের পরিণতি। {সুরা হজঃ ৩৯-৪১}

উপরিউক্ত আয়াতে আল্লাহ তাআলা মূলনীতি বর্ণনা করেছেন, কীভাবে কোনো ভূখণ্ড দারুল কুফর হয়। আর তা হলো জুলুমের প্রসার। সর্বোচ্চ জুলুম হলে স্রষ্টার সাথে শিরক করা। এর আরো কয়েকটি দিক উল্লেখ করা হয়েছে, যেমন- মাজলুমদেরকে অন্যায়ভাবে সপরিবারে দেশ থেকে বহিষ্কার করা, ইবাদতের স্থানসমূহ ধ্বংস করা। এরপর আয়াতে উল্লেখ করা হয়েছে, কীভাবে কোনো ভূখণ্ড দারুল ইসলাম হয়। আর তা হলো তাতে মুসলমানদের শাসনক্ষমতা প্রতিষ্ঠিত হওয়ার মাধ্যমে এবং আল্লাহ তাআলার বিধিবিধান প্রতিষ্ঠিত হওয়া। [দেখুন— কিতাবুল জিহাদ ফি সাবিলিল্লাহঃ ১/৬০০]

وَأَوْرَثَكُمْ أَرْضَهُمْ وَدِيَارَهُمْ وَأَمْوَالَهُمْ وَأَرْضاً لَمْ تَطَأُوهَا وَكَانَ اللَّهُ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيراً

আল্লাহ তোমাদেরকে ওয়ারিশ বানিয়ে দিলেন তাদের ভূমি, তাদের ঘরবাড়ি, তাদের ধন-সম্পদ এবং এমন ভূমির, এখনও যেখানে তোমাদের পা পৌঁছেনি। আল্লাহ সর্ববিষয়ে সর্বশক্তিমান। {সুরা আহযাবঃ ২৭}

তো মুসলমানদের বিজিত ভূমি, যেখানে তাদের শাসনক্ষমতা প্রতিষ্ঠিত, তা দারুল ইসলাম। দারুল কুফর নয়।

إِنَّ الَّذِينَ تَوَفَّاهُمُ الْمَلائِكَةُ ظَالِمِي أَنْفُسِهِمْ قَالُوا فِيمَ كُنْتُمْ قَالُوا كُنَّا مُسْتَضْعَفِينَ فِي الأَرْضِ قَالُوا أَلَمْ تَكُنْ أَرْضُ اللَّهِ وَاسِعَةً فَتُهَاجِرُوا فِيهَا فَأُولَئِكَ مَأْوَاهُمْ جَهَنَّمُ وَسَاءتْ مَصِيراً

নিজ সত্তার ওপর জুলুমরত থাকা অবস্থায়ই ফেরেশতাগণ যাদের রুহ কব্*জা করার জন্য আসে, তাদের উদ্দেশে তারা বলে, তোমরা কিসের মাঝে ছিলে? তারা বলে, যমিনে আমাদেরকে অসহায় করা রাখা হয়েছিলো। ফেরেশতাগণ বলবে, আল্লাহর যমিন কি প্রশস্ত ছিলো না যে, তোমরা তাতে হিজরত করতে?! সুতরাং এরূপ লোকদের ঠিকানা জাহান্নাম এবং তা অতি মন্দ পরিণতি। {সুরা নিসাঃ ৯৭}

যে ভূখণ্ডে মুসলমানদেরকে অসহায় করে রাখা হয়েছে, যেখান থেকে এমন ভূখণ্ডে হিজরত করা ফরজ, যেখানে আল্লাহর বিধান প্রতিষ্ঠিত— তা তো নিঃসন্দেহে দারুল হারব। আল্লাহ তাআলার হিজরতের নির্দেশ থেকেও তো দারুল ইসলাম এবং দারুল হারবের বিভক্তি অনুমিত হয়। সারা দুনিয়া একই ভূখণ্ড হলে তবে হিজরতের নির্দেশ কেনো?!

নিচের আয়াতগুলোও দেখা যেতে পারে।

قَالَ الْمَلأ الَّذِينَ اسْتَكْبَرُوا مِنْ قَوْمِهِ لَنُخْرِجَنَّكَ يَا شُعَيْبُ وَالَّذِينَ آمَنُوا مَعَكَ مِنْ قَرْيَتِنَا أَوْ لَتَعُودُنَّ فِي مِلَّتِنَا قَالَ أَوَلَوْ كُنَّا كَارِهِينَ

وَقَالَ الَّذِينَ كَفَرُوا لِرُسُلِهِمْ لَنُخْرِجَنَّكُمْ مِنْ أَرْضِنَا أَوْ لَتَعُودُنَّ فِي مِلَّتِنَا فَأَوْحَى إِلَيْهِمْ رَبُّهُمْ لَنُهْلِكَنَّ الظَّالِمِينَ

وَلُوطاً إِذْ قَالَ لِقَوْمِهِ أَتَأْتُونَ الْفَاحِشَةَ مَا سَبَقَكُمْ بِهَا مِنْ أَحَدٍ مِنَ الْعَالَمِينَ إِنَّكُمْ لَتَأْتُونَ الرِّجَالَ شَهْوَةً مِنْ دُونِ النِّسَاءِ بَلْ أَنْتُمْ قَوْمٌ مُسْرِفُونَ وَمَا كَانَ جَوَابَ قَوْمِهِ إِلا أَنْ قَالُوا أَخْرِجُوهُمْ مِنْ قَرْيَتِكُمْ إِنَّهُمْ أُنَاسٌ يَتَطَهَّرُونَ

إِنَّ فِرْعَوْنَ عَلا فِي الأَرْضِ وَجَعَلَ أَهْلَهَا شِيَعاً يَسْتَضْعِفُ طَائِفَةً مِنْهُمْ يُذَبِّحُ أَبْنَاءَهُمْ وَيَسْتَحْيِي نِسَاءَهُمْ إِنَّهُ كَانَ مِنَ الْمُفْسِدِينَ وَنُرِيدُ أَنْ نَمُنَّ عَلَى الَّذِينَ اسْتُضْعِفُوا فِي الأَرْضِ وَنَجْعَلَهُمْ أَئِمَّةً وَنَجْعَلَهُمُ الْوَارِثِينَ وَنُمَكِّنَ لَهُمْ فِي الأَرْضِ وَنُرِيَ فِرْعَوْنَ وَهَامَانَ وَجُنُودَهُمَا مِنْهُمْ مَا كَانُوا يَحْذَرُونَ

রাসুলের যিন্দেগির প্রতি দৃষ্টিপাত করলেই বিষয়টি সুস্পষ্টভাবে প্রতিভাত হয়। তৎকালীন মক্কা এবং মদিনার অবস্থা বিশ্লেষণ করলে এবং হিজরতের প্রেক্ষাপট বিবেচনা করলে বিষয়টা যথাযথভাবে বোধগম্য হয়। তাছাড়া সুন্নাহ এবং সাহাবিদের আসারে আমরা এ বিষয়গুলোর বিবরণ পাই। আমরা তাতে 'দারুশ শিরক', 'দারুস সুন্নাহ', 'দারুল হিজরাহ', 'দারুল ইসলাম' (শেষোক্ত তিনটি একই অর্থে) শব্দগুলোর ব্যবহার দেখতে পাই। দৃষ্টান্তস্বরূপ লক্ষ করুন—

عن جابر بن زيد قال قال ابن عباس إن رسول الله ﷺ و أبا بكر وعمر كانوا من المهاجرين لأنهم هجروا المشركين وكان من الأنصار مهاجرون لأن المدينة كانت دار شرك فجاءوا إلى رسول الله ﷺ ليلة العقبة

জাবির ইবনে যায়দ রা. থেকে বর্ণিত, ইবনে আব্বাস রা. বলেন, রাসুলুল্লাহ সা. আবু বকর উমর রা. মুহাজিরদের অন্তর্ভুক্ত ছিলেন। কেননা তারা মুশরিকদেরকে ত্যাগ করেছেন। আনসারিদের মধ্যেও মুহাজির ছিলো। কেননা মদিনা একসময় 'দারুশ শিরক' ছিলো। লাইলাতুল আকাবায় তারা রাসুলুল্লাহ সা. এর কাছে আসলেন। {সুনানে নাসায়ি, কিতাবুল বাই'আহ, তাফসিরুল হিজরাহঃ ৭/১৪৪-১৪৫, হাদিস নাম্বারঃ ৪১৬৬}

وإذا لقيت عدوك من المشركين فادعهم إلى ثلاث خصال أو خلال فأيتهن ما أجابوك فاقبل منهم وكف عنهم ثم ادعهم إلى الإسلام فإن أجابوك فاقبل منهم وكف عنهم ثم ادعهم إلى التحول من دارهم إلى دار المهاجرين

...যখন তোমাদের শত্রু মুশরিকদের মুখোমুখি হও, তখন তাদেরকে তিনটি বিষয়ের দিকে আহ্বান করো। তারা যে-কোনোটাকে কবুল করে নিলে তাদের থেকে তা গ্রহণ করে নাও এবং তাদের থেকে নিবৃত্ত থাকো। এরপর তাদেরকে ইসলামের

দিকে আহ্বান করো। যদি তারা সাড়া দেয়, তাহলে তাদের থেকে তা গ্রহণ করে নিজেদের হাত গুটিয়ে নাও। এরপর তাদেরকে তাদের 'দার' (দারুল হারব) ত্যাগ করে 'দারুল মুহাজিরিনে' স্থানান্তরিত হওয়ার জন্য দাওয়াত দাও। {সহিহ মুসলিমঃ ১৭৩১}

ইমাম মুহাম্মাদ রহ. এর বর্ণনায় শব্দটা এভাবে এসেছে—

ثم ادعهم إلى التحول من دارهم إلى دار الإسلام

এরপর তাদেরকে তাদের 'দার' (দারুল হারব) ত্যাগ করে 'দারুল ইসলামে' স্থানান্তরিত হওয়ার জন্য দাওয়াত দাও।

عن سليمان بن بريدة أن أمير المؤمنين كان إذا اجتمع إليه جيش من أهل الايمان أمر عليهم رجلا من أهل العلم والفقه فاجتمع إليه جيش فبعث عليهم سلمة بن قيس الأشجعي فقال سر باسم الله قاتل في سبيل الله من كفر بالله فإذا لقيتم عدوكم من المشركين فادعوهم إلى ثلاث خصال ادعوهم إلى الاسلام فإن أسلموا فاختاروا دارهم فعليهم في أموالهم الزكاة وليس لهم في فئ المسلمين نصيب وإن اختاروا أن يكونوا معكم فلهم مثل الذي لكم وعليهم مثل الذي عليكم...الخ

সুলায়মান ইবনে বুরায়দা থেকে বর্ণিত, (পুরোটার অনুবাদে যাচ্ছি না) ...যদি তারা ইসলাম গ্রহণ করে, তবে তোমরা তাদের (হারবিদের) 'দার' (দারুল হারব) এখতিয়ার করো। {কিতাবুল খারাজ, ইমাম আবু ইউসুফঃ ২১০; তারিখুত তবারিঃ ৩/২৬০}

عن عبد الله بن عباس أخبره أن عبد الرحمن بن عوف رجع إلى أهله وهو بمنى في آخر حجة حجها عمر فوجدني فقال عبد الرحمن فقلت يا أمير المؤمنين إن الموسم يجمع رعاع الناس وغوغاءهم و إني أرى أن تمهل حتى تقدم المدينة فإنها دار الهجرة والسنة والسلامة وتخلص لأهل الفقه وأشراف الناس وذوي رأيهم قالعمر لأقومن في أول مقام أقومه بالمدينة

...কেননা মদিনা 'দারুল হিজরাহ' 'দারুস সুন্নাহ' 'দারুস সালামাহ'। {সহিহ বুখারিঃ ৩৭১৩}

جاء في رسالة خالد بن الوليد في كتاب الخراج ما نصه: "وجعلت لهم – أي أهل الذمة – أيما شيخ ضعف عن العمل، أو أصابته آفة من الآفات، أو كان غنياً فافتقر، وصار أهل دينه يتصدقون عليه، طرحت جزيته، وعيل من بيت مال المسلمين وعياله، ما أقاموا بدار الهجرة ودار الإسلام، فإن خرجوا إلى غير دار الهجرة ودار الإسلام، فليس على المسلمين النفقة على عيالهم."

খালিদ ইবনুল ওয়ালিদ রা. এর উপরিউক্ত চিঠিতেও দেখতে পাচ্ছি— ..."যতোক্ষণ তারা 'দারুল হিজরাহ' – 'দারুল ইসলামে' বসবাস করবে। যদি তারা তারা 'দারুল হিজরাহ' – 'দারুল ইসলামে' ত্যাগ করে অন্য কোনো দিকে মোড় নেয়...। {কিতাবুল খারাজঃ ১৪৪ (অন্য নুসখায়ঃ ১৫৫-১৫৬); কিতাবুল আমওয়াল, আবু উবায়দঃ ৯৮}

عن جرير بن عبد الله ﷺ أن النبي ﷺ قال: " أنا بريء من كل مسلم يقيم بين أظهر المشركين، قيل يا رسول الله ولمَ؟ قال: لا تراءى ناراهما."

জারির ইবনে আব্দিল্লাহ রা. থেকে বর্ণিত, নবিজি সা. বলেছেন, আমি প্রত্যেক এমন মুসলমানের থেকে সম্পর্কচ্ছেদের ঘোষণা দিচ্ছি, যে মুশরিকদের মাঝে বসবাস করে। বলা হলো, কেনো হে আল্লাহর রাসুল? তিনি বললেন, তাদের দুই শ্রেণির আগুন একসাথে দেখা যেতে পারে না। { সুনানে তিরমিযিঃ ১৬০৪; সুনানে আবি দাউদ, জিহাদ অধ্যায়; সুনানে নাসায়ি, কাসামাহ অধ্যায়। হাফিজ ইবনে হাজার রহ. বলেন, এর ইসনাদ সহিহ (বুলুগাল মারাম)। শাওকানি রহ. বলেন, এর সনদের রিজাল সিকাহ।}

একই বিষয়ে আরো কয়েকটি হাদিস—

عن معاوية بن أبي سفيان ﷺ قال: سمعت رسول الله ﷺ يقول: "لا تنقطع الهجرة حتى تنقطع التوبة ولا تنقطع التوبة حتى تطلع الشمس من مغربها"

যতোদিন তাওবার সুযোগ থাকবে, ততোদিন হিজরত থাকবে। আর পশ্চিমাকাশ থেকে সূর্যোদয়ের আগ পর্যন্ত তাওবার সুযোগ বিচ্ছিন্ন হবে না। {সুনানে আবি দাউদঃ ২৪৭৯; মুসনাদে আহমাদ; দারেমি}

عن بهز بن حكيم عن أبيه عن جده أن النبي ﷺ قال: "لا يقبل الله عزوجل من مشرك أشرك بعد ما أسلم عملاً أو يفارق المشركين إلى المسلمين."

ইসলাম গ্রহণ করার পরে যে শিরক করবে আল্লাহ তাআলা এমন মুশরিকের থেকে কোনো আমল গ্রহণ করবেন না, যতোক্ষণ না সে মুশরিকদেরকে ত্যাগ করে মুসলমানদের কাছে হিজরত করে। {সুনানে ইবনে মাজাহঃ ২৫৩৬; মুসনাদে আহমাদ; সুনানে নাসায়ি}

পোস্ট লিংক: https://৮২.২২১.১৩৯.২১৭/showthread.php?১১৬৭১

প্রসঙ্গঃ দারুল আমান

আবু বকর সিদ্দিক

Junior Member

১২-০২-২০১৮

আমরা পূর্বের পর্বগুলোতে সবিস্তারে আলোচনা করে এসেছি, যে ভূখণ্ডে ইসলামের বিধান-সংবিধান প্রতিষ্ঠিত, তা-ই দারুল ইসলাম। এর ব্যাপকতার মধ্যে যা যা অন্তর্ভুক্ত হয়—

১. দারুল হারবের কোনো শহরের অধিবাসীরা যদি ইসলাম গ্রহণ করে নিজেদের শহরেই অবস্থান করে, তবে তাদের ইসলাম গ্রহণের সময় থেকে তা দারুল ইসলামে রূপান্তরিত হয়ে যাবে।

২. দারুল হারবের কোনো ভূমি বিজয় এবং তার ওপর ইসলামের বিধিবিধান বাস্তবায়নের ঘোষণার মাধ্যমেও দেশ দারুল ইসলাম হয়। সারাখসি রহ. বলেন, "মুসলমানরা যদি শত্রুদের কোনো ভূমি বিজয় করে এবং তাদের পূর্ণ দখলে আসে, হারবি অধিবাসীরা পলায়ন করে, তবে ইসলামের বিধিবিধান প্রতিষ্ঠা করার দ্বারা তা দারুল ইসলাম হয়ে যাবে।" [শরহুস সিয়ারিল কাবির— ৩/১০০৪-১০০৬, ৪/১২৫৩, ১২৫৭; আলমাবসুত— ১০/২৩, ১১৪]

৩. দারুল হারবের কোনো শহরের অধিবাসীরা যদি মুসলমানদের সাথে 'যিম্মাহ চুক্তি' করে এবং মুসলমানরা তাদের অঞ্চলে ইসলামি বিধিবিধান প্রতিষ্ঠিত করে, তবে তাও দারুল ইসলাম।

৪. সন্ধির মাধ্যমে কোনো দেশ বিজিত হলে তার ভূমি থাকবে মুসলমানদের মালিকানায় এবং হারবি অধিবাসীরা খারাজ প্রদান করে সেখানে অবস্থান করতে পারবে— এটাও দারুল ইসলাম হিসেবেই গণ্য হবে।

এই চার প্রকারের বাইরে যা-কিছু আছে, সবই দারুল হারব, অন্য শব্দে— দারুল কুফর, দারুশ শিরক। পূর্বের লেখাগুলোতে আমরা পূর্ববর্তী ইমাম ও ফকিহগণের

বক্তব্য উল্লেখের পাশাপাশি উস্তাদ আব্দুল কাদির আওদার ভাষায় দারুল হারবের সুন্দর সংজ্ঞা উদ্ধৃত করেছি। তিনি বলেন, "দারুল হারব প্রত্যেক এমন অনৈসলামিক রাষ্ট্রকে অন্তর্ভুক্ত করে, যা মুসলমানদের শাসনব্যবস্থার অধীনে প্রবেশ করেনি, কিংবা যেখানে ইসলামের বিধান প্রকাশিত নয়। এ রাষ্ট্রগুলো একই সরকারের পরিচালনাধীন থাক কিংবা ভিন্ন ভিন্ন সরকারের— সবই সমান। তার স্থায়ী নাগরিকদের মাঝে মুসলমানরা থাকা বা না থাকা সবই সমান; যতোদিন তারা ইসলামের বিধান প্রতিষ্ঠিত করতে অক্ষম থাকে।" [আততাশরিউল জিনায়ি আলইসলামি— ১/২৭৭]

আমরা আরো আলোচনা করে এসেছি— দারুল হারব মানে যুদ্ধবিদ্ধস্ত বা যুদ্ধে লিপ্ত রাষ্ট্র নয়। অনেকে ভাবেন, দারুল হারব শুধু এমন রাষ্ট্রকেই বলা হয়, যা কোনো মুসলিম ভূখণ্ডের সঙ্গে যুদ্ধে লিপ্ত। বাস্তবতা এমন নয়। কোনো ভূখণ্ডে ইসলামি শাসনব্যবস্থা প্রতিষ্ঠিত থাকলে তাকে দারুল ইসলাম বলা হয় (বিস্তারিত জানতে পূর্বের পর্বগুলো দ্রষ্টব্য) আর কোথাও কুফরি এবং শিরকি শাসনব্যবস্থা প্রতিষ্ঠিত থাকলে তাকে দারুল হারব বলা হয়। দারুল হারবকে অন্য শব্দে— দারুল কুফর, দারুশ শিরক ইত্যাদিও বলা হয়। এসব পরিভাষার মাঝে কোনো বিরোধ নেই। ফকিহগণ দারুল হারবের যে সংজ্ঞা উল্লেখ করেছেন, তার দিকে দৃষ্টিপাত করলে বিষয়টা অস্পষ্ট থাকার কথা নয়। এজন্যই সারাখসি রহ. বলেন, "দারকে আমাদের দিকে বা তাদের দিকে নিসবত করাটা মূলত ক্ষমতা এবং প্রাধান্যতার বিচারে।'' [আলমাবসুত, সারাখসি— ১০/১১৪]

এ বিষয়টাকেই আল্লামা কাসানি রহ. আরো বিস্তারিত করে এভাবে বলেছেন, "কোনো রাষ্ট্রে কুফরের আহকাম-বিধিবিধান প্রকাশিত হলে তা দারুল কুফর হয়ে যায়।... রাষ্ট্র শুধু কুফরের বিধানাবলী প্রকাশিত হওয়ার দ্বারাই দারুল কুফর বলে গণ্য হয়।" [বাদায়িউস সানায়ি— ৯/৪৩৭৫; আরো দেখুন— আহকামুদ দিয়ার, আবিদ সুফয়ানি— ১৫]

বোঝা গেলো, কোনো রাষ্ট্র দারুল হারব (অন্য শব্দে— দারুল কুফর, দারুশ শিরক) হিসেবে সাব্যস্ত হওয়ার জন্য লড়াই-যুদ্ধ চলমান থাকা অপরিহার্য নয়। এজন্যই হাম্বলি ফকিহগণ বলেন, "হারবি শব্দটা হারবের দিকে সম্পর্কিত। হারব অর্থ— কিতাল (লড়াই), তেমনি এর অর্থ দূরত্ব এবং বিদ্বেষও। তো দারুল হারব

অর্থ হলো এমন রাষ্ট্র, যার সাথে মুসলমানদের দূরত্ব কিংবা মুসলমানদের প্রতি রয়েছে যার বিদ্বেষ। হারবিকে হারবি এই দ্বিতীয় অর্থ, তথা দূরত্ব এবং বিদ্বেষ— এর বিচারেই বলা হয়। কার্যত যুদ্ধে লিপ্ত থাকা জরুরি নয়। [আলমুতলি' আলা আবওয়াবিল মুকনি', বা'লি— ২২৬]

উম্মাহর ফকিহগণের আলোচনা থেকে তো স্পষ্ট অনুমিত হয়, দারুল ইসলাম এবং দারুল হারবের বাইরে আর কোনো বিভক্তি তাদের দৃষ্টিতে ছিলো না। সমগ্র পৃথিবী দু'ভাগে বিভক্ত; একভাগের নাম দারুল ইসলাম, আরেক ভাগের নামের দারুল হারব। তৃতীয় আর কিছু নেই। এ ব্যাপারে উম্মাহর বিদগ্ধ ফকিহণের ঐকমত্য রয়েছে। এখানে আমরা দৃষ্টান্তস্বরূপ কয়েকজনের বক্তব্য উদ্ধৃত করছি।

কাজি আবু ইয়া'লা রহ. বলেন, "প্রত্যেক এমন ভূখণ্ড যেখানে বিজয় কুফরের নয়, ইসলামের বিধান-সংবিধানের, তা দারুল ইসলাম। আর প্রত্যেক এমন ভূখণ্ড যেখানে বিজয় ইসলামের নয়, কুফরেরর বিধান-সংবিধানের, তা দারুল কুফর। ব্যতিক্রম হলো গোমরাহ কাদারিয়্যাদের বক্তব্য। তারা বলে, যে ভূখণ্ডে পাপিষ্ঠদের প্রাধান্য, কাফির বা মুসলিমদের নয়, তা দারুল কুফর নয়, দারুল ইসলামও নয়; তা হলো দারুল ফিস্*ক। এ বক্তব্যের ভিত্তি হলো, তাদের সেই মূলনীতি— 'মানযিলাতুন বাইনাল মানযিলাতাইন' (ইসলাম এবং কুফরের মাঝে আরেকটি স্তর)। আমাদের দলিল ইমানের অধ্যায়ে বিগত হয়েছে। শরিয়তের মুকাল্লাফ যারা তাদের তো এ কয়েকটি অবস্থাই হতে পারে—

১. কাফির

২. মুমিন— পরিপূর্ণ ইমানের অধিকারী বা ত্রুটিপূর্ণ ইমানের অধিকারী।

তো সকল মানুষ হয়তো মুমিন, কিংবা কাফির। এমন তো হতে পারে না যে, কোনো শরিয়তের মুকাল্লাফ মানুষ মুমিনও নয়, আবার কাফিরও নয়। (উল্লেখ্য, মুনাফিক আলাদা কিছু নয়। তারা তো কাফিরদের সর্বনিম্ন শ্রেণি। চিরস্থায়ী জাহান্নামী। জাহান্নামের সবচে নিম্নসতরে হবে তাদের বসবাস।) তেমনিভাবে 'দার'ও দুই অবস্থা থেকে মুক্ত হবে না। হয়তো তা দারুল কুফর হবে, কিংবা তা দারুল ইসলাম হবে। {আলমু'তামাদ ফি উসুলিদ দীন, আবু ইয়া'লাঃ ২৭৬}

আল্লামা ইবনু মুফলিহ রহ. বলতেন, "প্রত্যেক এমন ভূখণ্ড, যেখানে ইসলামের বিধিবিধান প্রতিষ্ঠিত, তা দারুল ইসলাম। আর যদি কোনো ভূখণ্ডে কুফরি বিধিবিধান প্রতিষ্ঠিত থাকে, তাহলে তা দারুল কুফর। এদু'য়ের বাইরে আর কোনো দার নেই।'' {আরো দেখুন— আহকামু আহলিয যিম্মাহ, ইবনুল কায়্যিমঃ ১/৪৭৫-৪৭৬}

হাঁ, তৃতীয় আরেকটি 'দারে'র অস্তিত্বের বর্ণনা আমরা পাই ইউরোপীয় ও প্রাচ্যবিদ গবেষকদের কাছে। তারা এটাকে 'দারুল আহ্*দ' নামে, কেউ 'দারুল আমান' নামে, কেউ 'দারুল মুওয়াদায়াহ' নামে উল্লেখ করেন। {দেখুন— ইকতিশাফুল মুসলিমিন লি উরুব্বা, বার্নাড লুইসঃ ৬৯; আততাকসিমুল ইসলামি লিল মা'মুরাহ, ড. মুহিউদ্দিন কাসিম; ৪৯; মানহাজুল ইসলাম ফিল হারব ওয়াস সালাম, ড. উসমান জুমআহ যামিরিয়্যাহঃ ৫৮}

সর্বপ্রথম আমরা এই বন্টন দেখতে পাই 'দায়িরাতুল মা'আরিফ আলইসলামিয়া'র (Islamic Encyclopedia) লেখকদের কাছে। এরপর বিদগ্ধ গবেষকদের মধ্যে এই আলোচনার সূত্রপাত করেন ড. নজিব (আশশারুদ দুওয়ালি ফিল ইসলামঃ ৫০)। তারপর একে আরো শক্তিশালী করেন শায়খ আবু যুহরা (আলআলাকাতুদ দুওয়ালিয়্যাহঃ ৫৫; নাযরিয়্যাতুল হারবঃ ১৪)। একই চিন্তা লালন করেন ড. ওয়াহবা যুহায়লি, ড. মুহাম্মাদ দাসুকি, ড. আব্দুল হামিদ আলহাজ, ড. মাজিদ, উস্তাদ আল্লাল আলফাসি আলমাগরিবি

{দেখুন— আসারুল হারবঃ ১৭৫-১৭৬; আলআলাকাতুদ দুওয়ালিয়্যাহঃ ১০৭-১০৮; আলইমাম মুহাম্মাদ ইবনুল হাসান ওয়া আসারুহু ফিল ফিকহঃ ৩৩০; আননুযুমুদ দুওয়ালিয়্যাহঃ ১৮২-১৮৩; আলকানুনুদ দুওয়ালি আলইসলামিঃ ২২-২৩; মাকাসিদুশ শারিয়াহ ওয়া মাকারিমুহাঃ ২২৯}

আমাদের ইমামগণের মতে দারুল হারব দুই প্রকার।

১. এমন দারুল হারব, যার সঙ্গে মুসলমানদের কোনো চুক্তি নেই। এটা হলো দারুল খাওফ— অর্থাৎ, ভয়ের শহর। যেখানে মুসলমানরা নিরাপদ নয়।

২. এমন দারুল হারব, যার অধিবাসীরা মুসলমানদের সঙ্গে মুসলমানদের নিরাপত্তা চুক্তি করেছে। এটাকে আমরা দারুল আমান, দারুল আহদ বা দারুল মুওয়াদাআহ

বলতে পারি। এই রাষ্ট্র যদিও ইসলামি রাষ্ট্র নয়, কিন্তু সেখানে চুক্তির কারণে মুসলমানরা নিরাপদ। যেমন ছিলো রাসুলের যুগে নাজাশির রাষ্ট্র হাবাশাহ (ইথিওপিয়া)।

দ্বিতীয় প্রকারটিকেও আমাদের মহান ইমামগণ দারুল হারবের মাঝেই গণ্য করেছেন। তারা এটাকে স্বতন্ত্র কোনো 'দার' নয়, বরং দারুল হারব গণ্য করেই এর ভিত্তিতে অনেক মাসআলা এবং ফতোয়া প্রদান করেছেন।

ইমাম মুহাম্মাদ রহ. বলেন, "দারুল হারবের দেশসমূহের কোনো দেশের অধিবাসীরা যদি মুসলমানদের সঙ্গে এই মর্মে চুক্তবদ্ধ হয়, তারা প্রতি বছর মুসলমানদের খারাজ বা নির্দিষ্ট পরিমাণ অন্য কোনো কর প্রদান কর প্রদান করবে এই শর্তে যে, মুসলমানরা তাদের ওপর ইসলামের বিধিবিধান প্রয়োগ করবে না, এবং তারা যিম্মিও হয়ে যাবে না— এরপর তাদের কেউ এই চুক্তির ভিত্তিতে অনেক ধনসম্পদ নিয়ে দারুল ইসলামের উদ্দেশে বের হয়, তাহলে সে নিরাপত্তাপ্রাপ্ত।"

ইমাম সারাখসি রহ. এর ইল্লত (Cause) বর্ণনা করেন, "যে লোকটি দারুল ইসলামের উদ্দেশে বেরিয়েছে, সে তার অবস্থানুযায়ী হারবি, যিম্মি নয়, তবে সে নিরাপত্তাপ্রাপ্ত। কেননা চুক্তিবদ্ধ নাগরিকদের ওপর ইসলামের বিধান প্রয়োগ হয় না। ... এই চুক্তির দ্বারা তাদের দেশ দারুল ইসলাম হয়ে যায়নি, যেহেতু সেখানে ইসলামের বিধিবিধান কার্যকর করা হয়নি। তা দারুল হারবই থেকে যায়।" {আসসিয়ারুল কাবির মা'আ শরহিস সারাখসিঃ ৫/২১৫৭, ২১৬৫}

ইমাম মুহাম্মাদ রহ. আরো বলেন, "চুক্তিকারীদের কোনো নাগরিক তাদের দেশে (দারুল মুওয়াদাআহ-তে) অপর কোনো নাগরিককে হত্যা করলে তার ওপর কিসাস কার্যকর হবে না। আর যদি আমাদের রাষ্ট্রে (দারুল ইসলামে) কোনো মুসতামিন অপর কোনো মুসতামিনকে হত্যা করে, তবে তার ওপর কিসাস অপরিহার্য হবে।"

ইমাম সারাখসি রহ. এর ইল্লত (Cause) বর্ণনা করেন, "কেননা চুক্তিকারীরা ইসলামের বিধিবিধান নিজেদের ওপর অপরিহার্য করে নেয়নি। কেননা তারা চুক্তিই করেছে এই মর্মে যে, তাদের ওপর ইসলামের বিধিবিধান কার্যকর করা হবে না।

তাই তাদের রাষ্ট্র পূর্বের মতো দারুল হারবই থাকবে।" {আসসিয়ারুল কাবির মা'আ শরহিস সারাখসিঃ ৫/১৮৫৭, ১৮৯৩}

তিনি আরো বলেন, "কেননা যখন তারা ইসলামের বিধানের সামনে নতি স্বীকার করেনি, তখন চুক্তি করার দ্বারা চুক্তিকারী হলেও তারা 'হারবি'র কাতার থেকে বেরিয়ে যায়নি। তুমি দেখছো না, কৃত চুক্তির মেয়াদ গত হলেই তো পুনরায় তারা (কাট্টা) হারবিই হয়ে যাবে।" {শরহুস সিয়ারিস সগির, আলমাবসুতের অন্তর্ভুক্তঃ ১০/৮৮-৮৯, ৯৭}

আধুনিক বিশ্লেষকদের বক্তব্যের সারকথা

এবার আমরা বর্তমান বিশ্লেষকগণের বক্তব্যের দিকে একটু দৃষ্টিপাত করি। সংক্ষিপ্ত পরিসরে সবার বক্তব্য উদ্ধৃত করা তো সম্ভব নয়। তাই সূত্রগুলো উল্লেখ করে দিয়েছি। কেউ চাইলে সেখান থেকে দেখে নিতে পারবে। তবে সংক্ষেপে তাদের বক্তব্যগুলোর মৌলিক কয়েকটি পয়েন্টের পর্যালোচনা উল্লেখ করার প্রয়াস পাবো।

১. তৃতীয় কোনো 'দার' এর অস্তিত্ব গণ্য করা মহান ইমাম এবং ফকিহণের ঐকমত্যের বিপরীত। সন্ধিকারীরা ইসলামের বিধিবিধানের অনুগত হলে তাদের রাষ্ট্র ইসলামি রাষ্ট্র হিসেবেই গণ্য হবে, তাতে মুসলমানের সংখ্যা যতো কমই হোক কিংবা মোটেও তাদের অস্তিত্ব না থাক। আর যদি তারা ইসলামের বিধান-সংবিধান এবং ইসলামি শাসনক্ষমতার সাথে একমত না হয়, তাহলে তা দারুল হারব। এর বাইরে আর কোনো সুরত নেই।

২. কেউ কেউ ইমাম শাফেয়ি এবং তার শাগরেদদের বক্তব্য দ্বারা এই তৃতীয় 'দার'কে প্রমাণ করতে চান। ইমাম শাফেয়ি তো এক্ষেত্রে বড়ই মাজলুম। পূর্বের পর্বে আলোচনা করে এসেছি, একশ্রেণির অথর্ব ইমাম শাফেয়ির বক্তব্য বিকৃত করে পুরো দুনিয়াকে এক 'দার' হিসেবে অভিহিত করতে চায়। তারা দারুল ইসলাম এবং দারুল হারবের বিভক্তিকেই স্বীকার করে না। এই আরেক শ্রেণি তার বক্তব্যকে অপাত্রে প্রয়োগ করে, পুরো দুনিয়াকে তিন 'দার' বানাতে চায়। তবে মজার বিষয়, তারা তার বক্তব্যকে হুবহু উদ্ধৃত করেন না। এই অভিমতকে শুধু তার দিকে নিসবত করেই ক্ষান্ত হন। আল্লাহ জানেন, সামনে কে এসে কীভাবে আরো বিকৃত করে।

৩. কেউ কেউ তো ইমাম মুহাম্মাদ এবং কাজি আবু ইয়া'লা রহ. এর দিকেও এই সারহীন অভিমতকে নিসবত করে। ওপরে তো আমরা তাদের সুস্পষ্ট বক্তব্য উল্লেখ করেই এসেছি। কাজি আবু ইয়া'লা রহ. তো পরিষ্কার ভাষায় তৃতীয় 'দারে'র অস্তিত্ব অস্বীকার করছেন।

৪. কেউ ইবনে তাইমিয়া রহ. এর একটি ফতোয়াকে কাজে লাগাতে চেয়েছেন। আমাদের এই সিরিজের তৃতীয় পর্বে আমরা সে সম্পর্কে আলোচনা করে এসেছি।

৫. কেউ মাওয়ারদি রহ. এর একটি বক্তব্য থেকে ভুল বুঝে বা অপাত্রে প্রয়োগ করেও এই মাকসাদ হাসিল করেছেন। তবে এই তৃতীয় 'দারে'র অস্তিত্বের প্রথম ঘোষক প্রাচ্যবিদ মহোদয়গণ এতোটা বে-ইনসাফ হননি। তারা পর্যন্ত মাওয়ারদি রহ. এর বক্তব্য দ্বারা যে তৃতীয় কোনো 'দারে'র অস্তিত্ব প্রমাণিত হয় না— স্বীকার করেছেন।

৬. হাবাশাকে তৃতীয় 'দারে'র পক্ষে প্রমাণস্বরূপ উল্লেখ করা ইলমি অগভীরতার প্রমাণ বহন করে। কেননা হাবাশায় ইসলামের বিধিবিধান প্রতিষ্ঠিত ছিলো না, তাই তা দারুল হারব। হাঁ, সেখানে মুসলমানদেরকে নিরাপত্তা প্রদান করা হয়েছে। এর কারণে তা দারুল হারব থেকে বেরিয়ে যাওয়ার কোনো কারণ নেই। কেননা আমরা ওপরে বলে এসেছি, দারুল হারব দু'ধরনের— দারুল খাওফ (যেখানে মুসলমানরা নিরাপদ নয়) এবং দারুল আহদ, দারুল মুওয়াদাআহ বা দারুল আমান (যেখানে মুসলমানরা নিরাপদ)।

'দারে'র ভিন্নতার কারণে আহকামের ভিন্নতা

'দারে'র ভিন্নতার কারণে কি আহকামে ভিন্নতা আসে? দারুল ইসলামের বিধান এবং দারুল হারবের বিধান কি অভিন্ন থাকে না ভিন্ন হয়?

এ মাসআলার সমাধানে ইমামগণের দু'ধরনের অভিমত।

১. ইমাম আবু হানিফা এবং ইমাম মুহাম্মাদ রহ. এর মতে 'দারে'র ভিন্নতা আহকামের ভিন্নতা অপরিহার্য করে। কেননা বাস্তবে কিংবা হুকুমের বিচারে (এর ব্যাখ্যা সামনে আসবে ইনশাআল্লাহ) 'দার' ভিন্ন হওয়াটা মৃত্যুর সমপর্যায়ের। আর মৃত্যু মালিকানা বিচ্ছিন্ন করে দেয়। তেমনি 'দারে'র ভিন্নতাও মালিকানা বিচ্ছিন্ন করে দেয়। কেননা মালিকানা সাব্যস্ত হয় অধিকৃত বস্তুর ওপর কবজার দ্বারা। আর

বাস্তবে কিংবা হুকুমের বিচারে 'দার' ভিন্ন ভিন্ন হওয়া কবজার যোগ্যতা নষ্ট করে দেয়। বাস্তবে কবজা নষ্ট হয় মালিকের অধিকার থেকে বেরিয়ে যাওয়ার মাধ্যমে। আর হুকুমের বিচারে কবজা নষ্ট হয় ব্যক্তির হাত থেকে হস্তক্ষেপের অধিকার বিনষ্ট হওয়ার মাধ্যমে।

২. ইমাম শাফেয়িসহ অধিকাংশ ইমামের মতে 'দারে'র ভিন্নতা আহকামে ভিন্নতা আনে না। কেননা 'দার' আর জায়গার তো কোনো আহকাম নেই। আহকাম তো সব আল্লাহ তাআলা প্রদত্ত। আর ইসলামের দাওয়াত কাফিরদের ওপরও ব্যাপক, তারা তাদের দেশে থাক কিংবা অন্য কোথাও। {তাখরিজুল ফুরু' আলাল উসুল, যানজানি— ২৭৭-২৮৭; তাসিসুন নাযার, দাবুসি— ৭৯-৮০; বাদায়িউস সানায়ি'— ৯/৪৩৭৬}

এই ব্যাপক উসুলের আলোকে অগণিত শাখা এবং অসংখ্য মাসায়িল বের হয়। কিছু আহকাম পররাষ্ট্রনীতির সাথে সম্পৃক্ত আর কিছু স্বরাষ্ট্রনীতির সাথে সম্পৃক্ত। আমরা এখানে একটি ব্যাপক মূলনীতি এবং কয়েকটি মাসআলা আলোচনা করবো, যার বিধান 'দারে'র ভিন্নতার কারণে পরিবর্তিত হয়।

দারুল হারবে অবস্থানরত হারবিদের সাথে মুসলমানদের আচরণ-রীতি

দারুল হারবে 'আমান' (নিরাপত্তা) নিয়ে প্রবেশকারী মুসলমানের আচরণ-রীতি এবং মুআমালা কেমন হবে সে সম্পর্কে ইমাম মুহাম্মাদ রহ. একটি ব্যাপক মূলনীতি বলে দিয়েছেন। তিনি বলেন, "কোনো মুসলমান ব্যক্তি 'আমান' নিয়ে যখন দারুল হারবে প্রবেশ করে, তখন তার জন্য এই নিরাপত্তাচুক্তি লঙ্ঘন করা, প্রতিশ্রুতি ভঙ্গ করা এবং তাদেরকে ধোঁকা দেয়া বৈধ নয়। তার ওপর অপরিহার্য তাদের সাথে কৃত অঙ্গীকার পূর্ণ করা, যেমনিভাবে তারা তাদের অঙ্গীকার পূর্ণ করে। আর সে যখন তাদের হাতে বন্দি হিসেবে থাকবে, তখন সে 'আমান' গ্রহণকারী নয়। তার অধিকার আছে, সে যতো পারে তাদেরকে হত্যা করবে, যতোটুকু পারে তাদের ধনসম্পদ ছিনিয়ে নিবে।" {কিতাবুল আসল, সিয়ার অধ্যায়— ১৩৮; আসসিয়ারুল কাবির— ৪/১৪৮৬}

হানাফি ফকিহগণ ইমাম মুহাম্মাদের এই বক্তব্যের ব্যাখ্যা এভাবে করেছেন— যখন কোনো মুসলমান ব্যবসা বা অন্য কোনো কাজে 'আমান' নিয়ে দারুল হারবে প্রবেশ করে, তখন তার জন্য তাদের জান মাল বা সম্মানের কোনো ক্ষতি করা বৈধ নয়। কেননা যখন সে 'আমান' নিয়ে প্রবেশ করেছে, তখন তার এই 'আমানে'র মাঝেই এ বিষয়টা রয়েছে যে, সে তাদেরকে ধোঁকা দিবে না, তাদের কোনোপ্রকার ক্ষতি করবে না, তাদের মনোতুষ্টি ছাড়া তাদের মালিকানাধীন কোনোসম্পদ ভোগদখল করবে না। যখন সে এর ব্যতিক্রম করলো, তখন তো নিরাপত্তাচুক্তি লঙ্ঘন এবং অঙ্গীকার ভঙ্গ হিসেবে ধর্তব্য হবে। এ তো সুস্পষ্ট হারাম। অসংখ্য নসে এর নিষিদ্ধতা বর্ণিত হয়েছে। যদি সে তাদেরকে ধোঁকা দিয়ে তাদের সম্পদ ছিনিয়ে আনে, এবং দারুল ইসলামে তা নিয়ে প্রবেশ করে তাহলে জেনেশুনে কোনো মুসলমানের জন্য তার থেকে সেই বস্তু কেনা জায়িয নয় (মাকরুহে তাহরিমি)। কেননা সে নিষিদ্ধ পন্থায় এই বস্তুর মালিকানা লাভ করেছে। এটা খাবিস উপার্জন। সদকা করার দ্বারা নিজের মালিকানা থেকে বের করে দেয়া ওয়াজিব।

তবে এই মূলনীতির থেকে ব্যতিক্রম ক্ষেত্রও রয়েছে, যখন সম্পদ ছিনিয়ে নেয়া, হারবি হত্যা করা জায়িয হয়ে যায়, তবে সেক্ষেত্রেও সম্ভ্রমহানি করা যাবে না। এটা তখন, যখন কাফিরদের সরকার তাকে ধোঁকা দিয়ে বন্দি করে অথবা তার অর্থসম্পদ ছিনিয়ে নেয়, অথবা রাষ্ট্রের প্রজাদের কেউ তাকে ধোঁকা দেয়, কিন্তু সরকারপ্রধান অপরাধীকে বারণ করে না, তাহলে এটাও সরকারের সম্মতিতে সংঘটিত হয়েছে বলেই ধর্তব্য হবে, তখন এই মুসলমানের জন্য হারবিদেরকে হত্যা করা, তাদের ধনসম্পদ ছিনিয়ে নেয়া বৈধ হবে। {দেখুন— আলমাবসুত— ১০/৬৫, ৯৬; শরহুস সিয়ারিল কাবির— ৪/১১৫-১১৬; আররাদ্দু আলা সিয়ারিল আওযায়ি— ১২৬; আলহিদায়াহ ওয়া শুরুহুহা— ৪/৩৪৭-৩৪৮; মাজমাউউল আনহুর এবং আদদুররুল মুনতাকা— ১/৬৫৫; আলফাতাওয়াল হিন্দিয়া— ২/২৩২; তাবয়িনুল হাকায়িক— ৩/২৬৬; আলফুরুক, কারাবিসি— ১/৩২৫, ৩২৭; রাদ্দুল মুহতার— ৪/১৬৬; আললুবাব শরহুল কিতাব— ৩/১৩৪-১৩৫; ইখতিলাফুল ফুকাহা, তাবারি— ৬৩, ১৯২-১৯৪}

প্রসঙ্গঃ দারুল হারবে সুদের লেনদেন

পূর্বের পোস্টে আমরা 'দারে'র ভিন্নতার কারণে আহকামের ভিন্নতা এবং দারুল হারবে হারবিদের সাথে মুসলমানদের আচরণরীতি সম্পর্কে আলোচনা করেছি এবং সেখানে ইমাম মুহাম্মাদ রহ. এর বর্ণিত ব্যাপক মূলনীতি উদ্ধৃত করেছি। তার আলোকে আমরা ইনশাআল্লাহ ধারাবাহিকভাবে কয়েকটি মাসআলা আলোচনা করবো। আজ আলোচ্যবিষয়—

"দারুল হারবে সুদের লেনদেন"।

(উল্লেখ্য, বাংলা সুদের থেকে আরবি 'রিবা' শব্দটি অনেক ব্যাপক। এখানে বোঝার সুবিধার্থে সুদ শব্দ উল্লেখ করা হলো। এদুয়ের মাঝে পার্থক্য জানতে চাইলে সংশ্লিষ্ট স্থানে দ্রষ্টব্য।)

'দারে'র ভিন্নতার কারণে আহকামে ভিন্নতা আসে কি না সেই ইখতিলাফের ভিত্তিতে এই মাসআলায় ইমামগণের দু'ধরনের অভিমত রয়েছে। তবে কিছু বিষয়ে তাদের সকলের ঐকমত্যও রয়েছে। মূল আলোচনায় যাওয়ার পূর্বে আমরা উভয় ফরিকের ঐকমত্যের ক্ষেত্রগুলোর দিকে একবার দৃষ্টিপাত করি।

ক. সকল ইমাম ও ফকিহের সর্বসম্মত সিদ্ধান্ত— দারুল ইসলামে মুসলমানের জন্য সুদি লেনদেন করা বৈধ নয়, এবং এমন স্থানেও তা বৈধ নয়, যেখানে মুসলমানদের বিধিবিধান চলে, যেমন দারুল হারবে অবস্থানরত মুসলিম সেনাদল। চাই উক্ত লেনদেন কোনো মুসলমানের সাথে করা হোক, কিংবা কোনো যিম্মি বা মুসতামিন (দারুল ইসলামে অবস্থানরত নিরাপত্তাগ্রহণকারী হারবি) এর সাথে। কেননা কোনো মুসলমানের জন্য অমুসলিমদের সাথে শুধু সে লেনদেনগুলোই বৈধ, যা মুসলমানদের পরস্পরের মধ্যে বৈধ।

খ. তেমনি সকল ইমাম ও ফকিহের সর্বসম্মত সিদ্ধান্ত— দারুল হারবে কোনো মুসলমানের জন্য হারবিকে সুদ দেয়া বৈধ নয়, যেমনিভাবে দারুল ইসলামে তা বৈধ নয়। আর দারুল হারবে অবস্থানরত মুসলমানদের সাথে তার আচরণবিধি ঠিক তেমনই হবে, যেমন দারুল ইসলামে অবস্থানরত মুসলমানদের সাথে হয়। কেননা মুসলমান যেখানেই থাক, সে অবশ্যই ইসলামের বিধিবিধান মান্যকারী।

এরপর তৃতীয় বিষয়টিতে এসে ইমামগণের মাঝে মতানৈক্য হয়ে গেছে। কোনো মুসলমান যদি 'আমান' নিয়ে দারুল হারবে প্রবেশ করে, এরপর হারবিদের সাথে

সুদি চুক্তিতে ক্রয়-বিক্রয় বা অন্য কোনো লেনদেন করে আর সে হারবিদের থেকে সুদ গ্রহণ করে— এ সুরতে ইমাম আবু হানিফা, ইমাম মুহাম্মাদ, ইমাম আহমদের একটি বর্ণনা (শরহুয যারকাশি দ্রষ্টব্য, ইবনে তাইমিয়া রহ. এর ঝোঁকও এই বর্ণনার দিকে অনুমিত হয়।) এবং আরো কিছু সালাফের মতে, যেমন ইবরাহিম নাখয়ি, ইবনুল মাজিশুন এবং অন্য আরো ক'জনের মতে তা বৈধ হবে।

আর অধিকাংশ ইমাম ও ফকিহের মতে তা বৈধ নয়। নিচে আমরা ইমামগণের বক্তব্য এবং উভয় ফরিকের মৌলিক দলিলগুলোর প্রতি আলোকপাত করার প্রয়াস পাবো।

ইমাম আবু হানিফা ও ইমাম মুহাম্মাদ রহ. এর অভিমত

ইমাম মুহাম্মাদ রহ. বলেন, "মুসলমান যখন 'আমান' নিয়ে দারুল হারবে প্রবেশ করে, তখন তার জন্য হারবিদের মনোতুষ্টির সাথে তাদের সম্পদ গ্রহণ করা বৈধ— তা যে-কোনো পন্থায়ই হোক।" {আসসিয়ারুল কাবির— ৪/১৪১০, ১৪৮৬; কিতাবুল আসল, সিয়ার অধ্যায়— ১৮১}

ইমাম সারাখসি রহ. এর ইল্লত (Cause) বর্ণনা করেন, "কেননা 'আমান' নিয়ে প্রবেশ করার দ্বারাই তো আর হারবিদের অর্থসম্পদ সংরক্ষিত (معصوم) হয়ে যায় না। তবে সে 'আমান' চুক্তির দ্বারা এ অঙ্গীকার করে নিয়েছে যে, সে খেয়ানত করবে না। এজন্য খেয়ানত থেকে বেঁচে থাকা তার ওপর অপরিহার্য। যে-কোনো পন্থায় সে তাদের মনোতুষ্ট করে অর্থসম্পদ গ্রহণ করলে সে তো বৈধ পন্থায় তা গ্রহণ করেছে বলেই বিবেচিত হবে। সে কোনো ধোঁকা-প্রতারণার তো আশ্রয় নেইনি। এজন্য তার জন্য সেই সম্পদ পবিত্র বলে বিবেচিত হবে। বন্দি এবং 'আমান'গ্রহণকারী উভয়ের এক্ষেত্রে একই বিধান। এমনকি সে যদি এক দিরহামের বিনিময়ে দুই দিরহাম গ্রহণ করে, কিংবা অর্থের বিনিময়ে মৃত বস্তু বিক্রি করে, অথবা কিমার-জুয়ার পন্থায় তাদের থেকে অর্থসম্পদ গ্রহণ করে— এ সবই তার জন্য বৈধ বলে বিবেচিত হবে।

এটা পুরোটাই ইমাম আবু হানিফা এবং ইমাম মুহাম্মাদ রহ. এর অভিমত।

ইমাম সুফয়ান সাওরি রহ. বলেন, বন্দি মুসলিমের জন্য তা তো বৈধ হবে; কিন্তু 'আমান'গ্রহণকারী মুসলিমের জন্য তা বৈধ হবে না। ইমাম আবু ইউসুফ রহ. এরও একই মত।

তাদের জবাবে আমরা বলবো, বন্দির থেকে 'আমান'গ্রহণকারীর বিধানের ভিন্নতা তো শুধু হারবিদের মনোতুষ্টি ছাড়ার অর্থসম্পদ ছিনিয়ে নেয়ার ক্ষেত্রে। মনোতুষ্টির সাথে অর্থসম্পদ গ্রহণের ক্ষেত্রে 'আমান'গ্রহণকারীর বিধান বন্দির মতোই। কেননা তার ওপর শুধু এতোটুকু অপরিহার্য, সে তাদেরকে ধোঁকা দিবে না। আর মনোতুষ্টির সাথে অর্থসম্পদ গ্রহণের মাঝে তো কোনো ধোঁকা নেই। {শরহুস সিয়ারিল কাবির— ৪/১৪১০-১৪১১}

ইমাম মুহাম্মাদ রহ. আরো বলেন, "আমানগ্রহণকারী যদি তাদের কাছে এক বছর মেয়াদে দুই দিরহামের বিনিময়ে এক দিরহাম বিক্রি করে, এরপর আমাদের রাষ্ট্রে চলে আসে, তারপর পুনরায় তাদের কাছে ফিরে যায় অথবা সেই বছর চলে এসে মেয়াদ শেষ হওয়ার পর গিয়ে দিরহাম গ্রহণ করে, তাহলে কোনোই সমস্যা নেই। কেননা মুসলমানদের বিধিবিধান ওখানে চলে না। {আসসিয়ারুল কাবির— ৪/১৪৮৬; কিতাবুল আসল, সিয়ার অধ্যায়— ১৮১; শরহু মুশকিলিল আসার, তাহাবি— ৮/২৪৮}

ইমাম আবু হানিফা রহ. বলেন, কোনো মুসলমান যদি 'আমান' নিয়ে দারুল হারবে প্রবেশ করে, এরপর তাদের কাছে দুই দিরহামের বিনিময়ে এক দিরহাম বিক্রি করে, তাহলে এতে কোনো সমস্যা নেই। কেননা মুসলমানদের বিধিবিধান তাদের ওপর প্রয়োগ হবে না। তাই তাদের সন্তুষ্টির সাথে যে-কোনো উপায়ে তাদের সম্পদ গ্রহণ করা, তা বৈধ। {কিতাবুর রদ আলা সিয়ারিল আওযায়ি; কিতাবুর রাদ আলা মুহাম্মাদ, কিতাবুল উম— ৭/৩৭৮-৩৭৯}

এবার আমরা তাদের দলিলগুলোর দিকে দৃষ্টিপাত করি। এই মাসআলার ভিত্তি হাদিস আসার এবং কিয়াসের ওপর। ধারাবাহিকভাবে সবগুলো উল্লেখ করা হচ্ছে। ইমাম আবু হানিফা ও ইমাম মুহাম্মাদ রহ. এর দলিল

১ম দলিল—

ألا وإن كل ربا في الجاهلية موضوع لكم رءوس أموالكم لا تظلمون ولا تظلمون غيرربا العباس بن عبد المطلب فإنه موضوع كله

রাসুলুল্লাহ সা. বলেন, শোনো, জাহেলি যুগের সুদ বিলুপ্ত। তোমরা মূলধন পাবে। তোমরা জুলুম করবে না। তোমাদের ওপরও জুলুম করা হবে না। তবে আব্বাস ইবনে আব্দুল মুত্তালিবের সুদের কথা ভিন্ন। কেননা তা পুরোটাই বিলুপ্ত। {সহিহ মুসলিম— ১২১৮ (১৪৭); সুনানে ইবনে মাজাহ— ৩০৭৪; সুনানে তিরমিযি— ৩০৮৭। ইমাম তিরমিযি বলেন, এই হাদিসটি হাসান সহিহ।}

আব্বাস রা. এর ইসলামগ্রহণের সময় নিয়ে ঐতিহাসিকদের মাঝে মতভিন্নতা রয়েছে। কেউ বলেন, তিনি বদর যুদ্ধের পূর্বে ইসলামগ্রহণ করেছেন। আর কারো বক্তব্য হলো, বদরযুদ্ধে তিনি বন্দি হয়েছেন। এরপর ইসলামগ্রহণ করেছেন। অনন্তর রাসুলুল্লাহ সা. সকলের অনুমতি নিয়ে তাকে মক্কায় ফিরে যাওয়ার অনুমতি দিয়েছেন। তো ইসলামগ্রহণের পর থেকে মক্কা বিজয় পর্যন্ত তিনি মক্কায় অবস্থানরত ছিলেন। মক্কা বিজয় পর্যন্ত সেখানে তিনি সুদি লেনদেন করতেন। অথচ সুদ হারাম হওয়ার বিধান মক্কা বিজয়ের অনেক আগেই নাযিল হয়েছে। খায়বারের দিন রাসুলুল্লাহ সা. দুই সাদ রা. (সাদ ইবনে আবি ওয়াককাস এবং সাদ ইবনে উবাদা) এর উদ্দেশ্যে বলেছেন—

أربيتما فردا

